২৪ পাতার সংখ্যা

দাম : ৪ টাকা

কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 34 ■ Issue No. 33 ■ 14th August 2021 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

৭৫তম স্বাধীনতা দিবসে
কর্মসংস্থান পত্রিকার পাঠক, বিজ্ঞাপনদাতা, সংবাদপত্র বিক্রেতা ও শুভানুধ্যায়ীদের জানাই শুভ ইচ্ছা।

শিল্প উন্নয়ন ব্যাঙ্কে ৯২০ এক্সিকিউটিভ

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা : ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আই. ডি. বি.আই.) 'এক্সিকিউটিভ' পদে ৯২০ জন ছেলেমেয়ে নিচ্ছে।
মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২১'র হিসাবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৬ থেকে ১-৭-২০০১'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

☞ এরপর ১৭ পাতায়

৩ বাহিনীতে ৩৩৯ অফিসার

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা : ভারতীয় স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৯ মাস থেকে ২ বছর ১১ মাস ট্রেনিং দিয়ে অফিসার পদে ৩৩৯ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব বিভাগে : ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৮ থেকে ১-৭-২০০৩'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৫৩তম কোর্সে ট্রেনিং শুরু ২০২২ সালের জুলাইয়ে। শূন্যপদ : ১০০টি। এর মধ্যে এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট প্রাপ্তদের জন্য ১৩টি।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) : যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা

☞ এরপর ১৭ পাতায়

স্কুলে ১০ হাজার গ্রুপ 'ডি', ক্লার্ক ও লাইব্রেরিয়ান নেওয়া হবে

নিজস্ব সংবাদদাতা : পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে পশ্চিমবঙ্গের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও জুনিয়র হাই স্কুলে নন-টিচিং স্টাফ যেমন, 'গ্রুপ-ডি (ল্যাব অ্যাটেন্ড্যান্ট, নাইট গার্ড, পিওন, হেল্পার, ম্যাট্রন), 'ক্লার্ক' ও 'লাইব্রেরিয়ান' পদে প্রায় ১০ হাজার শূন্যপদে লোক নেওয়ার বিজ্ঞপ্তি বেরোচ্ছে। রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সেক্রেটারি 'কর্মসংস্থান'কে জানান, স্কুলে ক্লার্ক, গ্রুপ-ডি ও লাইব্রেরিয়ান পদে লোক নেওয়ার তোড়জোড় চলছে। পুজোর আগেই বিজ্ঞপ্তি বেরোনো সম্ভাবনা

☞ এরপর ১৭ পাতায়

১২৫ ফিল্ড অফিসার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকার ও হিমাচল সরকারের যৌথ উদ্যোগে তৈরি এস.জে.ভি.এন. লিমিটেড ফিল্ড অফিসার, জুনিয়র ফিল্ড অফিসার পদে ১২৫ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
ফিল্ড অফিসার : যে কোনো

☞ এরপর ১৩ পাতায়

ভারত ইলেক্ট্রনিক্সে ৫১১ ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার-I' ও 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-I' পদে ৫১১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
ট্রেনি ইঞ্জিনিয়ার-I : ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক.) কোর্স পাশরা প্রথম শ্রেণির নম্বর (তপশিলী,

☞ এরপর ১৩ পাতায়

বায়ুসেনাতে ১৯২ ক্লার্ক, স্টোরকীপার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারতীয় বিমানবাহিনীর বিভিন্ন স্টেশন / ইউনিটে কাজের জন্য বিভিন্ন পদে ১৯২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :
সুপারিন্টেন্ডেন্ট (স্টোর) : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। স্টোর ও অ্যাকাউন্টিংয়ের কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়।
লোয়ার ডিভিশন ক্লার্ক (LDC) : উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি বা, ম্যানুয়াল টাইপরাইটারে অন্তত ৩০টি (অনুরূপভাবে ঘণ্টায় অন্তত ১০,৫০০ কী ডিপ্রেশনে গতি থাকতে হবে) শব্দ তোলার গতি থাকলে যোগ্য।
স্টোরকীপার : যে কোনো শাখার

☞ এরপর ৪ পাতায়

৯০ অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা : হিন্দুস্তান আরবারাক অ্যান্ড রসায়ন লিমিটেড জুনিয়র ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট, ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র স্টোর্স অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, কোয়ালিটি অ্যাসিস্ট্যান্ট পদে ৯০

☞ এরপর ৪ পাতায়

ডাকবিভাগে কমিশন এজেন্ট

নিজস্ব সংবাদদাতা : ভারতীয় ডাক বিভাগের পূর্ব কলকাতা ডিভিশন, বারাসাত ডিভিশন ও নদিয়া দক্ষিণ ডিভিশন পোস্টাল লাইফ ইনসিওরেন্স প্রোডাক্ট

☞ এরপর ১৭ পাতায়

এম.বি.এ কোর্সে ভরতির 'ক্যাট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টের কলকাতা, আহমেদাবাদ, ব্যাঙ্গালোর, বুদ্ধ গয়া, ইন্দোর, জম্মু, কাশিপুর, কোজিকোড়, নাগপুর, রাঁচী, রোটক, সম্বলপুর, শিরমাউর, তিরুচিরাপল্লী, উদয়পুর, বিশাখাপত্তনম ও লক্ষ্ণৌয়ে'এ 'ম্যানেজমেন্টের পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা' কোর্সে ভরতির 'ক্যাট (CAT)' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।
কলকাতার ডায়মন্ডহারবার রোডের জোকার ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টে পড়ানো হবে ম্যানেজমেন্টের পোস্টগ্র্যাজুয়েট কোর্স (MBA). (২) আই.আই.এম.

☞ এরপর ১৭ পাতায়

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

H.S পাশ?
নার্সিং (GNM/B.Sc) W.B/B'lore/Orissa
ফার্মাসি (D/B Pharm) W.B/B'lore/Orissa
D.El.Ed.(2020-22), B.Ed. B.P.Ed. ভর্তি চলিতেছে
6597133465 / 9331920610

স্কুল-কলেজ-শিক্ষা

প্রাথমিক/উচ্চ-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকতা করার জন্যে জরুরি D.EL.ED. কোর্সে পঠন-পাঠনের জন্য সোনারপী বিবেকানন্দ Inst. ফর পিটিটি (দক্ষিণ ২৪ পরগণা) তে online-এ ভর্তি চলছে। শেষ তারিখ : 14/08/2021. Website : wbbprimaryeducation.org. M : 7044958595. Lockdown-এর সময় online ক্লাসের ব্যবস্থা। SA

LL.B (3 yrs) যে কোন বয়সে। যোগ্যতা : যে কোন গ্রাজুয়েট ও 45% নম্বর, SC/ST-40%, OBC-42%, কম্পায়েন্ট 9830132343 S

ATTITUDE ACADEMY
Admission for Work Integrated Vocational Degree Courses
- Bachelor in Medical Lab Technology
- Bachelor in Software Development
- Bachelor in Marketing (BBA)
- Bachelor in Agriculture

ADMISSION FEES RS. 4000/-
9007606331/9433026662
www.attitude.net.in

স্কুল-কলেজ-শিক্ষা

ভারত সরকার স্বীকৃত নার্সিং ট্রেনিং কলেজ (বালিগঞ্জ)-এ ভর্তির বিজ্ঞপ্তি
2 Years BSS প্র্যাক্টিক্যাল নার্সিং (Govt. of India) ট্রেনিং-এ সরাসরি ভর্তি চলছে। যোগ্যতা : মাধ্যমিক /উঃ মাধ্যমিক। ট্রেনিং-এর শেষে চাকরি। Installment-সহ অন্যান্য সুযোগ সুবিধা। Apollo Care Institute, Campus-Ballygunge : 97326 84328, 62903-05925. www.nursingtrainingkolkata.com
Principal
SH

On/Off line মাসিক কোচিং CGL, WBCS, Rail, Police, TET & Comb. Chapter ধরে করানো হয়। M : 9073447917 SH

কর্মখালি

ঘরে বসে হাতে লিখে মাসে 8,000-12,000/- আয় করুন। ডাকযোগে বাড়িতে বসে কাজ পাবেন। M - 7449730118 R

ERP Operator
A reputed Construction Company requires "Web Based ERP Software-Operator" for their office & Construction sites in North Bengal. Candidates well versed in internet & cloud computing may send their resume to - Email: job@dkppl.com or Contact to: +9197499-99202. SH(A)

উচ্চ-মাধ্যমিকের পরে উচ্চশিক্ষার জন্য
ব্যাঙ্গালোর, আসানসোল ও পশ্চিমবঙ্গের সেরা কলেজে ভর্তি চলিতেছে
MBBS Admission in India and others country
GNM (শুরু 2.8 Lac থেকে) B.Sc. (শুরু 4.2 Lac থেকে) নার্সিং
ভালো কলেজে ভর্তি হতে হলে সত্বর যোগাযোগ করুন
B.Pharm | D.Pharm | BDS | Paramedical | BAMS
যোগাযোগের ঠিকানা : শাশ্বতী কনশালটেন্সি
Mob.- 9733336367, 8343936307
Howrah Office : 8902599106
Bankura Office : 9064184978
পশ্চিমবঙ্গের প্রতিটি ব্লক ভিত্তিক প্রতিনিধি চাই

কর্মখালি

Airport ও ব্যাঙ্ক
পশ্চিমবঙ্গ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন : 20,500/- – 49,300/- সত্বর যোগাযোগ M : 8370973209 SA

Fixed Job! ম্যানেজার ও ডিভিশন ম্যানেজার পদে 38 মাধ্যমিক+, অনূর্ধ্ব 30 আয় 14,200/-, 9007166809, 7003607387 SG

জেলাভিত্তিক স্থায়ী কাজ
বিভিন্ন Pvt. কোম্পানি, ফ্যাক্টরি, অফিস, শপিং মল, টাওয়ার CO., ATM-এ কর্মী নিয়োগ। বেতন : 12,500-22,500. Mob : 7047680438 SA

DIRECT ADMISSION
আইনজীবি হতে চান?
ভর্তি হন সরাসরি
- LL.B (3 yrs.) যোগ্যতা : গ্রাজুয়েট
- B.A.LL.B (5 yrs.) যোগ্যতা : H.S পাস
- LLM যোগ্যতা : LAW গ্রাজুয়েট

BCI Govt. Approved College
Institute of Legal & Professional Studies
(An Unit of ISO 9001 : 2015 Certified Institute)
8972046553, 9830687078
8334081245 8972046553
8334081245 8116131802
visit us : www.ilps.org.in

কর্মখালি

হোটেল ম্যানেজমেন্ট
কেন্দ্র ও রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় 7 দিন ট্রেনিং করে ভবিষ্যত গড়ুন। খরচ- 9000/- 7 দিন পর থেকেই আয় 9000/- সঙ্গে থাকা-খাওয়া ফ্রি। ক্রমোন্নতি। গড়িয়া - 9231680651 CM

সরাসরি কর্মী নিয়োগ
প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., শপিং মলে, Pvt. Co., ফ্যাক্টরি, স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500-22,500. M : 9051457091 SA

D গ্রুপে কর্মী নিয়োগ
বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম - স্নাতক কর্মী নিয়োগ চলছে। বেতন : 18,200-42,700. থাকা-খাওয়া ফ্রি। M : 9382650880 SA

বিভিন্ন Ltd Co. Oil ও ডেয়ারী Co. ও Bank DSA-তে 72 M/F চাই। বয়স (21-45), Ex সার্ভিসম্যানদের অগ্রাধিকার। বেতন (22000-42000), M - 8902503886 D

কর্মখালি

Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব
স্ট্যাম্প পেপারে লিখিত সহ বিনা ডোনেশনে বিভিন্ন পদে M/F কর্মী চাই। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন-17,400-43,900, থাকা- খাওয়া ফ্রি। M - 8370973447 SA

প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব
পঃ বাংলায় বিভিন্ন প্রান্তের প্রাঃ ব্যাঙ্ক DSA-এর জন্য প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 18,000-38,000. এছাড়া অন্যান্য সুযোগ সুবিধা। Mob : 9593858611 SA

URGENT JOB
G.R.L-NO-2266
বিনা ডোনেশনে Airport ও Bank (DSA) তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা - (নামসই-স্নাতক)। বেতন - 14300–42700. থাকা খাওয়া ফ্রী। M : 9433173357 SA

প্রতি শনিবারের কর্মসংস্থান এখন প্রতি বুধবার বেরোয় বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আগামী ১৪ আগষ্ট সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ৭ আগষ্ট, বিকেল ৫টার মধ্যে। একমাত্র পত্রিকা দফতরে। প্রতি রবিবার অফিস বন্ধ।

PARAMEDICAL COLLEGE
DURGAPUR

All the courses are recognised by UGC and affiliated by UNIVERSITY
Affiliated Universities :- 1. MAKAUT 2. WBUHS 3. VIDYASAGAR UNIVERSITY

ADMISSION NOTICE Academic Session 2021-2022

COURSES
- **B.OPTM** Bachelor of Optometry
- **BBA (HM)** Bachelor of Hospital Management
- **B.PT** Bachelor of Physiotherapy (Admission through JENPAS applied candidates only)
- **BMLT** Bachelor of Medical Laboratory Technology
- **B.Sc. (Hons) in Nutrition and Dietetics**
- **B.Sc in Microbiology**
- **B.Sc in Biotechnology**
- **M.Sc. in Nutrition**

FOR ADMISSION CALL
9333709950
9476132457
8373062199
(0343) 2535487

FOR BPT ENQUIRY
9749117256
9732313555

CAMPUS ADDRESS :
Helen Keller Sarani, Sector : 2A, Bidhan Nagar, Durgapur- 713212, West Bengal

Website : www.paramedicalcollege.org | email : info@paramedicalcollege.org
Website : www.dipscollege.org | email : info@dipscollege.org

বায়ুসেনাতে ১৯২ ক্লার্ক

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। স্টোর্স বা, অ্যাকাউন্টসের কাজে দক্ষতা থাকলে ভালো হয়।

পেইন্টার : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে পেইন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

কার্পেন্টার : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

কপারস্মিথ ও শীট মেটাল ওয়ার্কার : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কপার স্মিথ ও শীট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য।

এ.সি. মেকানিক অ্যান্ড এ.সি. মেকানিক (এ) : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে এয়ারক্র্যাফট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য।

ফিটার : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

লন্ড্রিম্যান : মাধ্যমিক পাশরা ধোবীর কাজের ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। ওয়েটার বা, ওয়াশার-আপ হিসাবে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়।

মেস স্টাফ : মাধ্যমিক পাশরা যোগ্য। ওয়েটার বা, ওয়াশার-আপ হিসাবে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়।

মাল্টি টাস্কিং স্টাফ (MTS) : মাধ্যমিক পাশরা যোগ্য। ওয়াচম্যান, লস্কর, গেস্টেনার অপারেটর বা, গার্ডেনার হিসাবে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়।

টেলর : মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে টেলর ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেডসম্যান মেট : মাধ্যমিক পাশরা যোগ্য।

বয়স হতে হবে ৫-৯-২০২১'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স -১ অনুযায়ী।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (২) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, (৩) জেনারেল ইংলিশ, (৪) জেনারেল অ্যাওয়ারনেস। সফল হলে প্র্যাক্টিক্যাল টেস্ট / ফিজিক্যাল টেস্ট / ইন্টারভিউ।

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন : (১) এখনকার তোলা ও স্ব-প্রত্যয়িত করা ৪ কপি পাশপোর্ট মাপের ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও আরেক কপি অ্যাকনলেজমেন্ট কার্ডে সেঁটে ও ২ কপি দরখাস্তের সঙ্গে গেঁথে), (২) নিজের নাম-ঠিকানা লেখা ১০ টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম, (৩) বয়স, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল, (৪) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৫) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন *''APPLICATION FOR THE POST OF ...... AND CATEGORY .... AGAINST ADVERTISEMENT NO. 03/2021/DR'*. আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.employmentnews.gov.in দরখাস্ত পৌঁছনো চাই ৫ সেপ্টেম্বরের মধ্যে।

কোন স্টেশনে ক'টি শূন্যপদ ও দরখাস্ত পাঠানোর ঠিকানা :

(1) The Air Officer Commanding, Air Force Station, Jorhat, Assam, 936810. শূন্যপদ : (i) Superintendent (Store) : 03, (ii) Cook (OG) : 01, (iii) HKS (Safaiwala) : 03.

(2) The ALG Mechuka, C/0 Air Force Station Jorhat, Assam- 936810. শূন্যপদ : (i) Cook (OG) : 02.

(3) The ALG Vijay Nagar, C/o Air Force Station, Jorhat, Assam-936810. শূন্যপদ : (iCook (OG) : 01.

(4) The Air Officer Commanding, Air Force Station, Tezpur, Assam - 936811. শূন্যপদ : (i) Cook (OG) : 02, (ii) Mess Staff : 01.

(5) The ALG Ziro, C/o Air Force Station, Tezpur, Assam - 936811. শূন্যপদ : (i) Cook (OG) : 02, (iii) Mess Staff : 03.

(6) The Air Officer Commanding, Air Force Station, Guwahati, Assam - 936819. শূন্যপদ : (i) Storekeeper : 01.

(7) The Air Officer Commanding, Air Force Hospital, Jorhat, Assam - 936810. শূন্যপদ : (i) MTS : 05.

(8) The Commanding Officer, HQ Eastern Air Command (Unit), Air Force, Shillong, Meghalaya - 936174. শূন্যপদ: (i) Superintendent (Store) : 01, (ii) HKS (Safaiwala) : 06.

(9) The C Adm O, Air Force Station Lohagaon, Pune (MH) –411 032. শূন্যপদ : (i) MTS : 10.

(10) The C Adm O, Air Force Station Ratanada, Jodhpur (Raj) –342011. শূন্যপদ : (i) Carpenter : 01.

(11) The CO, HQ MC(U), Air Force Vayusena Nagar, Nagpur – 440007. শূন্যপদ : (i) Cook (OG): 01, (ii) MTS : 02.

(12) The CO, 1 Base Repair Depot, Air Force Chakeri, Kanpur –208008. শূন্যপদ : (i) C&SMW : 01, (ii) Carpenter : 02, (iii) MTS : 04.

(13) The AOC, Base Repair Depot, Air Force Station Chandigarh –160003. শূন্যপদ : (i) Superintendent : 03, (ii) carpenter :-05, (iii) Painter : 01.

(14) The CO, 4 Base Repair Depot, Air Force, Chakeri, Kanpur –208008. শূন্যপদ : (i) Carpenter : 01, (ii) Fitter : 03.

(15) The AOC, Base Repair Depot, Air Force Station Sulur, Coimbatore, Tamil Nadu –641401. শূন্যপদ : (i) LDC : 03, (ii) Cook : 04, (iii) Carpenter : 01, (iv) MTS : 05.

(16) The AOC, Base Repair Depot, Air Force, Chandan Nagar, Opp. D'Mello Petrol Pump Nagar Road, Pune –411 014. শূন্যপদ : (i) MTS : 06.

(17) The AOC, Air Force Station Najafgarh, New Delhi - 110043. শূন্যপদ : (i) Cook (OG) : 04, (ii) Painter : 01.

(18) The Stn Cdr, Base Repair Depot, Air Force Station Borjhar, P.O. Guwahati Airport, Dist. Kamrup, Assam - 781015. শূন্যপদ : (i) Superintendent (Store) : 01, (ii) Cook (OG) : 01.

(19) The CO, 16 Base Repair Depot, Opp. Sekhon Vihar, Palam, Delhi Cantt –110 010. শূন্যপদ : (i) Tailor : 05.

(20) The AOC, Equipment Depot, Air Force Station, Avadi, Avadi IAF (Post), Chennai –600 055. শূন্যপদ : (i) Superintendent (Store) : 09, (ii) Storekeeper : 05, (iii) LDC : 06, (iv) Mess Staff : 01, (v) MTS : 05.

(21) AOC Equipment Depot, Air Force Station Manauri, Dist. Allahabad (UP) – 212212. শূন্যপদ : (i) Superintendent (Store) : 04, (ii) Store Keeper : 01, (iii) Carpenter : 04, (iv) Painter : 02, (v) MTS : 10.

(22) The AOC, Equipment Depot, Air Force Station, Devlali (South) –422501, Dist. Nasik (Maharashtra). শূন্যপদ : (i) Superintendent (Store) : 07, (ii) Storekeeper : 02, (iii) MTS : 09.

(23) The AOC, Equipment Depot, Air Force Station, Vimanapura Post, Opp. HAL Helicopter Division, Bangalore - 560017. শূন্যপদ : (i) Superintendent (Store) : 08, (ii) Storekeeper : 03, (iii) MTS : 04.

(24) The CO, Upaskar Depot, Air Force Station, Chakeri, Kanpur – 208008. শূন্যপদ : (i) Superintendent (Store) : 04.

(25) The Stn Cdr, Air Stores Park, Air Force, Air Force Station, Gurgaon, Haryana –122005. শূন্যপদ : (i) Tradesman Mate : 07, (ii) MTS : 03.

৯০ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

ভ্যাকান্সি নং : 01/21 : জুনিয়র ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট-I (কেমিক্যাল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩৯টি।

ভ্যাকান্সি নং : 02/21 : জুনিয়র ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট-I (মেকানিক্যাল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২১টি।

ভ্যাকান্সি নং : 03/21 : জুনিয়র ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট-I (ইলেক্ট্রিক্যাল) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ইলেক্ট্রিক্যাল বা, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৫টি।

ভ্যাকান্সি নং : 04/21 : জুনিয়র ইঞ্জিনিয়ার অ্যাসিস্ট্যান্ট -I (ইন্সট্রুমেন্টেশন) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ইন্সট্রুমেন্টেশন, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৫টি।

বয়স হতে হবে ৩১-৩-২০২১'এর হিসাবে ২৫ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের প্রবেশন।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। এরপর হবে ট্রেড টেস্ট। কম্পিউটার বেসড টেস্টে প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, লজিক্যাল রিজনিং, জেনারেল নলেজ / অ্যাওয়ারনেস। সময় থাকবে ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.hurl.net.in এজন্য পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো কোয়্যারি থাকলে মেল করুন এই নম্বরে : hurl@onlineregistrationform.org, ফোন : 022-62337904.

সরকার স্বীকৃত স্বাস্থ্য পরিষেবার পেশাদার কোর্স

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হেলথ ট্রেনিং, কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টর ও মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা কম্পিউটারের বেসিক সার্টিফিকেট থাকলে স্যানিটারি ইন্সপেক্টর কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। মাধ্যমিক যোগ্যতায় ডিএমএলটি, ইসিজি টেকনিশিয়ান ও সিএমএস কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজির কোর্সটি ২ বছরের। সব ক্ষেত্রেই প্র্যাক্টিক্যাল ও ইন্টার্নশিপের ব্যবস্থা রয়েছে। অনলাইন ক্লাসের সুবিধা রয়েছে। কোর্স শেষে সরকারি ও বেসরকারি সংস্থায় চাকরি হয়। ভরতির জন্য এখনই যোগাযোগ করতে হবে এই ঠিকানায়— আইআইএইচটি, ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বউবাজার, কলকাতা - ৭০০০১২। ফোন - ৭০০৩২২৪৪২৭, ৯৮৩৬৩৯৬৭৩৪, ৮০১৭০৪০২৬২। ওয়েবসাইট— www.iiht.in।

সরকারি সংস্থায় ৭ আইটিআই কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্পমন্ত্রকের অধীন এনএসআইসি— টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, চাকরিমুখী ৭টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে। এই ৬টি ট্রেড হল— ১. ইলেক্ট্রিশিয়ান (২ বছর) ২. ফিটার (২ বছর) ৩. মেশিনিস্ট (২ বছর) ৪. সার্ভেয়ার (২ বছর) ৫. ড্রাফটস ম্যান মেকানিক্যাল (২ বছর) ৬. ওয়েল্ডার (১ বছর) ৭. টার্নার (২ বছর)। সব ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। শুধু ওয়েল্ডার ট্রেডের জন্য শিক্ষাগত যোগ্যতা দরকার ক্লাস এইট পাশ। সব ট্রেডের ক্ষেত্রে থিওরির পাশাপাশি হাতেকলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং আর ইন্ডাস্ট্রিয়াল ভিজিটের সুবিধা রয়েছে। রয়েছে রাজ্য স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবিধাও। অনলাইনে ভরতি নেওয়া হচ্ছে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায়— NSIC-TECHNICAL SERVICES CENTRE, JAPANI GATE, BALITIKURI, HOWRAH-711113, ফোন- ৮৭৭৭৮২৮৪২১/ ৭৪১৭৭০১৮৩৭/ ৯৬৭৯২৪৪৮৪৪। ওয়েবসাইট— www.nsic.co.in।

তপশিলীদের নিখরচায় প্লাস্টিক শিল্পের আবাসিক ট্রেনিং

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্তনিগম ও সিপেটের যৌথ উদ্যোগে রাজ্যের তপশিলি সম্প্রদায়ের ছেলেমেয়েদের প্লাস্টিক শিল্পের দক্ষতা বাড়ানোর ৪টি ট্রেডে ট্রেনিং দেওয়া হচ্ছে। এইসব ট্রেড হল— ১. মেশিন অপারেটর- ইনজেকশন মোল্ডিং ২. মেশিন অপারেটর- এক্সট্রুশন প্রসেস ৩. মেশিন অপারেটর- প্লাস্টিক প্রসেসিং ৪. মেশিন অপারেটর- ব্লো মোল্ডিং। সব ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার এইট পাশ। বয়স হতে হবে ১৮-৪০ বছরের মধ্যে। সীট সব ক্ষেত্রে ১৫০টি। ট্রেনিং হবে এই ঠিকানায়—সিপেট-সিএসটিএস, হলদিয়া, সিটি সেন্টার, পূর্বমেদিনীপুর, পিন- ৭২১৬৫৭, ফোন- ০৩২২৪-২৫৫৫৩৪। আগ্রহীদের বায়োডাটা ও সেই সঙ্গে যাবতীয় যোগ্যতার প্রত্যয়িত নিয়ে দরখাস্ত করতে হবে ৩০ আগস্টের মধ্যে, এই ঠিকানায়— সিপেট-সিএসটিএস, হলদিয়া, সিটি সেন্টার, পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১৬৫৭, ফোন- ০৩২২৪-২৫৫৫৩৪, ৯৪৩৪০৩৯৪৬৬। এছাড়াও ইমেল করতে পারেন— cipet.haldia.stc@gmail.com।

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিপ্লোমা কোর্সের ভর্তির বিজ্ঞপ্তি
9733638357, 9800202184

ITI-এ ভর্তি
NCVT অনুমোদিত (Govt. of India)
TIIME-ITI-এ 2021 সেশনে ভর্তি চলছে।
ট্রেড-ইলেক্ট্রিশিয়ান ও সার্ভেয়র
9831988262, 9038222868

প্রগতি ITI-এ ভর্তি
বহরমপুর ও কৃষ্ণনগরে
NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২১ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:
কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার
বহরমপুর : 9434900500
কৃষ্ণনগর : 9434900700

ভর্তির বিজ্ঞপ্তি — ২০২১
সরকারি স্বীকৃত ITI, B.ED ও D.EL.ED কলেজ
CHINSURAH PVT. ITI
NCVT, Govt. of India ও WBSCVT স্বীকৃত
● FITTER, ELECTRICIAN)
● Solar Technician*
● Hospital House Keeping*
Online Admission Open
http://www.chinsurahiti.org
Online Admission Help Desk : 8599959995
9330328732, 9432067572, 9732552726, 9433535299
*Proposed
অনলাইনে ক্লাসের ব্যবস্থা
Chinsurah College of Education
NCTE, Govt. of India স্বীকৃত
WBBPE ও বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত
D.El.Ed এবং B.Ed
Online Admission Open
http://www.chinsurahcollegeofeducation.org
Online Admission Help Desk : 8927626217
9330412319, 7550880866
9732552726, 9433535299
জগন্নাথবাটী, চুঁচুড়া
স্টেশন রোড, হুগলী

মাধ্যমিক/উচ্চমাধ্যমিকদের
অরবিন্দ ITI-এ ভর্তি
ট্রেড : ফিটার ও ইলেক্ট্রিশিয়ান
কোর্সের মেয়াদ - ২ বছর
স্টুডেন্ট ক্রেডিট কার্ডে লোনের সুবিধা
কল্যানী - 9007011451

ভারতীয় ডাক বিভাগ
ইস্ট কলকাতা ডিভিশন, কলকাতা - ৭০০১৬৩
ফোন : ৯০৬৪০০৪২৬৬ / ৮১০০০১৯২৯৬ / ৯০৫১৪১৬৫৪৫
ডাক জীবন বীমা / গ্রামীণ ডাক জীবন বীমা এজেন্ট নিয়োগ

ইস্ট কলকাতা ডিভিশন ডাক বিভাগীয় শাখার ডাক জীবন বীমা ও গ্রামীণ ডাক জীবন বীমা পলিসি বিক্রির জন্য কমিশনের ভিত্তিতে ইস্ট কলকাতা ডিভিশনের জন্য Direct Agent নিয়োগ করা হবে। ১৮ থেকে ৫০ বছর বয়সী এবং মাধ্যমিক যোগ্যতাসম্পন্ন ইচ্ছুক যে কোনো ভারতীয় নাগরিক Walk-in-Interview তে বয়স ও যোগ্যতার নথি, আধার কার্ড ও প্যান কার্ড এর জেরক্স ও অরিজিনাল ও দু কপি ফটো সহ আগামী ১৭.০৮.২০২১ তারিখে দুপুর ১২টা থেকে ৩টের মধ্যে উপস্থিত থাকতে পারেন। মনোনীত প্রার্থীকে ৫০০০/- টাকা সিকিউরিটি ডিপোজিট রাখতে হবে।

স্বা/-
ডাক অধিকর্তা
ইস্ট কলকাতা ডিভিশন
কলকাতা-৭০০১৬৩

গ্র্যাজুয়েশন, উচ্চমাধ্যমিক, মাধ্যমিকের পর সরকারি চাকরির নিয়োগপত্রের সুযোগ

সরকারি চাকরির কেরিয়ার কাউন্সেলিং সেশন জিএসসিইতে
গ্র্যাজুয়েশন পরীক্ষা সবেমাত্র শেষ হয়েছে। আগামী এক সপ্তাহ ধরে WBCS, Bank, Rail, PSC, Staff Selection, Police ইত্যাদি কেন্দ্রীয় ও রাজ্য সরকারি চাকরির পরীক্ষার কাউন্সেলিং চলবে। অভিভাবক ও ছাত্রছাত্রীদের জানানো হচ্ছে আপনার নিকটবর্তী জিএসসিই কেন্দ্রে নাম ও হোয়াটসঅ্যাপ নম্বরসহ সত্বর যোগাযোগ করুন প্রচুর ভিড় এড়াতে। আসন সীমিত।

WBCS 2021 পরীক্ষা আগামী ২২ আগস্ট
WBCS 2022 বিজ্ঞপ্তি শীঘ্রই

যে সমস্ত সরকারি চাকরিতে শীঘ্রই নিয়োগ
▶ রাজ্য সরকারি স্কুলে প্রায় ৬০০০০ ▶ জিডি কনস্টেবলে ২৫২৭১ ▶ ব্যাঙ্কে ৫৮৩০ ক্লার্ক ▶ কলকাতা পুলিশে ৩৩০। যোগ্যতা- মাধ্যমিক থেকে স্নাতক।

কোর্স ফি ৩৫৪০ টাকা থেকে শুরু
GSCE অনলাইন
EMI facility available

শিয়ালদহ (Head Office)	: 9674087465 9051040306	শিলিগুড়ি	: 9674087473	কল্যাণী	: 9674087469	পূর্ব মেদিনীপুর	: 9230056671
কোচবিহার	: 9830277023	কালিম্পং	: 9830277171	ব্যারাকপুর	: 9230056668	ঝাড়গ্রাম	: 9674087874
আলিপুরদুয়ার	: 9674033336	মালদা	: 9674087472	তমলুক	: 9230056673	বর্ধমান	: 9674025700
দিনহাটা	: 9830277696	বহরমপুর	: 9674087471	বারাসাত	: 9674087467	বোলপুর	: 9674012025
জলপাইগুড়ি	: 9674025600	কৃষ্ণনগর	: 9674087470	কোন্নগর	: 9230056667	ব্যান্ডেল	: 9230056669
ধূপগুড়ি	: 9830277257	রানাঘাট	: 9674083508	সোনারপুর	: 9674087466	কাটোয়া	: 9830277230

Admission Helpline : 9830277100/200/300 | Website: www.gsceindia.org

GSCE — পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

Susrijo Institute of Agricultural Science, Technology and Management-এ

কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত কৃষি বিজ্ঞান কোর্স করে চাকরির সুযোগ

শিক্ষা শেষে দীর্ঘ সময়ের অপেক্ষা নয়, উপযুক্ত প্রশিক্ষণ শেষে সত্বর কর্মজীবনে প্রবেশের সবচেয়ে বড়ক্ষেত্র হল কৃষি-শিল্প। ভারত-সহ আন্তর্জাতিক বাজারে কৃষি-শিল্প ও সহযোগীক্ষেত্রে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে শুরু হয়েছে কৃষিবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সুসংহত ডিপ্লোমা ও পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স যা পশ্চিমবঙ্গে প্রথম।

বর্তমানে প্রচলিত কৃষিভিত্তিক আলাদা আলাদা ধরনের কোর্সগুলি আসলে নিয়োগ ক্ষেত্রকে সঙ্কুচিত করে। তাই দক্ষ ও উদ্যোগী যুবসমাজের সামনে আরো বৃহত্তর কর্মক্ষেত্রে নিজেকে প্রবেশ করানোর সুযোগ করে দেবে এই দু'টি সুসংহত ডিপ্লোমা কোর্স : (১) **ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল সায়েন্স অ্যান্ড ম্যানেজমেন্ট (D.A.S.M.)**। সময়সীমা : ২ বছর সঙ্গে ইন্টার্নশিপ। যোগ্যতা : যে কোনো শাখায় ৫০% নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক পাশ। (২) **পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্রপ প্রোডাকশন অ্যান্ড প্ল্যান্ট হেল্‌থ ম্যানেজমেন্ট (P.G.D.C.P.P.H.M.)**। সময়সীমা : ২ বছর সঙ্গে ইন্টার্নশিপ। যোগ্যতা : যে কোনো শাখার গ্র্যাজুয়েট। **উল্লেখযোগ্য বিষয়** : (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। (৫) আমাদের এখানে আছে অত্যন্ত আধুনিক মানের ল্যাবরেটরি-সহ উপযুক্ত পরিকাঠামো। (৬) শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন আধুনিক পরিকাঠামোযুক্ত কৃষিফার্ম। (৭) বিশিষ্ট অধ্যাপকমণ্ডলী পরিচালিত পাঠক্রম। (৮) কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট আধিকারিক, অধ্যাপক ও বহুজাতিক কোম্পানির উচ্চপদাধিকারী ব্যক্তিগণ পরিচালিত প্রফেশনাল গ্রুমিং সহায়তা। (৯) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা। ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ :

Susrijo Institute of Agricultural Science, Technology and Management
WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101.
Ph. : 8637882289, 9832015253 Website : www.siastm.org

বিজ্ঞাপন

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কোথায় কী সরকারি চাকরি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থায় সারা বছরই বিভিন্ন পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স থাকা দরকার, প্রার্থী বাছাই পদ্ধতি, বিজ্ঞপ্তি বেরোনোর সময় ইত্যাদি দেওয়া হল। এটি প্রথম কিস্তি।

কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে লোক নেওয়া হয় স্টাফ সিলেকশন কমিশনের এইসব পরীক্ষার মাধ্যমে :

মাল্টি টাস্কিং স্টাফ

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' পদে লোক নেওয়া হয়। চাকরি হয় জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হয় ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান।

প্রার্থী বাছাই করে কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment to the post of Multi Tasking (Non -Technical) Staff in Different States and Union Territories'এর পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের লিখিত পরীক্ষা হয়। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৪টি পার্টে : (ক) প্রথম পার্ট–জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) দ্বিতীয় পার্ট-নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) তৃতীয় পার্ট–জেনারেল ইংলিশ - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (ঘ) চতুর্থ পার্ট–জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকে ২ ঘণ্টা। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পান। প্রশ্ন হয় ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং থাকে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয়। লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই। লিখিত পরীক্ষায় একাধিক প্রার্থী একই নম্বর পেয়ে থাকলে সেক্ষেত্রে প্রথমে তৃতীয় পার্ট, তারপর দ্বিতীয় পার্ট, তারপর জন্ম-তারিখ (বেশি বয়সের প্রার্থীরা আগে অগ্রাধিকার পান), তারপর নামের বর্ণমালা অনুযায়ী প্রথম দিকের প্রার্থীরা অগ্রাধিকার পান। দরখাস্ত করা যায় দুইভাবে : অফলাইনে কিংবা সরাসরি অনলাইনে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

ক্লার্ক ও ডাটা এন্ট্রি অপারেটর

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে লোক নেওয়া হয় 'Combined Higher Secondary Leve (10+2) Examination, for Recruitment of Data Entry Operator & Lower Division Clerks' পরীক্ষার মাধ্যমে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদের জন্য আবেদন করতে পারেন। চাকরি হয় 'X' ও 'Y' গ্রুপে। গ্রুপ 'X' ক্যাটেগরিতে চাকরি হয় এইসব দপ্তরে : আর্মড ফোর্সেস হেড কোয়ার্টার্স, ইলেকশন কমিশন অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ফরেন সার্ভিস গ্রেড-IV, মিনিস্ট্রি অফ পার্লামেন্টারি অ্যাফেয়ার্স, প্রেসিডেন্টস সেক্রেটারিয়েট, সেন্ট্রাল ভিজিলেন্স কমিশন, ডিরেক্টরেট অফ ফরেন্সিক সায়েন্স, এছাড়াও অন্যান্য বিভাগে। 'গ্রুপ-Y' গ্রেডের বেলায় চাকরি হয় ভারতের যে কোনো জায়গায় কম্পট্রোলার অ্যান্ড অডিট জেনারেল অফ ইন্ডিয়া, অ্যাকাউন্ট্যান্ট জেনারেল (অডিট), অ্যাকাউন্টস জেনারেল (অ্যাকাউন্টস অ্যান্ড এস্টাবলিশ), কন্ট্রোলার জেনারেল অফ ডিফেন্স অ্যাকাউন্টস ও অন্যান্য অফিসে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘণ্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর' পদের জন্য আবেদন করতে পারেন। দুই পদের বেলায়ই বয়স হতে হয় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। 'গ্রুপ-সি' নন-গেজেটেড অফিসার পদে চাকরি।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হয়। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, মেদিনীপুর, জলপাইগুড়ি-সহ বিভিন্ন কেন্দ্রে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকে ২ ঘণ্টা। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পান। প্রশ্ন হয় ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নে ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয়। লিখিত পরীক্ষায় সফল হলে টাইপিং টেস্ট / স্কিল টেস্ট।

'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদের বেলায় লিখিত পরীক্ষায় সফল হলে ১০ মিনিটের কম্পিউটার টাইপিং টেস্ট হয়। টাইপ টেস্টের অনুরূপভাবে ঘণ্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে (গড়ে প্রতি শব্দের জন্য ৫টি কী ডিপ্রেশন দেখা হয়) গতি দেখা হয়।

'ডাটা এন্ট্রি অপারেটর' পদের বেলায় লিখিত পরীক্ষায় সফল হলে ঘণ্টায় ৮,০০০ কী ডিপ্রেশন কম্পিউটারে ডাটা এন্ট্রির গতি দেখা হয়। ছাপানো প্যারাগ্রাফ দেখে ১৫ মিনিটে টেস্ট হয়। এই টেস্টে কোয়ালিফাইং নম্বর পেতে হয়। চূড়ান্ত তালিকা তৈরির সময় ডাটা এন্ট্রি টেস্টের নম্বর যোগ হয় না। বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করা যাবে এই দু'ভাবে : অফলাইনে কিংবা সরাসরি অনলাইনে।

স্টেনোগ্রাফার

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-C' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-D' পদে লোক নেওয়া হয় 'স্টেনোগ্রাফার্স (গ্রেড-C ও গ্রেড-D) এক্সামিনেশন'এর মাধ্যমে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'D' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৩০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'C' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হয় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। পরিশ্রমের কাজে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও সুস্থ হতে হবে। চাকরি হয় গ্রুপ-B নন-গেজেটেড অফিসার পদে।

প্রার্থী বাছাইয়ের জন্য সর্বভারতীয় লিখিত পরীক্ষা হয়। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, মেদিনীপুর, জলপাইগুড়ি-সহ বিভিন্ন কেন্দ্রে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৩টি পার্টে — (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন - ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকে ২ ঘণ্টা। সফল হলে স্কিল টেস্ট। গ্রেড-C স্টেনো পদের বেলায় মিনিটে ১০০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হয়। তারপর ওই ম্যাটার মিনিটে ৪০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হয়।

গ্রেড-D স্টেনো পদের বেলায় মিনিটে ৮০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হয়। তারপর ওই ম্যাটার মিনিটে ৩০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হয়।

দরখাস্ত করা যায় দুইভাবে : নির্দিষ্ট বয়ানে টাইপিং করার পর নিজের হাতে পূরণ করে কিংবা সরাসরি অনলাইনে।

৮ প্যারা মিলিটারিতে কনস্টেবল

কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল, এন.আই.এ. ও এস.এস.এফ.'এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে আর অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' পদে প্রতি বছর কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। অন্তত মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হয় ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মী, বিভাগীয় কর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। শরীরের মাপজোখ হতে হয় ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৬৫ সেমি.) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি. (পার্বত্য এলাকার হলে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি.)। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৫০ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৫৫ সেমি.)। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। ওজন হতে হয় উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ধনুকের মতো পা, ট্যারা দৃষ্টি, শুধুমাত্র বাঁ চোখ বোজানোয় অক্ষমতা, আঙুলগুলি নাড়াচাড়া করায় অক্ষমতা, শিরাস্ফীতি, অন্য কোনো শারীরিক ত্রুটি, চোখে চশমা বা, কন্ট্যাক্ট লেন্স কিম্বা বর্ণান্ধতা থাকলে যোগ্য নন।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), NIA & SSF and Rifleman (GD) in Assam Rifles (AR) Examination'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি, হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এই পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। তারিখ ঠিক হলে যথাসময়ে ওয়েবসাইটে দেওয়া হবে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, হুগলি, বেরহামপুর, গ্যাংটক, ভুবনেশ্বর, রাঁচী, কটক, রৌরকেলা।

কম্পিউটার বেসড পরীক্ষায় সফল হলে 'শারীরিক মাপজোখের পরীক্ষা (PST)' ও 'শারীরিক সক্ষমতার পরীক্ষার (PET)' জন্য ডাকা হবে। তখন সব সার্টিফিকেট পরীক্ষা করা হবে।

শারীরিক মাপজোখের পরীক্ষায় প্রথমে থাকবে ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। অ্যাডমিট কার্ড ডাকে পাঠানো হবে না। ই-অ্যাডমিট ডাউনলোড করতে পারবেন, এই ওয়েবসাইট থেকে : www.crpf.nic.in

সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষার নম্বর দেখা হবে। শারীরিক মাপজোখ বা, শারীরিক সক্ষমতায় পাওয়া নম্বর দেখা হবে না। প্রতিটি রাজ্যের জন্য আলাদা মেধা তালিকা তৈরি হবে। সাধারণ ও প্রাক্তন সমরকর্মীরা ৩৫% আর তপশিলী, ও.বি.সি.'রা ৩৩% নম্বর পেলে সফল হবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

ইউ.পি.এস.সি.'র মাধ্যমে

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের উচ্চমাধ্যমিক যোগ্যতায় নেওয়া হয় :

ন্যাশনাল ডিফেন্স অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি : উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা স্থলবাহিনীর, ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা 'বিমানবাহিনী' বা, 'নৌবাহিনী'র জন্য আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স দরকার সাড়ে ১৬ থেকে ১৯ বছরের মধ্যে। পরীক্ষা হয় এক দিনে এই দুই পেপারের : (১) ৩০০ নম্বরের অঙ্ক, (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট। প্রতিটি পেপারে আড়াই ঘণ্টা সময়। অঙ্কে থাকে পাটিগণিত, বীজগণিত, পরিমিতি, জ্যামিতি, ত্রিকোণমিতি ও রাশিবিজ্ঞান। 'জেনারেল এবিলিটি টেস্ট' পেপারে থাকে ২০০ নম্বরের ইংরিজির গ্রামার ও কম্প্রিহেনশন টেস্ট আর ৪০০ নম্বরের জেনারেল নলেজ। প্রশ্নপত্র হয় অবজেক্টিভ টাইপের। সফল হলে ইন্টেলিজেন্স টেস্ট ও পার্সোন্যালিটি টেস্ট। এই টেস্টে থাকে ভার্বাল ও নন-ভার্বাল প্রশ্ন। এরপর হয় গ্রুপ ডিসকাশন, গ্রুপ প্ল্যানিং, আউটডোর গ্রুপ টাস্ক ও একটি বিশেষ বিষয়ের সংক্ষিপ্ত বক্তৃতা। শেষের এই পরীক্ষায় সর্বোচ্চ ৯০০ নম্বর পেতে হয়। সফল হলে ৩ বছরের ট্রেনিং।

স্পেশাল ক্লাস রেলওয়ে অ্যাপ্রেন্টিস : ফিজিক্স ও কেমিস্ট্রির মধ্যে যে কোনো একটি বিষয় আর অঙ্ক নিয়ে প্রথম বা, দ্বিতীয় বিভাগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে স্পেশাল ক্লাস রেলওয়ে অ্যাপ্রেন্টিসেস পরীক্ষা দিতে পারেন। বয়স দরকার ১৭ থেকে ২১ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। সংশ্লিষ্ট বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। শুরুতে ৪ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড আছে। সফল হলে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের জুনিয়র অফিসার হিসাবে ৩ বছর প্রবেশন। এই পরীক্ষায় থাকে উচ্চমাধ্যমিক মানের ৬০০ নম্বরের অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন, এই ৩ পত্রের : (১) ইংরিজি, জেনারেল নলেজ ও সাইকোলজিক্যাল টেস্ট, (২) ফিজিক্স ও কেমিস্ট্রি, (৩) অঙ্ক। প্রতিটি পেপারে সময় ২ ঘণ্টা। সফল হলে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

লোয়ার ডিভিশন ক্লার্ক

পশ্চিমবঙ্গের সব সরকারি দপ্তরের আঞ্চলিক অফিস ও জেলার সরকারি অফিসগুলিতে কাজের জন্য 'ক্লার্ক' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। নিয়োগ হয় গ্রুপ-C পদে। চাকরি হয় ৩ বছরের জন্য, অস্থায়ী ভিত্তিতে। মূল মাইনে ছাড়াও শুধুমাত্র ডাক্তারি খরচ পান। মহার্ঘ ভাতা ও বাড়ি ভাড়া ভাতা পান না। ৩ বছর চাকরি চলাকালীন স্থায়ী হওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের বিভাগীয় পরীক্ষায় সফল হতে হয়। বিভাগীয় পরীক্ষায় একবার অকৃতকার্য হলে আরো একবার পরীক্ষা দেওয়ার সুযোগ পান। তখন অকৃতকার্য হলে চাকরি হারাতে হয়।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা 'ক্লার্ক' পদের জন্য আবেদন করার যোগ্য। কম্পিউটারে টাইপিংয়ের গতি থাকতে হবে। বয়স হতে হয় ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পান। প্রার্থী বাছাই করে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কোথায় কী সরকারি চাকরি

কমিশন'। প্রথমে লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে অবজেক্টিভ টাইপের দেড় ঘণ্টার পরীক্ষায় প্রশ্ন হবে এই ২টি পেপার : (১) অ্যারিথমেটিক - ৫০ নম্বর, (২) জেনারেল নলেজ - ৫০ নম্বর। দ্বিতীয় পার্টে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে এই ২টি বিষয়ে : (১) বাংলা - ৫০ নম্বর, (২) ইংরিজি - ৫০ নম্বর। সফল হলে কম্পিউটারে টাইপিং টেস্ট হবে। দরখাস্ত নেওয়ার বিজ্ঞপ্তি বেরোলে তখনই আবেদন করতে পারবেন।

অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর

পশ্চিমবঙ্গ সরকারের আবগারি দপ্তরে কাজের জন্য 'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর' পদে লোক নেওয়া হয়। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,২০০ টাকা। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি (তপশিলী উপজাতি, গোর্খা হলে ১৬০) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি (তপশিলী উপজাতি ও গোর্খা হলে বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি) আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। মহিলারা এই পদে যোগ্য নন। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা ও শিরাস্ফীতি হলে আবেদনের যোগ্য নন। দৃষ্টিশক্তি দরকার চশমা-সহ ও চশমা ছাড়া প্রতি চোখে ৬/৬। শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। শুরুতে পুলিশ ট্রেনিং কলেজে শারীরিক ও থিওরিটিক্যাল ট্রেনিং হবে। সফল হলে সংশ্লিষ্ট জেলার সুপারিন্টেন্ডেন্ট অফ এক্সাইজের কাছে পাঠানো হবে।

প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর অফ এক্সাইজ পরীক্ষার মাধ্যমে। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হয়। ১৫০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হয় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : ইংরিজি ব্যকরণ -৫টি, ইংরিজি বানান - ৫টি, ইংরিজি সমার্থক শব্দ ও বিপরীতার্থক শব্দ ৫টি, পাটিগণিত -১৫টি, জ্যামিতি - ৫টি, বীজগণিত -৫টি, পরিমিতি - ৫টি, ফিজিক্স - ১০টি, কেমিস্ট্রি--১০টি, বায়োলজি - ৫টি, ইতিহাস - ১০টি, ভূগোল - ১০টি, সিভিক্স -১০টি, জেনারেল নলেজ (জাতীয়) - ৫টি, জেনারেল নলেজ (আন্তর্জাতিক) ৫টি, রাজ্য সম্বন্ধে -৫টি, জেনারেল নলেজ (আর্টস অ্যান্ড কালচার) - ৫টি, জেনারেল নলেজ (স্পোর্টস) - ৫টি, জেনারেল নলেজ (অ্যাব্রিভিয়েশন) - ৫টি, টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল) - ১৫টি, কম্পিউটার - ৫টি। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। প্রশ্নপত্র হয় ইংরিজিতে। সফল হলে শারীরিক মাপজোখের পরীক্ষা। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। বিজ্ঞপ্তি বেরোলে অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর

পশ্চিমবঙ্গ সরকারের সাব-অর্ডিনেট খাদ্য ও সরবরাহ দপ্তরে কাজের জন্য 'সাব-ইন্সপেক্টর' পদে ছেলেমেয়ে নেওয়া হয়। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মী ও সরকারি কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বাংলা ভাষায় লিখতে, বলতে ও পড়তে জানা দরকার। ভালো স্বাস্থ্য ও গ্রামীণ এলাকায় ঘোরাঘুরির কাজে আগ্রহী থাকতে হবে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শুরুতে ৩ বছরের প্রবেশন। তখন বেসিক পে'র সঙ্গে গ্রেড পে পাবেন। এছাড়াও বার্ষিক ৩% ইনক্রিমেন্ট ও ডাক্তারি ভাতা পাবেন।

প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। 'সাব-ইন্সপেক্টর অফ ফুড রিক্রুটমেন্ট' পরীক্ষার মাধ্যমে। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন কেন্দ্রে। ১০০ নম্বরের দেড় ঘণ্টার পরীক্ষায় থাকবে এই দু'টি বিষয় : (ক) জেনারেল স্টাডিজ - ৫০ নম্বর, (খ) অ্যারিথমেটিক - ৫০ নম্বর। মোট ১৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে। এর মধ্যে জেনারেল স্টাডিজ বিষয়ে ১০০টি প্রশ্ন হবে ও প্রতি প্রশ্নে থাকবে ০.৫ নম্বর। অ্যারিথমেটিক বিষয়ে থাকবে ৫০টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং থাকবে। অ্যারিথমেটিক বিষয়ে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে ও জেনারেল স্টাডিজ বিষয়ে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.১২৫ নম্বর কাটা হবে। অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিকের সিলেবাস অনুযায়ী। জেনারেল স্টাডিজ বিষয়ে থাকবে দৈনন্দিন বিজ্ঞান, সাম্প্রতিক ঘটনা ও তার সমাধান, ভারতীয় ইতিহাস ও ভারতীয় ভূগোলের এলিমেন্টারি জ্ঞান ইত্যাদি। এরপর ২০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করতে পারবেন ৩ ভাবে : (১) সরাসরি অনলাইনে, (২) তথ্য মিত্র কেন্দ্রের মাধ্যমে, (৩) অফলাইনে। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

রাজ্য সরকারে অ্যাসিস্ট্যান্ট ও ফার্মাসিস্ট

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে গ্রুপ-ডি ও গ্রুপ-সি পদে এবার থেকে নিয়োগ করা হবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনে'র মাধ্যমে। এই কমিশনের মাধ্যমে এই প্রথম দরখাস্ত নেওয়া হচ্ছে। নেওয়া হবে এইসব পদে : (১) ভেটেরিনারি ফার্মাসিস্ট / ফার্মাসিস্ট কাম ড্রেসার। (২) লাইফস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট। (৩) সার্ভেয়ার। কারা কোন পদের জন্য যোগ্য:

লাইফস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট : মাধ্যমিক পাশরা পশ্চিমবঙ্গ পশুচিকিৎসা শিক্ষা পর্ষদ বা, সমতুল পশু চিকিৎসা শিক্ষা পর্ষদ থেকে প্রাণী সম্পদ বিকাশ প্রশিক্ষণের ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শারীরিকভাবে সুস্থ থাকতে হবে। কঠোর পরিশ্রমী ও সাইকেল চালাতে জানতে হবে। বাংলা ভাষায় জ্ঞান থাকতে হবে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা।

ভেটেরিনারি ফার্মাসিস্ট /ফার্মাসিস্ট কাম ড্রেসার : বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা পশ্চিমবঙ্গ পশুচিকিৎসা শিক্ষা পর্ষদ বা, সমতুল পশু চিকিৎসা শিক্ষা পর্ষদ থেকে ভেটেরিনারি ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বাংলা ভাষায় জ্ঞান থাকতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,২০০ টাকা।

সার্ভেয়ার : মাধ্যমিক পাশরা ব্যান্ডেলের বেঙ্গল সার্ভে ইনস্টিটিউট থেকে সিনিয়র সার্ভেয়রশিপ সার্টিফিকেট বা, আই.টি.আই. থেকে সার্ভেয়রশিপের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সার্ভের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ভাষায় জ্ঞান থাকতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করে 'West Bengal Public Service Commission'এর মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকবে এই ২টি পার্ট। প্রথম পার্টে ডেসক্রিপ্টিভ টাইপের ৫০ নম্বরের ৪৫ মিনিটের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) রিডিং / কম্প্রিহেনশন - ১৫ নম্বর, (২) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ১০ নম্বর, (৩) টেস্ট অফ রিজনিং / অ্যাপ্টিটিউড - ১০ নম্বর, (৪) নিউমেরিক্যাল এবিলিটি / অ্যারিথমেটিক - ১৫ নম্বর। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। দ্বিতীয় পার্টে থাকবে বিষয়ভিত্তিক ৫০ নম্বরের ৪৫ মিনিটের পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে কিংবা অফলাইনে। অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে www.wbpsc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন।

রাজ্য সরকারে ক্লার্ক, কৃষি প্রযুক্তি সহায়ক ও ভূমি সহায়ক

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন জেলা অফিস ও রিজিওন্যাল অফিসের বিভিন্ন দপ্তরে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক / অ্যাসিস্ট্যান্ট', 'ভূমি সহায়ক', 'আমিন', 'ড্রাফটসম্যান', 'কৃষি প্রযুক্তি সহায়ক' ও 'ভেটেরিনারি ফার্মাসিস্ট' পদে ছেলেমেয়ে নেওয়া হয়। কারা কোন পদের জন্য যোগ্য:

লোয়ার ডিভিশন ক্লার্ক / অ্যাসিস্ট্যান্ট : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার চালানোর কাজে প্রাথমিক পর্যায়ে জ্ঞান থাকতে হবে। কোনো নামী সংস্থা থেকে অন্তত ৬ মাস মেয়াদের জন্য কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি ও বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ২৫টি শব্দ তোলার গতি থাকতে হবে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা।

ভূমি সহায়ক : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানায় দক্ষতা থাকতে হবে। মাইনে ওপরের মতো।

আমিন : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার চালানোর কাজে প্রাথমিক পর্যায়ে জ্ঞান থাকতে হবে। কোনো নামী সংস্থা থেকে অন্তত ৬ মাস মেয়াদের জন্য কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি ও বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ২৫টি শব্দ তোলার গতি থাকতে হবে। মাইনে ওপরের মতো।

ড্রাফটসম্যান : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ সার্ভে ইনস্টিটিউট থেকে সিনিয়র সার্ভেয়রশিপ সার্টিফিকেট বা, আই.টি.আই. থেকে সার্ভেয়রশিপ সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। সার্ভের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৫০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা।

কৃষি প্রযুক্তি সহায়ক : উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা।

ভেটেরিনারি ফার্মাসিস্ট / ফার্মাসিস্ট কাম ড্রেসার : বায়োলজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভেটেরিনারি ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ কিংবা ভেটেরিনারি ফার্মাসির ডিপ্লোমা (In service abridged -Condensed) কোর্স পাশ হতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৫০০ টাকা ও গ্রেড পে ৩,২০০ টাকা।

লোয়ার ডিভিশন ক্লার্ক / অ্যাসিস্ট্যান্ট, ভূমি সহায়ক, আমিন ও কৃষি প্রযুক্তি সহায়ক পদের বেলায় চাকরি হবে 'সি' গ্রুপে। এক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ড্রাফটসম্যান ও ভেটেরিনারি ফার্মাসিস্ট পদের বেলায় চাকরি হবে 'বি' গ্রুপে। এক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪২ বছরের মধ্যে। শুরুতে ৩ বছর প্রবেশনে থাকতে হবে। তখন বেসিক পে ও গ্রেড পে পাবেন। এছাড়াও বছরে ৩% হারে ইনক্রিমেন্ট পাবেন ও ডাক্তারি ভাতা পাবেন। সব পদই তপশিলীদের জন্য সংরক্ষিত।

প্রার্থী বাছাই করে 'West Bengal Public Service Commission'.

লোয়ার ডিভিশন ক্লার্ক / অ্যাসিস্ট্যান্ট, ভূমি সহায়ক, আমিন, ড্রাফটসম্যান পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হয় দু'টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) ইংরিজি - ৩০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘণ্টা।

দ্বিতীয় পার্টে থাকে দু'টি গ্রুপ। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম গ্রুপে থাকে ইংরিজি বিষয় ও দ্বিতীয় গ্রুপে থাকে বাংলা / হিন্দি / উর্দু / নেপালী বিষয়। প্রতিটি গ্রুপে থাকবে ৫০ নম্বর। সময় থাকে মোট ১ ঘণ্টা। প্রথমে পার্ট-।'এর উত্তরপত্র দেখা হবে। পার্ট-।'এ নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে তবেই পার্ট-।।'র উত্তরপত্র দেখা হবে। চূড়ান্ত মেধা তালিকা তৈরির সময় উভয় পার্টে পাওয়া নম্বর দেখা হবে।

কৃষি প্রযুক্তি সহায়ক ও ভেটেরিনারি ফার্মাসিস্ট পদের বেলায় প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

কলকাতা হাই কোর্টে চাকরি

কলকাতা হাইকোর্টের অরিজিন্যাল সাইড ও রাজ্যের জেলা জাজেস কোর্টে এইসব পদে লোক নেওয়া হয়:

লোয়ার ডিভিশন ক্লার্ক : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। ইংরিজি টাইপ রাইটিংয়ে দক্ষতা থাকলে অগ্রাধিকার পাওয়া যায়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। চাকরি হয় 'সি' গ্রেডে।

ইংলিশ টাইপিস্ট /কপিয়িস্ট : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

বেঙ্গলী টাইপিস্ট /কপিয়িস্ট : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ২০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

বেঙ্গলী ট্রান্সলেটর : ইংরিজির অনার্স গ্র্যাজুয়েটরা বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করায় দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হয় ১৮ থেকে ৪২ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। চাকরি হয় 'বি' গ্রুপে।

ইংলিশ স্টেনোগ্রাফার : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। চাকরি হয় 'বি' গ্রেডে।

বেঙ্গলী স্টেনোগ্রাফার (বেসিক গ্রেড) : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা বাংলা টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ২০টি ও ৬০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত কম্পিউটার ট্রেনিং ইনস্টিটিউট থেকে কম্পিউটার সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার টাইপিংয়ে যথার্থ টাইপিং স্পীড থাকতে হয়। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। চাকরি হয় 'বি' গ্রেডে।

প্রসেস সার্ভার : ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৮০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

পিওন / অফিস পিওন : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

এরপর ২২ পাতায়

অল্প পুঁজিতে স্বনির্ভরতার দিশা মাশরুম চাষ

নিজস্ব প্রতিনিধি : রাজ্যে কৃষি ভিত্তিক ব্যবসায় এক নতুন দিগন্ত খুলে দিয়েছে মাশরুম চাষ। অল্প পুঁজিতে বিজ্ঞানভিত্তিক ভাবে মাশরুম চাষ করে গ্রামের ছেলে-মেয়েরা চটজলদি স্বনির্ভর হতে পারেন। মাশরুম 'গরিবের মাংস' নামে পরিচিত। মাশরুমে রয়েছে নানা খনিজ উপাদান, ভিটামিন বি কমপ্লেক্স ও ১৮ রকমের অ্যামাইনো অ্যাসিড। মাশরুম সহজপাচ্য খাবার বলে শিশু ,গর্ভবতী মহিলা, বয়স্ক মানুষ , হার্টের অসুখ, ডায়াবেটিস, গ্যাসের সমস্যা, কোষ্ঠকাঠিন্য, হাইপারটেনশন ও রক্তাল্পতা রোগীদের জন্য এক উপকারি খাদ্য।

মাশরুম কেন চাষ করবেন : (১) চাষের কাজে ব্যবহার করা বর্জ্য পদার্থ যেমন, খড়, গাছের শুকনো পাতা, ধানের কুঁড়ো/তুষ, প্রভৃতি। যা গ্রামীণ এলাকায় প্রচুর পরিমাণে পাওয়া যায়। হিসাব করে দেখা গেছে, আমাদের দেশে ৪২০ মিলিয়ন টন কৃষিজ বর্জ্য পড়ে নষ্ট হয়। যা ব্যবহার করে ৩১০ মিলিয়ন টন মাশরুম চাষ করা যেতে পারে। যা থেকে ১০ মিলিয়ন টন প্রোটিন আমরা পেতে পারি যা ভারতের মতো দেশে অপুষ্টির অভাব পূরণে অনেকটাই সাহায্য করতে পারে। (২) খুব কম খরচে মাশরুম চাষ করা যায়। (৩) সরকারি, বেসরকারি সংস্থা ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা গ্রামের ছেলে-মেয়েদের স্বনির্ভরতার জন্য নিখরচায় মাশরুম চাষের ট্রেনিং ও ব্যবসার জন্য আর্থিক সাহায্য দেয়। (৪) স্বনির্ভর গোষ্ঠীর মেয়েরা বাজারে ঝিনুক মাশরুম ৮০ থেকে ১০০ টাকা ও খড়ের মাশরুম ৬০ থেকে ৭০ টাকা কেজি দরে বিক্রি করতে পারেন। (৫) মাশরুম চাষের জন্য খুব কম জায়গার দরকর হয় যা বাড়ির বারান্দা বা ফেলে রাখা ঘরে চাষ করা যায়।

মাশরুম চাষের অসফলতার কারণ : (১) খড় তৈরির জন্য দরকারি ট্রেনিংয়ের অভাব। (২) ভালো মানের স্পন বাছাইয়ের অদক্ষতা (৩) সময় মতো স্পানের অপ্রতুলতা (৪) পরিচর্যার অভাব (৫) ব্যবস্থাপনার অভাব

কোন ধরনের মাশরুম : পশ্চিমবঙ্গে খাবার মাশরুম হিসাবে সাধারণভাবে এই ৩ ধরনের মাশরুম চাষ করা হয়- ওয়েস্টার, স্ট্র ও বাটন মাশরুম। মাশরুম সারা বছর চাষ করা যায়। স্ট্র মাশরুম সাধারণত গরম কালে ও বর্ষাকালে চাষ করা যায়। ওয়েস্টার মাশরুম শীতকালে চাষের উপযুক্ত। মাশরুম পরিবেশ বান্ধব যা পর্যায়ক্রমে জৈবসার উৎপাদনে সাহায্য করে ও পরিবেশ দূষণ রোধে সাহায্য করে।

স্ট্র মাশরুম তৈরির জন্য যা যা লাগে : স্ট্র মাশরুমের বৈজ্ঞানিক নাম ভলভ্যারিয়েল্লা ভলভাসিয়া।

তাপমাত্রা : আদর্শ তাপমাত্রা ২৫ থেকে ২৮ ডিগ্রি সেলসিয়াস, ২৫ ডিগ্রি সেলসিয়াসের কম ও ৪০ ডিগ্রি সেলসিয়াসের বেশি তাপমাত্রা উপযুক্ত নয়। **আর্দ্রতা :** ৮৫ থেকে ৯৫ শতাংশ আর্দ্রতা মাশরুম চাষের উপযুক্ত। বেশি তাপমাত্রা থেকে মাশরুমকে বাঁচাতে মেঝে ও জানালায় পুরোনো চটের পাটের বস্তা ঝুলিয়ে জল স্প্রে করতে হবে। শীতকালে রাতের সময় মাশরুমের ঘরে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করতে হবে।

বেড সাইজ : আড়াই ফুট বাই আড়াই ফুট হবে।

দরকারি খড় : ১৫ কেজি বা ২০ থেকে ২৫ বান্ডিল প্রতিটা বেডের জন্য। **দরকারি স্পন :** এক বোতল বা ৩৫০ গ্রাম-৪০০ গ্রাম প্রতিটা বেডের জন্য। স্পনের গড় আয়ু ২১ দিন থেকে ১ মাসের মধ্যে রাখতে হবে। **দরকারি ডালের গুঁড়ো :** ছোলা বা মাসকলাই ডালের গুঁড়ো ৩৫০ থেকে ৪০০ গ্রাম প্রতিটা বেডের জন্য।

দরকারি পলিথিন : বেড তৈরি করার পর, ৬ ফুট বাই ৬ ফুটের পলিথিনের চাদর দিয়ে বেড ঢেকে দিতে হবে। সাদা রঙের পলিথিন হলে ভালো হয়।

খড়ের পিএইচ-র পরিমাণ : খড়ে অল্প ক্ষারের পরিমাণ থাকলে মাশরুমের ক্ষেত্রে ভালো হয়। তাই ১ কেজি চুন, ১০০ লিটার জলে মিশিয়ে খড়ে প্রয়োগ করতে হবে।

খড়ের আর্দ্রতার পরিমাণ : খড়ের আর্দ্রতার পরিমান ৬৫% হলে ভালো হয়। বেশি বা কম হলে মাইসেলিয়াম নষ্ট হয়ে যাবে।

দরকারি আলো : সরাসরি সূর্যের আলোর দরকার নেই। কিন্তু মাশরুমের সব বেড আলো ও অন্ধকারের মাঝামাঝি জায়গায় রাখতে হবে। গাছের নীচে মাশরুম চাষ করলে বেডের ওপর গাছের ডাল, শুকনো খড় বা পলিথিন দিয়ে ঢেকে রাখতে হবে।

রোগ প্রতিরোধক ব্যবস্থা : খড় দিয়ে ভেজানোর পর গরম জল দিয়ে রোগ প্রতিরোধক ব্যবস্থা গড়ে তুলতে হবে। অথবা জল দিয়ে খড় ভেজানোর সময় ব্যাভিস্টিন ৮ গ্রাম অথবা ফরমালিন ৫ গ্রাম ১০০ মিলি/ ১০০ লিটার জলে গুলে দিতে হবে। মাশরুম বেডগুলিকে ফরমালিন দিয়ে প্রতি ২ থেকে ৩ মাস অন্তর পরিষ্কার করতে হবে। **মাশরুম চাষের সময়কাল :** সব মাশরুম তুলতে ১ মাস সময় লাগবে।

ফলন : ১৪ থেকে ১৫ দিন পর প্রথম দফায় ৯০% থেকে ৯৫% ও আবার ৯ থেকে ১০ দিন পর দ্বিতীয় দফায় বাকি ৫% থেকে ১০% ফলন পাওয়া যায়। গড়ে প্রতি বেড থেকে ১ কেজি ফলন পাওয়া যায়।

স্ট্র মাশরুম তৈরির উপায় : (১) ভালো মানের সাদা রঙের শক্ত খড় ১৫ থেকে ২০ আঁটি প্রতিটা বেডের জন্য নিতে হবে।

(২) খড়ের পাতা ঝেড়ে ফেলে দিয়ে সিমেন্টের তৈরি বড় গামলাতে ১০ থেকে ১২ ঘণ্টা ভিজিয়ে রাখতে হবে। (৩) ভেজানো খড়ের রোগ প্রতিরোধের জন্য ১০০ লিটার জলে ১০০ মিলি ফরমালিন বা ৮ গ্রাম বেভিস্টিন বা ১ ঘণ্টা গরম জলে চুবিয়ে রাখতে হবে। (৪) জল থেকে খড়ের আঁটি তুলে ছায়াযুক্ত জায়গায় ২ থেকে ৩ ঘণ্টা পর্যন্ত শুকিয়ে নিন। (৫) মাশরুমের স্পনের প্যাকেট খুলে চারভাগ করে নিন। (৬) ইটের ওপর আড়াই বাই আড়াই ফুট বাঁশের কাঠামো বা ফ্রেম তৈরি করে ধাপে ধাপে খড় বিছিয়ে নিন। (৭) প্রথম ও দ্বিতীয় ধাপে চারভাগের একভাগ স্পন ও ডালের গুঁড়ো বাঁশের কাঠামোর চারদিকে মিশিয়ে দিন। লক্ষ্য রাখবেন বাঁশের কাঠামোর প্রতিটা কোনায় যেন ১০ সেন্টিমিটারের মতো জায়গা স্পন ও ডালের গুড়ো না মেশানো হয়। তৃতীয় ধাপে বাকি ২ তৃতীয়াংশ স্পন ও ডালের গুড়ো মিশিয়ে দিন। চতুর্থ ধাপে আকারে পাতলা হবে যাতে মাশরুম বড়ো হওয়ার জন্য পর্যাপ্ত জায়গা পায়। পর্যায়ক্রমে সব ধাপ বিপরীত মুখোমুখি করে তৈরি করতে হবে। খড়ের ধাপ গুলোকে সাদা রঙের পলিথিন দিয়ে চারদিকে শক্ত করে বেঁধে ৭ দিন পর্যন্ত রাখুন। তারপর খুলে দিন। (৮) পলিথিন খোলার ২৪ ঘণ্টা পর থেকে মাশরুম তোলা শেষ না হওয়া পর্যন্ত দিনে ২ থেকে ৩ বার জল স্প্রে করতে হবে।

ওয়েস্টার মাশরুম তৈরির উপাদান : ওয়েস্টার মাশরুমের বৈজ্ঞানিক নাম প্লিউরোটাস ওসট্রিয়েটাস।

তাপমাত্রা : তাপমাত্রা দরকার ২০ থেকে ৩০ ডিগ্রি সেলসিয়াস। তবে চাষের জন্য ২০ থেকে কম ও ৩৫ থেকে বেশি তাপমাত্রা ভালো নয়।

আর্দ্রতা : ৭০% থেকে ৯৫% ভালো। তাপমাত্রা বেশি হলে মেঝেতে জল ঢেলে কিংবা জানালাতে পুরোনো পাটের বস্তা ঝুলিয়ে জল দিয়ে ভিজিয়ে দিয়ে তাপমাত্রা অনেকটা নিয়ন্ত্রনে রাখা যায়।

খড়ের পরিমাণ : প্রতিটা ইউনিটের জন্য দেড় কেজি থেকে ২ কেজি অথবা ৩ আঁটি খড় দরকার।

স্পনের পরিমাণ : প্রতিটা ইউনিটের জন্য এক বোতল অথবা ২০০ গ্রাম স্পন দরকার। স্পন ২১ দিন থেকে ১ মাসের বেশি পুরোনো না হওয়াই ভালো।

গমের পরিমাণ : প্রতিটা ইউনিটের জন্য ২০০ গ্রাম থেকে ২৫০ গ্রাম সেদ্ধ গম দরকার।

পলিথিন : প্রতিটা ইউনিট বা বেডের জন্য ৪০ সেমি বাই ৮০ সেমি পলিথিন ব্যাগের দরকার হয়।

খড়ের পিএইচ পরিমাণ : ওয়েস্টার মাশরুম বাড়ার জন্য কিছুটা ক্ষারত্ব ও অ্যাসিডিটির দরকার হয়। তাই ১০০ গ্রাম চুন, প্রতি কেজি খড়ের মধ্যে প্রয়োগ করতে হবে।

খড়ের আর্দ্রতার পরিমাণ : খড়ের আর্দ্রতার পরিমাণ হবে ৬৫% ।

আলোর দরকার : প্রথম ১৫ দিন মাশরুমের বেড (ক্ষেত্র) গুলোকে অন্ধকার ঘরে রাখলে মাইসেলিয়াম এর বৃদ্ধি ভালো হয়। এরপর বেশি আলোর দরকার হয়। পলিথিনের ব্যাগ খুলে ফেলার পর মাশরুমের বেড (ক্ষেত্র)গুলোকে যেখানে আলো ও অক্সিজেনের আধিক্য বেশি সেরকম জায়গায় ঝুলিয়ে রাখতে হবে।

রোগ প্রতিরোধক : খড়কে ভেজানোর পর রোগ-প্রতিরোধক হিসাবে গরম জল দিয়ে ধুতে হবে অথবা ভ্যাবিস্টিন ৫৮ গ্রাম অথবা ফরমালিন ১০০ মিলি লিটার প্রতি ১০০ লিটার জলে গুলে প্রয়োগ করতে হবে।

সময় : ১ মাস ২১ দিনের মধ্যে মাশরুম চাষ করা যায়।

চাষ করার উপযুক্ত সময় : অক্টোবর থেকে মার্চের মধ্যে চাষ করা যায়। কিন্তু সবচেয়ে উপযুক্ত সময় হল নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাস।

উৎপাদনশীলতা : স্পন বোনার ২১ দিন পর প্রথমবার মাশরুম তোলা যায়। তারপর প্রতি ৭ দিন বাদে বাদে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বার মাশরুম তোলা যায়। গড়ে প্রতিটা বেড থেকে ২ কেজি মাশরুম পাওয়া যায়।

ওয়েস্টার মাশরুম চাষের উপায় : (১) প্রতিটা বেড (ক্ষেত্রের) জন্য ভালো মানের ধানের খড়ের আঁটি দেড় কেজি থেকে ২ কেজি দরকার। (২) খড়ের আগা ঝেড়ে ফেলে দিয়ে ৫ সেমি লম্বা করে কাটতে হবে। (৩) কাটা খড় সিমেন্টের বড়ো গামলার মধ্যে ১০ থেকে ১২ ঘণ্টা ভিজিয়ে রাখতে হবে। (৪) ভেজা খড় ৩০ মিনিট ধরে গরম জলে সিদ্ধ করুন বা ভ্যাবিস্টিন ৮ গ্রাম বা ফরমালিন ১০০ মিলিলিটার প্রতি ১০০ লিটার জলে গুলে দিতে হবে ক্ষতিকর রোগ থেকে প্রতিকারের জন্য। তারপর ছায়া জায়গায় ১ ঘণ্টা ধরে শুকোতে হবে। (৫) মাশরুমের স্পন গুলোকে তিন ভাগে ভাগ করে রাখতে হবে। (৬) পলিথিনের একটা দিকে বেঁধে এর মধ্যে সব খড়কে সমান ধাপে তৈরি করে ভরতে হবে। প্রথম ও শেষ ধাপগুলো আকারে অন্য ধাপ থেকে ছোটো হবে। (৭) পলিথিনের ওপরের মুখ বন্ধ করে ১৫ থেকে ২০ টা ফুটো করতে হবে। ১৪ দিন পর্যন্ত অন্ধকার ঘরে রেখে দিতে হবে। ১৫ দিনে পলিথিন খুলে ঘরে ঝুলিয়ে দিন ও দিনে ২ থেকে ৩ বার জল স্প্রে করুন। (৮) পলিথিন ব্যাগ খোলার ৭ দিন পর প্রথম বার মাশরুম তোলা যাবে। প্রতি সপ্তাহে অন্তত একবার করে ৪ বার মাশরুম তোলা যাবে। (৯) গড়ে প্রতিটা বেড থেকে ২ কেজি করে মাশরুম তোলা যাবে।

সাদা বাটন মাশরুমের উপকারিতা : ভারতের অন্যান্য রাজ্যের মতো এ রাজ্যেও সাদা বাটন মাশরুম খুব জনপ্রিয়। এই মুহূর্তে সারা বিশ্বে এই মাশরুমটার বার্ষিক উৎপাদন প্রায় ২ মিলিয়ন মেট্রিক টন। বাটন মাশরুমের বৈজ্ঞানিক নাম অ্যাগারিকাস বাইস্পোরাস। ফরাসি উদ্ভিদবিদ টার্নফোর্ট ১৭০৭ সালে প্রথম এই মাশরুমটি কৃত্রিম উপায়ে তৈরি করতে সফল হন। এ সাদা বাটন মাশরুম এমন একটা বৈচিত্র্যময় জিনিস, যাতে প্রচুর পরিমাণে মিনারেল ও ভিটামিন পাওয়া যায়। এটা চাষের জন্য খুব বেশি জায়গার দরকার হয় না। এখন, এই মাশরুম খুচরো বাজারে প্রতি কেজি ৩০০ থেকে ৪০০ টাকা পর্যন্ত বিক্রি হয়। বাজারে ভালো চাহিদা থাকায় সাদা বাটন মাশরুম চাষ করে খুব সহজে ভালো আয় করতে পারেন।

বাটন মাশরুম তৈরিতে যা যা লাগে — তাপমাত্রা : আমাদের দেশে বাটন মাশরুম জন্মানোর উপযুক্ত সময় অক্টোবর থেকে মার্চ মাস পর্যন্ত। প্রথমদিকে ২২ থেকে ২৬ ডিগ্রি তাপমাত্রা এর ফলনের জন্য দরকার। এই তাপমাত্রায় এটা খুব তাড়াতাড়ি বাড়ে, এরপর ১৪ থেকে ১৮ ডিগ্রি তাপমাত্রা দরকার। ১৮ ডিগ্রির ওপরে তাপমাত্রা এই মাশরুমগুলোর জন্য ক্ষতিকারক।

সার : বাটন মাশরুম চাষের জন্য বিশেষভাবে তৈরি কম্পোস্ট সার লাগে। যাতে এই মাশরুমের ফলন ভালো হয়। কম্পোস্ট সারকে কাঠের বাক্সে বা ৬ থেকে ৮ ইঞ্চি পুরু স্তরে ছড়িয়ে দিন। কম্পোস্ট সার তৈরি করার জন্য ধানের খড় ব্যবহার করতে পারেন। ধানের খড় ভিজিয়ে রেখে ডিএপি, ইউরিয়া, পটাশ, গম, জিপসাম, ক্যালসিয়ামের সঙ্গে মিশিয়ে পচাতে হবে। এই মিশ্রণটা প্রায় ৩০ দিনের জন্য রাখতে হবে। ১৫ দিন পর এতে নিম কেক, বেকিং গুড়, এমনি গুড় মিশিয়ে নিন। একমাস পর বাভাসিনিন ও ফর্মালিন স্প্রে করার পরে এটাকে মুড়ে অন্তত ৬ ঘণ্টা রাখুন। দেখবেন তাজা কম্পোস্ট সার তৈরি হয়ে যাবে।

ফলন : মাশরুমের খুখি (বীজ) মাটিতে রোপণের ১৫ থেকে ২০ দিন পরে, সার দিতে হবে। পরে ৪ থেকে ৫ দিনের মধ্যে এটা বোতাম বা বটনের আকারে বৃদ্ধি পায়। খুখিটির ক্যাপটি শক্ত হয়ে গেলে ও এর নীচে ঝিল্লি সম্পূর্ণ রূপ ধারণ করলে, এটা ব্যবহারের জন্য তৈরি হয়ে যায়। এরপর হালকাভাবে খুখিটি গিঠের দিক থেকে সংগ্রহ করতে হবে। তবে উন্নত ফলনের জন্য খুখি টাটকা ব্যবহার করাই ভালো। বিক্রির জন্য পলিথিন ব্যাগ ব্যবহার করতে হবে। এখন এই সাদা বাটন খুখির খুচরো দাম প্রতি কেজি ১০০ থেকে ১৫০ টাকা (বাজার দর ওঠানামা করে)।

মাশরুম চাষের খরচ ও লাভ : প্রতিটা বেড পিছু খরচ হয় ১০ টাকা থেকে ১৫ টাকা। বাজার দর কেজি প্রতি ৪০ টাকা ধরে ২ কেজি মাশরুম থেকে আয় হয় ৮০ টাকা। যদি কেউ প্রতিদিন ৫ কেজি ওয়েস্টার মাশরুম চাষ করেন তাহলে তিনি প্রতি মাসে ১৫০ কেজি মাশরুম উৎপাদন করতে পারবেন। যা থেকে ৬,০০০ টাকা আয় হবে ও খরচ বাদ দিয়ে ৩,৭৫০ টাকা লাভ হবে। তবে এটা নির্ভর করে বাজার দর অনুযায়ী ও আপনি কিভাবে ব্যবস্থাপনা সামলাচ্ছেন তার ওপর।

মাশরুম চাষের জন্য স্বাস্থ্য সম্মত পরিষ্কার পরিচ্ছন্নতা অবলম্বন করতে হবে। যেমন- (১) মাশরুম তৈরির ঘরকে পরিষ্কার করে ধুয়ে চুন দিয়ে রঙ করে নিতে হবে। মেঝেতে সাদা চুন জল দিয়ে মুছে নিতে হবে। (২) ঘরের চারপাশ যাতে কোনো নর্দমা বা আগাছা না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। (৩) ঘরে ঢোকার পথে একটা গামলাতে জলের সঙ্গে ২% ফরমালিন মিশিয়ে রাখতে হবে তাতে জুতো বা, পা ভিজিয়ে ভেতরে ঢুকতে হবে। (৪) মাশরুম চাষের সঙ্গে জড়িত সবাইকে পরিষ্কার পরিচ্ছন্ন হতে হবে। (৫) অদরকারি খড় যাতে ঘরের চারপাশে পড়ে না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। (৬) একবার মাশরুম চাষ করার পর আবার নতুন করে চাষ শুরু করার আগে ঘরকে পরিষ্কার করে ধুয়ে চুন দিয়ে হোয়াইট ওয়াস করার পর চাষ শুরু করবেন। (৭) যদি কোনো মাশরুম বেড রোগাক্রান্ত হয়ে পড়ে, তাহলে সেটাকে দূরে কোনো জায়গায় মাটিতে পুঁতে ফেলতে হবে বা পুড়িয়ে ফেলতে হবে। (৮) মাশরুম চাষের জন্য ব্যবহার করা ও উদ্বৃত্ত খড়কে দূরে ফেলে দিতে হবে। (৯) মাশরুমের ভাঙা অংশ কোনোভাবে যেন মাশরুমের ঘরে পড়ে না থাকে সেদিকে লক্ষ্য রাখতে হবে।

কীটপতঙ্গ : মাশরুমের ক্ষতি করে নানা ধরনের মাছি, শামুক ও ইঁদুর। প্রাপ্ত বয়স্ক মাছির ঘরে ঢোকা বন্ধ করতে হবে। চারপাশে নেট ব্যবহার করতে পারেন। এ ছাড়া মাছি ধরার ফাঁদ ব্যবহার করতে পারেন। শামুক ঢুকলে বাইরে ফেলে দিতে হবে ও ঘর পরিষ্কার রা খতে হবে। ইঁদুরের আক্রমণ রুখতে ইঁদুর মারার বিষ প্রয়োগ করতে হবে।

মাশরুম চাষের ট্রেনিং : গ্রামের মেয়েদের ও বেকারদের স্বনির্ভরতার জন্য উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে চোপড়ায় উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র সারা বছর নিখরচায় ট্রেনিং দিয়ে থাকে। এখানে ট্রেনিংয়ের সঙ্গে সঙ্গে মাশরুম তৈরির হাতে কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং দেওয়া হয়। মাশরুম চাষকে আরো লাভজনক করে তোলার জন্য মাশরুমের বোতলজাত আচার তৈরির ট্রেনিংও এখানে দেওয়া হয়।

যোগাযোগের ঠিকানা : উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র, চোপড়া, উত্তর দিনাজপুর, ফোন-৭৫৮৪০৭৭২১০। এছাড়াও নামমাত্র খরচে মাশরুম চাষের ট্রেনিং দেওয়া হয় বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষা কেন্দ্র ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রে। এ ছাড়াও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে নানা সময়ে ট্রেনিং দেওয়া হয়। যেখানে ট্রেনিং নেবেন তারাই বলে দেবেন মাশরুমের স্পন কোথায় পাবেন। বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে ও স্পন পাওয়া যায়। এ ছাড়াও স্থানীয় কৃষি দফতর থেকে দেওয়া হয়।

বাজার : মাশরুম তৈরি করে যেমন বিভিন্ন খোলা বাজারে বিক্রি করতে পারেন তেমনি বিভিন্ন রেস্তোঁরা ও হোটেলে সরবরাহ করতে পারেন। গুণগত মানের দিকে নজর রা খতে হবে।

গত সপ্তাহের পর

১৩ জুলাই : কেন্দ্রীয় মন্ত্রী পীযূস গোয়েলকে, রাজ্যসভায় লিডার অফ দা হাউজ হিসাবে নিয়োগ করা হল। থাওয়ার চাঁদ গেহলটের জায়গায় এই দায়িত্ব পালন করবেন তিনি।

❑ মার্কিনি মহাকাশ সংস্থা 'বোয়িং'এর কাছ থেকে, দশম অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার এয়ারক্র্যাফট 'P–81' পেল ভারতীয় নৌবাহিনী। ২০০৯ সালে ৮টি 'P–81' এয়ারক্র্যাফটের জন্য এই চুক্তিতে স্বাক্ষর করেছিল কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক। তবে, ২০১৬ সালে আরও ৪টি এই ধরনের এয়ারক্র্যাফটের জন্য চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। বাকি ২টি এয়ারক্র্যাফট এবছরের শেষের দিকে ভারতের কাছে আসবে বলে মনে করা হচ্ছে।

পঞ্চমবারের জন্য, নেপালের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন শের বাহাদুর দেউবা।

❑ গুজরাতের কেভাডিয়ায়, কচ্ছের রণ অঞ্চলে, ভারতের একক বৃহত্তম সৌর ফটোভোলটাইক প্রকল্প তৈরি করতে চলেছে ভারতের বৃহত্তম বিদ্যুৎ উৎপাদক সংস্থা 'ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন লিমিটেড' এর সম্পূর্ণ সহায়ক সংস্থা 'এনটিপিসি রিনিউয়েবল এনার্জি লিমিটেড'। প্রকল্পটি শেষ হলে এই সৌর বিদ্যুৎ পার্কটির বিদ্যুৎ ধারণক্ষমতা হবে ৪.৭৫ গিগাওয়াট/৪,৭৫০ মেগাওয়াট। সোলার পার্ক প্রকল্পের মোড ৮'এর (আল্ট্রা মেগা রিনিউয়েবল এনার্জি পাওয়ার পার্ক) আওতায় এটি তৈরি করার অনুমোদন পেয়েছে 'এনটিপিসি রিনিউয়েবল এনার্জি লিমিটেড'। সংস্থাটির লক্ষ্য, ২০৩২ সালের মধ্যে ৬০ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য জ্বালানি ক্ষমতা তৈরি করা।

❑ প্রথম ভারতীয় বিচারক হিসাবে, আসন্ন 'টোকিও অলিম্পিক'এ উপস্থিত থাকবেন দীপক কাবরা, যা ভারতীয় অলিম্পিক জিমন্যাস্টিক্সের ইতিহাসে প্রথমবার ও অবশ্যই বিরল নজির। ২৩ জুলাই থেকে শুরু হওয়া, পুরুষ আর্টিস্টিক জিমন্যাস্টিক্সের বিচারকের আসনে দেখা যাবে তাঁকে।

❑ ২০২৬ সালে 'ওয়ার্ল্ড ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপ' আয়োজন করবে ভারত।

১৪ জুলাই : প্রথম উপসাগরীয় দেশ হিসাবে, ইজরায়েলে দূতাবাস চালু করল সংযুক্ত আরব আমিরশাহী। ২ দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্বাভাবিক করার চুক্তি স্বাক্ষর করার প্রায় ১ বছর পর, ইজরায়েলের তেল আভিভ স্টক এক্সচেঞ্জ ভবনে এই দূতাবাস চালু হল।

❑ বিশ্বের বৃহত্তম ভাসমান সৌর প্যানেল ফার্ম তৈরি করল সিঙ্গাপুর, যা ৪৫টি ফুটবল মাঠের সমান অঞ্চল জুড়ে বিস্তৃত। এই প্রকল্প থেকে যে পরিমাণ বিদ্যুৎ উৎপাদন করা হবে, তা দিয়ে দেশটির ৫টি জল শোধনাগার চালানো যাবে। এই সৌর প্যানেল এমনভাবে নকশা করা হয়েছে, যাতে বায়ু প্রবাহিত হতে পারে ও জলের মধ্যে সূর্যের আলো পড়তে পারে। 'সিঙ্গাপুর পাব্লিক ইউটিলিটি বোর্ড'এর সহযোগিতায়, পশ্চিম সিঙ্গাপুরের 'টেঙ্গে' জলাশয়ে ৬০ মেগাওয়াট উচ্চতা বিশিষ্ট এই সৌর ফটোভোলটাইক ফার্মটি তৈরি করেছে 'সেম্বকর্প ইন্ডাস্ট্রিজ'এর সম্পূর্ণ মালিকানাধীন সহায়ক সংস্থা 'সেম্বকর্প ফ্লোটিং সোলার সিঙ্গাপুর'। এই সৌর ফার্ম, কার্বন নিঃসরণকে বার্ষিক প্রায় ৩২ কিলো টন কমিয়ে আনতে সাহায্য করবে, যা ৭,০০০টি গাড়ি থেকে নিঃসরণ হওয়া কার্বন-ডাই-অক্সাইডের সমান।

❑ ২০২০-'২১ মরসুমে, মরণোত্তর 'মোহনবাগান রত্ন' সম্মানে ভূষিত হচ্ছেন মোহনবাগানের প্রাক্তন গোলকিপার শিবাজি বন্দ্যোপাধ্যায়। ক্লাবের ইতিহাসে অন্যতম সেরা গোলরক্ষক ছিলেন তিনি।

❑ পরিবেশ রক্ষায় অসামান্য অবদানের জন্য, এবছরের 'অনিরুদ্ধ ভার্গব-ইনট্যাচ' পুরস্কার পাচ্ছেন কলকাতার নগরপাল সৌমেন মিত্র। 'ইন্ডিয়ান ন্যাশনাল ট্রাস্ট ফর আর্ট অ্যান্ড কালচারাল হেরিটেজ'এর (ইনট্যাচ) লাইফ মেম্বার রঞ্জিৎ ভার্গব একথা জানিয়েছেন। ছেলে অনিরুদ্ধর স্মৃতিতে এই পুরস্কার চালু করেছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, খুব অল্প সময়ের মধ্যেই, ব্যারাকপুরে 'স্বামী বিবেকানন্দ রাজ্য পুলিশ আকাদেমি'তে একটি অসাধারণ ইকোলজিক্যাল ক্যাম্পাস তৈরি করতে উদ্যোগী হন তিনি।

১৫ জুলাই : রেশন তোলার সময় ঝামেলা এড়াতে ও তাতে স্বচ্ছতা আনতে, ভারতের প্রথম 'শস্য বিতরণ এটিএম' চালু হল হরিয়ানার গুরুগ্রাম জেলার ফারুখনগরে। প্রাথমিক প্রকল্প হিসাবে এটি চালু হয়েছে। 'রাষ্ট্রসঙ্ঘ'এর 'ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম'এর অধীনে স্থাপিত হওয়া, এই মেশিনটির নাম 'অটোমেটেড, মাল্টি কমোডিটি, গ্রেইন ডিসপেন্সিং মেশিন'। টাচ স্ক্রিনের এই মেশিনটি বায়োমেট্রিক পদ্ধতিতে চলবে, যেখানে সুবিধাভোগীকে আধার কার্ড বা রেশন কার্ডের নম্বরটি দিতে হবে। এই মেশিনের মাধ্যমে ৩ ধরনের (চাল, গম ও বাজরা) শস্য বিতরণ করা হবে।

❑ ২০২০-'২১ সালে 'এএফসি উওমেনস ক্লাব চ্যাম্পিয়নশিপ'এ ভারতের প্রতিনিধিত্ব করার জন্য 'গোকুলাম কেরালা এফসি'র মহিলা দলকে মনোনীত করল 'অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন', যা এবছর অক্টোবর-নভেম্বরে অনুষ্ঠিত হবে। কেরালার প্রথম দল হিসাবে, বেঙ্গালউরুতে ক্রিফসা এফসি'কে হারিয়ে, ২০১৯-'২০ সালে 'ইন্ডিয়ান উওমেনস লিগ'এ চ্যাম্পিয়ন হয়েছিল 'গোকুলাম কেরালা এফসি'।

❑ প্রকাশ পেল ভারতীয় অলিম্পিয়ানদের জন্য গান 'হিন্দুস্তানি ওয়ে'। গানটির সুর দিয়েছেন এ.আর.রহমান ও গানটি গেয়েছেন অনন্যা বিড়লা। অলিম্পিকে ভারতের গৌরবময় ইতিহাস ফুটে উঠেছে এই গানে। যেখানে গান শুরু হতেই দেখা গেছে ১৯৯৬ সালে লিয়েন্ডার পেজের জয়ের মুহূর্ত। একে একে সেখানে এসেছে ২০০৪ সালে রাজ্যবর্ধন সিংহ রাঠোরের রুপোর পদক জয়। এছাড়াও, দেখা গিয়েছে পি.ভি.সিন্ধু ও সাক্ষী মালিককেও।

১৬ জুলাই : ভারতের প্রথম চালকবিহীন পড ট্যাক্সি চলবে 'নয়ডা আন্তর্জাতিক গ্রিনফিল্ড বিমানবন্দর' (বা 'জেওয়ার বিমানবন্দর') ও গ্রেটার নয়ডার 'নয়ডা ফিল্ম সিটি'র মধ্যে, যার দূরত্ব প্রায় ১৪ কিলোমিটার। এই পড ট্যাক্সিতে ৪ জন থেকে ৬ জন যাত্রী বসতে পারবেন। এর ফলে ভ্রমণের সময় কমবে ও যাত্রীরা নির্বিঘ্নে ভ্রমণ করতে পারবেন বলে মনে করা হচ্ছে। এই প্রকল্পের জন্য মোট খরচ হবে ৮৬২ কোটি টাকা।

৩ বারের 'জাতীয় পুরস্কার'প্রাপ্ত প্রবীণ টেলিভিশন ও চলচ্চিত্রাভিনেত্রী সুরেখা সিক্রি (৭৫ বছর) মারা গেলেন। হিন্দি টেলিভিশন ধারাবাহিক 'বালিকা বধূ'তে অভিনয়ের জন্য সবথেকে বেশি পরিচিত ছিলেন তিনি। 'তামাস' (১৯৮৮), 'মাম্মো' (১৯৯৫) ও 'বধাই হো' (২০১৮) এই ৩টি চলচ্চিত্রের জন্য 'সেরা সহ- অভিনেত্রী' হিসাবে 'জাতীয় পুরস্কার' পেয়েছিলেন তিনি।

❑ সংবিধান (১০৩ তম সংশোধন) আইন ২০১৯ অনুসারে, রাজ্য সরকারের প্রাথমিক পদে ও চাকরিতে নিয়োগের ক্ষেত্রে, কাপু সম্প্রদায় ও অর্থনৈতিকভাবে দুর্বল সম্প্রদায়ের জন্য ১০% সংরক্ষণের ঘোষণা করল আন্ধ্রা প্রদেশ সরকার।

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

❑ দেশের কৃষকদের 'সঠিক সময়ে সঠিক তথ্য' দিতে যৌথভাবে 'কিষাণ সারথি' নামে ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করলেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী নরেন্দ্র সিং তোমর আর কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। এর ফলে, প্রত্যন্ত গ্রামাঞ্চলে কৃষকদের কাছে প্রযুক্তিগত সুযোগসুবিধা পৌঁছে দেওয়া সহজ হবে।

আফগানিস্তানের কান্দাহার প্রদেশের স্পিন বলডাক জেলায়, আফগান সেনা ও তালিবানদের মধ্যে লড়াইয়ের রিপোর্টিং করার সময় সংঘর্ষে মারা গেলেন 'পুলিৎজার' পুরস্কারপ্রাপ্ত ভারতীয় চিত্রসাংবাদিক দানিশ সিদ্দিকি। আন্তর্জাতিক সংবাদ সংস্থা 'রয়টার্স'এর প্রধান চিত্র সাংবাদিক ছিলেন তিনি। ২০১৮ সালে, সহকর্মী আদনান আবিদির সঙ্গে ফিচার ফটোগ্রাফিতে 'পুলিৎজার' পুরস্কার পান তিনি।

❑ ভারতে প্রথম 'মঙ্ক ফল' (বিজ্ঞানসম্মত নাম '*Siraitia grosvenorii*') চাষের অনুশীলন শুরু হল হিমাচল প্রদেশের কুলুতে। হিমাচল প্রদেশের কাঙরা জেলার পালামপুরে অবস্থিত কাউন্সিল অফ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ - ইনস্টিটিউট অফ হিমালয়ান বায়োরিসোর্স টেকনোলজি এই উদ্যোগ নিয়েছে। এই ফল শুধুমাত্র চিনে চাষ হয়, যা মিষ্টি জাতীয় ফল। এটি একটি নন-ক্যালোরিক সুমিষ্ট ফল, যার আয়ুর্বেদিক গুণাগুণ অপরিসীম। চিন থেকে বীজ আমদানি করা হয়েছে ও এর ৩ বছর পর ফিল্ড ট্রায়াল শুরু হয়েছে। ফিল্ড ট্রায়ালের জন্য, রায়সন গ্রামে মানব খুল্লার নামে এক কৃষকের জমিতে এই ফলের ৫০টি চারা রোপণ করা হয়েছিল। এই ফলের আর্থিক সুবিধা হেক্টর প্রতি ৩ লাখ থেকে সাড়ে ৩ লাখ টাকার মধ্যে হবে বলে মনে করা হচ্ছে।

১৮ জুলাই : 'কমন হাই কোর্ট অফ ইউটি অফ জম্মু অ্যান্ড কাশ্মীর অ্যান্ড ইউটি অফ লাদাখ'এর নাম বদল করে 'হাই কোর্ট অফ জম্মু অ্যান্ড কাশ্মীর অ্যান্ড লাদাখ' রাখল কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রক। এই বদল আনতে, রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ জম্মু ও কাশ্মীর পুনর্গঠন (অসুবিধা অপসারণ) আদেশ, ২০২১'এ স্বাক্ষর করেছেন।

❑ ক্রীড়া জগতে বিশেষ অবদানের জন্য, বিশ্বের দ্বিতীয় ব্যক্তি (২০১৬ সালে 'রিও অলিম্পিক'এ প্রথমবার এই পুরস্কার পান কেনিয়ার প্রাক্তন অলিম্পিয়ান কিপ কেইনো) হিসাবে, আসন্ন 'টোকিও অলিম্পিক গেমস'এ 'অলিম্পিক লরেল' পুরস্কার পেতে চলেছেন বাংলাদেশের সামাজিক উদ্যোক্তা ও অর্থনীতিবিদ মহম্মদ ইউনুস। প্রসঙ্গত উল্লেখ্য, শিক্ষা, সংস্কৃতি, উন্নয়ন ও শান্তি প্রতিষ্ঠায় বিশেষ অবদান রাখা ব্যক্তিদের 'অলিম্পিক লরেল' পুরস্কার দেওয়া হয়। সেই লক্ষ্যে, ২০১৬ সালে প্রথমবারের মতো এই পুরস্কার দেওয়ার প্রচলন শুরু হয়।

❑ জার্মানির ডর্টমুন্ডে, রাশিয়ার ভ্লাদিমির ক্রামনিককে হারিয়ে, 'স্পার্কাসসেন ট্রফি' জিতলেন প্রাক্তন বিশ্ব দাবা চ্যাম্পিয়ন বিশ্বনাথন আনন্দ। নন-ক্যাসলিং দাবা ইভেন্টের ফাইনাল খেলায় আনন্দের শুধুমাত্র একটি ড্র'এর দরকার ছিল ও তিনি এটি ৪০টি মুভে অর্জন করেন।

❑ আই.সি.সি'র ৭৮ তম বার্ষিক সাধারণ সভায়, মঙ্গোলিয়া, তাজিক-ই-স্তান ও সুইৎজারল্যান্ডকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করল 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'। মঙ্গোলিয়া ও তাজিক-ই-স্তান, এশিয়া অঞ্চলের ২২ তম ও ২৩ তম সদস্য। সুইৎজারল্যান্ড, ইউরোপের ৩৫ তম সদস্য। এর ফলে, আই.সি.সি'তে এখন ৯৪টি সহযোগী দেশ-সহ মোট ১০৬টি সদস্য দেশ রয়েছে।

❑ 'ব্রিটিশ গ্রাঁ প্রি' জিতলেন মার্সিডিজের লুইস হ্যামিল্টন (গ্রেট ব্রিটেন)।

১৯ জুলাই : সংরক্ষণ ও জীববৈচিত্র্যের ক্ষেত্রে অসামান্য কাজের জন্য, ২০২১ সালে ১২ তম 'ইউএনডিপি ইকুয়েটর পুরস্কার' পেল ২টি ভারতীয় সংস্থা 'আধিমালাই পাজহাঙ্গুওরিইনার প্রোডিউসার কোম্পানি লিমিটেড' (তামিলনাড়ুতে অবস্থিত) ও 'স্নেহকুঞ্জ ট্রাস্ট' (কর্ণাটকে অবস্থিত)। সারা বিশ্বের ১০ পুরস্কার প্রাপকদের মধ্যে এই পুরস্কার পেল এই ২ ভারতীয় সংস্থা। পুরস্কার বিজয়ীদের ১০,০০০ মার্কিন ডলার দেওয়া হয়েছে।

❑ ২০২১ সালে, ৭৪ তম 'কান চলচ্চিত্র উৎসব'এ, 'সেরা ডকুমেন্টারি'র জন্য "ল'ওয়েল ডি'ওর" (গোল্ডেন আই) পুরস্কার জিতলেন মুম্বইয়ের চলচ্চিত্র পরিচালক পায়েল কাপাডিয়া। 'এ নাইট অফ নোয়িং নাথিং' চলচ্চিত্রটির জন্য এই পুরস্কার পেলেন তিনি। সারা বিশ্বের ২৮টি ডকুমেন্টারির মধ্যে থেকে এই পুরস্কার জিতেছে এই চলচ্চিত্রটি।

❑ গুজরাতের কচ্ছ জেলায় কুনারিয়া গ্রামে সফলভাবে বালিকা পঞ্চায়েত গঠিত হল। এই বালিকা পঞ্চায়েতের প্রথমবারের নির্বাচন সফলভাবে সম্পন্ন হল। টেলিভিশন সিরিজ 'বালিকা বধূ' থেকে অনুপ্রাণিত হয়ে, এই বালিকা পঞ্চায়েতের সফল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। যার লক্ষ্য হল, ভবিষ্যতে পঞ্চায়েত নির্বাচনের জন্য মেয়েদের মধ্যে নেতৃত্ব দেওয়ার গুণের বিকাশ ঘটানো। ১০ থেকে ২১ বছর বয়সি কিশোরী-তরুণীরা এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন, যার মাধ্যমে গ্রামের কিশোরী ও তরুণীদের বিভিন্ন সমস্যা তুলে ধরা হবে। এই পঞ্চায়েতটি শুধুমাত্র মেয়েদের জন্য ও তা মেয়েদের মাধ্যমেই পরিচালিত হবে।

❑ 'এইচসিএল টেকনোলজিস লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ স্ট্র্যাটেজি অফিসার পদ থেকে পদত্যাগ করলেন শিব নাদার।

২০ জুলাই : হাইতির প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিলেন এরিয়েল হেনরি।

❑ সৌদি আরবে তৈরি হল ইতিহাস। এই প্রথমবার হজের সময় মক্কায় নিরাপত্তার দায়িত্বে রয়েছেন সৌদি নারী সেনারা। মূলত মুসলিম সমাজের রক্ষণশীলতাকে ভাঙতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এতদিন সেখানে শুধুমাত্র পুরুষরা ঢোকার অনুমতি পেলেও এবার প্রথম মহিলা নিরাপত্তারক্ষী নিয়োগ করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতিবছর হাজার হাজার পুণ্যার্থী মক্কায় হজ করতে যান। কিন্তু করোনা ভাইরাসের কারণে গত বছর হজ বন্ধ ছিল সেখানে। তবে, আবার তা চালু হয়েছে।

❑ স্থানীয় সময় সকাল সাড়ে ৭টা নাগাদ, টেক্সাসের মরুপ্রায় এলাকার 'লঞ্চ সাইট ১' থেকে, নিজেরই সংস্থা 'ব্লু অরিজিন'এর তৈরি 'নিউ শেপার্ড'এ রকেটে চড়ে মহাকাশে স্বল্প ভ্রমণ করলেন 'আমাজন' কর্তা জেফ বেজোস। ভূপৃষ্ঠ থেকে ৮০ কিলোমিটার উচ্চতায় উঠেছিলেন তিনি। তাঁর সঙ্গী হয়েছিলেন ভাই মার্ক বেজোস, মার্কিন যুক্তরাষ্ট্রের ৮২ বছর বয়সি প্রাক্তন মহিলা বিমানচালক ওয়ালি ফাঙ্ক ও ১৮ বছর বয়সি এক ডাচ কিশোর অলিভার ডিমেন। 'নিউ শেপার্ড' রকেটে বেজোসই হলেন প্রথম মানব ক্রু, যিনি মহাকাশে গেলেন। এর আগে ওই রকেটে ১৫টি টেস্ট ফ্লাইট পাঠানো হয়েছে, কিন্তু কোনো মানুষ তাতে চাপেননি।

❑ ২০২১ সালে হাঙ্গেরির বুদাপেস্টে অনুষ্ঠিত 'ক্যাডেট ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ'এ, মার্কিনি প্রতিপক্ষ লুক জোসেফ লিল্লেডাহলকে ৫-২ ব্যবধানে হারিয়ে, ৪৮ কেজি বিভাগে চ্যাম্পিয়ন হলেন ভারতীয় কুস্তিগির আমন গুলিয়া। অন্যদিকে, মার্কিনি প্রতিপক্ষ জেমস মকলার রাউলিকে ৪-০ ব্যবধানে হারিয়ে, ৮০ কেজি বিভাগে চ্যাম্পিয়ন হলেন আরেক ভারতীয় কুস্তিগির সাগর জাগলান।

২১ জুলাই : রাজ্যসভায় ডেপুটি লিডার হিসাবে মনোনীত হলেন কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী মুখতার আব্বাস নকভি।

❑ এই প্রথম অক্সিজেন রেশনিং ডিভাইস 'AMLEX' তৈরি করল আই.আই.টি রোপার, যা অকারণে অক্সিজেন নষ্ট হওয়া আটকাবে ও মেডিক্যাল অক্সিজেন সিলিন্ডারের মেয়াদ ৩ গুণ বাড়িয়ে দেবে। শ্বাসকষ্টের সময় ডিভাইসটি রোগীকে প্রয়োজনীয় পরিমাণ অক্সিজেন সরবরাহ করবে।

❑ কোল্লাম জেলার পেরুমকুলাম গ্রামকে কেরালার প্রথম 'বইয়ের গ্রাম' হিসাবে উপাধি দেওয়া হল। বই পড়ার অভ্যাসকে উৎসাহিত করতে, বহু মানুষের প্রচেষ্টায় এটি সম্ভব হয়েছে। এই গ্রামে 'বাপুজি স্মারক গ্রন্থশালা' নামে গ্রন্থাগার আছে। এই গ্রন্থাগারটি গ্রামের বিভিন্ন জায়গায় 'বইয়ের আবাস' স্থাপন করবে, যেখান থেকে যে কেউ বই নিয়ে পড়তে পারবেন। এখানে ৭ হাজারেরও বেশি বই রয়েছে। কিংবদন্তি মালয়লম লেখক মদথ থেক্কেপাত্তু বাসুদেবন নায়ার এটিকে 'বইয়ের গ্রাম' আখ্যা দিয়েছেন। ☞ এরপর ১২ পাতায়

১০ পাতার পর

২২ জুলাই : পেরুর প্রেসিডেন্ট নির্বাচনে জিতলেন পেদ্রো কাস্তিলো।

□ পেরুর রাজধানী শহর লিমায় অনুষ্ঠিত 'প্যারা বিশ্বকাপ শুটিং'এ, মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল প্যারা ইভেন্টে সোনার পদক পেলেন মধ্য প্রদেশের শুটার রুবিনা ফ্রান্সিস। ২৩৮.১ পয়েন্ট স্কোর করে, তুরস্কের আই সেগুল পেহলিভানলারের বিশ্বরেকর্ড ভেঙে দিয়েছেন ২১ বছর বয়সি রুবিনা। এই জয়ের ফলে টোকিও গ্রীষ্মকালীন প্যারালিম্পিক্স ২০২০'তে যোগ্যতা অর্জন করলেন তিনি।

২০২০-'২১ মরসুমে এআইএফএফ 'বর্ষসেরা পুরুষ ফুটবলার'এর সম্মান পেলেন ভারতীয় জাতীয় ফুটবল দল (ব্লু টাইগারস) ও এটিকে মোহনবাগানের সিনিয়র ডিফেন্ডার সন্দেশ ঝিঙ্গান। পুরুষদের বিভাগে 'বর্ষসেরা উদীয়মান খেলোয়াড়'এর সম্মান পেলেন মিডফিল্ডার সুরেশ সিং ওয়াংজাম। অন্যদিকে, 'বর্ষসেরা মহিলা ফুটবলার'এর সম্মান পেলেন বালা দেবী। এই নিয়ে তৃতীয়বার এই সম্মান পেলেন তিনি। মহিলাদের বিভাগে 'বর্ষসেরা উদীয়মান খেলোয়াড়'এর সম্মান পেলেন মনীষা কল্যাণ।

২৩ জুলাই : বাংলাদেশের কিংবদন্তি লোকসঙ্গীত শিল্পী ফকির আলমগীর (৭১ বছর) মারা গেলেন।

□ অ্যান্টি ড্রোন প্রযুক্তি, অনুপ্রবেশ শনাক্তকরণ সিস্টেম, ব্লকচেইন ও সাইবার ফিজিক্যাল সিস্টেমের সাইবার সিকিউরিটি সলিউশনের জন্য, 'C3i Hub' নামে টেকনোলজি ইনোভেশন হাব চালু করল আই.আই.টি কানপুর।

□ ২০২০ সালে 'টোকিও অলিম্পিক গেমস'এ, ২৫১.৮ স্কোর করে, মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে সোনার পদক পেলেন চিনের ইয়াং কিয়ান। ২৫১.১ স্কোর করে রুপোর পদক পেলেন রাশিয়ার আনাস্তাশিয়া গালাস্নিনা ও ২৩০.৬ স্কোর করে ব্রঞ্জ পদক পেলেন সুইৎজারল্যান্ডের নিনা ক্রিস্টেন।

২৫ জুলাই : 'ইউনেস্কো'র 'বিশ্ব ঐতিহ্য তালিকা'য় স্থান পেল স্পেনের মাদ্রিদের ঐতিহাসিক 'প্যাসিও দেল প্রাদো' ও 'রেটিরো পার্ক'। এই ২টি স্থানই মাদ্রিদের ইতিহাসের অন্যতম দর্শনীয় আকর্ষণ।

□ হাঙ্গেরির বুদাপেস্টে অনুষ্ঠিত, 'বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ, ৭৩ কেজি বিভাগে সোনার পদক পেলেন হরিয়ানার মেয়ে প্রিয়া মালিক। বেলারুশের সেনিয়া পাতাপোভিচকে ৫-০ ব্যবধানে হারিয়ে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি।

২৬ জুলাই : 'আবু ধাবি চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ভাইস চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন এম.এ.ইউসুফ আলি।

□ 'ব্যুরো অফ সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটি'র ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন নাসির কমল।

□ লেবাননের প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন নাজিব মিকাতি।

□ কর্ণাটকের মুখ্যমন্ত্রী পদ থেকে পদত্যাগ করলেন বি.এস.ইয়েদুরাপ্পা।

□ ভারতের প্রথম শহর হিসাবে, সরাসরি ট্যাপ কলের মাধ্যমে ২৪ ঘণ্টা পরিশ্রুত পানীয় জল সরবরাহ করার প্রকল্প চালু হল পুরীতে। এই প্রকল্পের ফলে পুরীর আড়াই লাখ নাগরিক ও প্রতিবছর এই পর্যটন স্থানে আসা ২ কোটি পর্যটকরা উপকৃত হবেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে পুরীতে 'ড্রিঙ্ক ফ্রম ট্যাপ মিশন' বা 'সুজল' প্রকল্পের উদ্বোধন করেছেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়েক। এর ফলে বছরে প্রায় ৪০০ মেট্রিক টন প্লাস্টিকের বর্জ্য থেকে মুক্ত হবে পুরী। প্রসঙ্গত উল্লেখ্য, এই প্রকল্প চালু হওয়ায়, নিউইয়র্ক বা সিঙ্গাপুরের মতো শহরের সঙ্গে পুরীর নামও জুড়ে গেল, যেখানে এইরকম পরিষেবা চালু আছে।

□ বিশ্বের প্রথম দেশ হিসাবে, জিনগতভাবে পরিবর্তিত (জেনেটিক্যালি মডিফায়েড) সোনালি ধানের বাণিজ্যিক উৎপাদনে অনুমোদন দিল ফিলিপিন্স। এটি শিশুদের অপুষ্টি কমাতে সক্ষম একধরনের চাল। প্রায় ২ দশক পরে, 'ইন্টারনাশনাল রাইস রিসার্চ ইনস্টিটিউট'এর সঙ্গে অংশীদারিত্বে এই চাল তৈরি করেছে 'ডিপার্টমেন্ট অফ অ্যাগ্রিকালচার-ফিলিপাইন রাইস রিসার্চ ইনস্টিটিউট'।

□ ইন্দোনেশিয়ার শহর বাটামে, বিশ্বের বৃহত্তম ভাসমান সৌর ফার্ম ও জ্বালানি সঞ্চয় ব্যবস্থা তৈরি করতে চলেছে সিঙ্গাপুরের 'সানস্যাপ গ্রুপ'। ২ বিলিয়ন মার্কিন ডলার খরচে এটি তৈরি হতে চলেছে, যা এর পুনর্নবীকরণযোগ্য বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দ্বিগুণ করবে। এই ভাসমান ফটোভোলটাইক সিস্টেমটির ধারণক্ষমতা ২.২ গিগাওয়াট হবে বলে আশা করা যাচ্ছে। এটি বাটাম দ্বীপে দুরিয়াংকাং জলাশয়ের ওপর ১,৬০০ হেক্টর (৪,০০০ একর) জায়গা জুড়ে থাকবে।

□ ২০১৯ সালের জন্য 'ভারতীয় ক্রীড়া সম্মান'এ 'বর্ষসেরা বিশেষভাবে সক্ষম ক্রীড়াবিদ'এর সম্মান পেলেন বিশ্বের শীর্ষস্থানীয় প্যারা শাটলার প্রমোদ ভগৎ। প্রতিবছর ভারতের অসামান্য ক্রীড়া ব্যক্তিত্বদের, 'বিরাট কোহলি ফাউন্ডেশন'এর সহযোগিতায় এই পুরস্কার দেয় 'আরপিএসজি গ্রুপ'। ২০১৭ সাল থেকে এই পুরস্কার দেওয়া হচ্ছে।

'ইউনেস্কো'র বিশ্ব ঐতিহ্যের স্বীকৃতি পেল তেলেঙ্গানার কাকাতিয়া রুদ্রেশ্বর মন্দির, যা 'রামাপ্পা মন্দির' নামেও পরিচিত। ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য কমিটির বৈঠকে, ১৭টি দেশের সমর্থনেই এই অভিনব সম্মান পেল ত্রয়োদশ শতাব্দীর এই মন্দির। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৪ সালে এই মন্দিরটিকে বিশ্ব ঐতিহ্য স্থানের মর্যাদা দিতে আবেদন জানিয়েছিল ভারত।

২৭ জুলাই : দিল্লি পুলিশ কমিশনার হিসাবে মনোনীত হলেন রাকেশ আস্থানা।

□ কর্ণাটকের মুখ্যমন্ত্রী হিসাবে মনোনীত হলেন বাসবরাজ বোম্মাই।

□ মেঘালয়ের পূর্ব খাসি পাহাড়ের সোহরে, বহু প্রতীক্ষিত 'গ্রেটার সোহরা জল সরবরাহ প্রকল্প'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও রাজ্যের মুখ্যমন্ত্রী কনরাড কে.সাংমা। এই প্রকল্পের আওতায়, সোহরা শহর ও তার কাছের ১২টি এলাকায় নলের মাধ্যমে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা হবে। মেঘালয় সরকার এই জল সরবরাহ প্রকল্পটি তৈরিতে মোট ২৪.০৮ কোটি টাকা খরচ করেছে।

□ 'ইউনেস্কো'র 'বিশ্ব ঐতিহ্য কমিটি'র ৪৪ তম অধিবেশন চলার সময়, 'বিশ্ব ঐতিহ্য স্থান'এর মর্যাদা পেল হরপ্পা সভ্যতার ঐতিহাসিক শহর ধোলাভিরা। গুজরাতের বৃহত্তম কচ্ছের রান অঞ্চলের খাদির বেটের ভাচাউ তালুকে অবস্থিত এই শহরটি। ১৯৬৭ সালে ভারতীয় প্রত্নতত্ত্ববিদ জগৎ পতি জোশী খননকার্যের মাধ্যমে এই শহরটি আবিষ্কার করেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৪ সাল থেকে 'ইউনেস্কো'র সম্ভাব্য তালিকায় ছিল ধোলাভিরা।

□ অসমের দিমা হাসাও জেলার মন্দারদিসা গ্রামে, উত্তর-পূর্বের প্রথম বাঁশ শিল্প উদ্যানের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। ৭৫ হেক্টর অঞ্চল জুড়ে তৈরি হওয়া এই প্রকল্পটি বাস্তবায়িত করবে উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক। এজন্য মোট ৫০ কোটি টাকা খরচ হবে বলে মনে করা হচ্ছে। প্রকল্পটি তৈরি হয়ে গেলে, এই অঞ্চলের অর্থনীতিতে একটি নতুন যুগের সূচনা হবে ও স্থানীয় যুবক-যুবতীদের জন্য বিপুল পরিমাণ কর্মসংস্থানের সুযোগও তৈরি হবে বলে মনে করা হচ্ছে।

□ আয়ুশের প্রচারের জন্য ও এটিকে কর্মসংস্থানের সঙ্গে যুক্ত করতে, 'দেবারণ্য' প্রকল্প চালু করল মধ্য প্রদেশ সরকার। এই প্রকল্পটি রাজ্যের উপজাতি অঞ্চলে বসবাসকারী মানুষদের কর্মসংস্থান দিতে সাহায্য করবে। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যে আয়ুশ ওষুধ উৎপাদনের জন্য একটি সম্পূর্ণ ভ্যালু চেইন তৈরি করা হবে। এজন্য কৃষি উৎপাদক সংস্থা, আয়ুশ বিভাগ, বন বিভাগ, পল্লী উন্নয়ন বিভাগ, উদ্যানতত্ত্ব বিভাগ, উদ্যান বিভাগ, কৃষি বিভাগ, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ বিভাগ, শিল্প নীতি ও বিনিয়োগ প্রচার বিভাগ আর উপজাতি বিষয়ক বিভাগ একসঙ্গে কাজ করবে।

□ 'টোকিও অলিম্পিক গেমস'এ, স্কেটবোর্ডিং প্রতিযোগিতায় পুরুষদের স্ট্রিট ইভেন্টে সোনার পদক পেলেন জাপানের ইউটো হরিগোম। ৩৭.১৮ স্কোর করে সোনার পদক পেলেন ২২ বছর বয়সি ইউটো। প্রসঙ্গত উল্লেখ্য, রুপোর পদক পেয়েছেন ব্রাজিলের কেলভিন হাফলার ও ব্রঞ্জ পদক পেয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের জাগার ইটন। উল্লেখ্য, এই প্রথম অলিম্পিকে 'স্কেটবোর্ডিং'কে ক্যাটেগরি হিসাবে অন্তর্ভুক্ত করা হল।

২৮ জুলাই : লেবাননের প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন নাজিব মিকাতি।

□ 'ইউনেস্কো'র বিশ্ব ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত হল ব্রাজিলের শহর রিও ডি জেনেরিওর একটি ল্যান্ডস্কেপ উদ্যান 'সিটিও বার্লে মার্কস' সাইট। এই উদ্যানটিতে প্রায় ৩,৫০০ প্রজাতির উদ্ভিদ রয়েছে ও এটি বোটানিক্যাল ও ল্যান্ডস্কেপ পরীক্ষার জন্য একটি পরীক্ষাগার হিসাবে বিবেচিত হয়।

□ শ্রীলঙ্কার রত্নপুরায় একটি বাড়িতে কুয়ো খননের সময় উদ্ধার হল বিশাল আকারের এক নীলা পাথর। আড়াই মিলিয়ন ক্যারেটের এই পাথরটির ওজন ৫১০ কেজি। এই মূল্যবান পাথরের দাম ১০ কোটি মার্কিন ডলার। এটিই বিশ্বের সবথেকে বড় নীলা পাথর বলে মনে করা হচ্ছে। এত বড় মাপের নীলা পাথর এর আগে বিশ্বের কোথাও পাওয়া যায়নি।

□ ভারতের প্রথম রাজ্য হিসাবে, তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের জন্য সব সরকারি চাকরিতে ১% সংরক্ষণ চালু করল কর্ণাটক সরকার। এজন্য কর্ণাটক সিভিল সার্ভিসেস (সাধারণ নিয়োগ) বিধি, ১৯৭৭ সংশোধন করা হয়েছে।

□ সম্প্রদায়ভিত্তিক সংস্থার সহযোগিতায়, তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের জন্য 'গরিমা গৃহ' স্থাপন করার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় সামাজিক, ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী আবাইয়া নারায়ণস্বামী লোকসভায় জানান, তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের নিরাপদ আশ্রয় দেওয়ার লক্ষ্যে ১২টি প্রাথমিক আশ্রয়কেন্দ্র চালু করা হয়েছে। মহারাষ্ট্র, দিল্লি, পশ্চিমবঙ্গ, রাজস্থান, বিহার, ছত্তিশগড়, তামিলনাড়ু আর ওড়িশায় এই আশ্রয়কেন্দ্র স্থাপন করা হচ্ছে।

□ 'Intrinsic' নামে একটি নতুন রোবোটিক্স কোম্পানি চালু করার কথা ঘোষণা করল 'গুগল'এর মূল কোম্পানি 'অ্যালফাবেট'। এই নতুন কোম্পানি শিল্প রোবট সফটওয়্যার তৈরি করবে।

১৯৫৬ সালে আন্তর্জাতিক খেতাব জয়ী প্রথম ভারতীয় কিংবদন্তি ব্যাডমিন্টন খেলোয়াড় নান্দু নাটেকর (৮৮ বছর) মারা গেলেন। ১৫ বছরের কেরিয়ারে ভারতের হয়ে ১০০টিরও বেশি জাতীয় ও আন্তর্জাতিক খেতাব জয় করেছিলেন তিনি। ১৯৬১ সালের প্রথম 'অর্জুন পুরস্কার' পেয়েছিলেন তিনি।

২৯ জুলাই : পেরুর প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন গুইদো বেল্লিদো।

□ ২৯ জুলাই 'আন্তর্জাতিক বাঘ দিবস' উপলক্ষ্যে, 'গ্লোবাল কনজার্ভেশন অ্যাসিওর্ড টাইগার স্ট্যান্ডার্ডস'এর স্বীকৃতি পেল ভারতের ১৪টি বাঘ সংরক্ষণাগার। এগুলি হল — মানস, কাজিরাঙ্গা ও ওরাং (অসম), সাতপুরা, পান্না ও কানহা (মধ্য প্রদেশ), দুধোয়া (উত্তর প্রদেশ), পেঞ্চ (মহারাষ্ট্র), সুন্দরবন (পশ্চিমবঙ্গ), বাল্মিকী নগর (বিহার), পরম্বিকুলাম (কেরালা), মুদুমালাই ও আন্নামালাই (তামিলনাড়ু), বান্দিপুর (কর্ণাটক)।

□ ভারতের প্রথম ইলেক্ট্রনিক কোভিড-১৯ আরএনএ টেস্ট কিট 'কোভিহোম' তৈরি করল আই.আই.টি হায়দরাবাদের গবেষণা দল। এর সাহায্যে ঘরে বসে কোনো বিশেষজ্ঞের তত্ত্বাবধান ছাড়াই করোনা পরীক্ষা করা সম্ভব হবে। এই টেস্ট কিটটির সাহায্যে উপসর্গযুক্ত ও উপসর্গহীন উভয় রোগীরই ৩০ মিনিটের মধ্যে ফলাফল বের করা যাবে। এই কিটের কার্যকারিতা ৯৪.২%, সংবেদনশীলতা ৯১.৩% ও বিশিষ্টতা ৯৮.২% নিশ্চিত করা হয়েছে।

□ জাতীয় মহিলাদের অনলাইন দাবা চ্যাম্পিয়নশিপ খেতাব জিতলেন দিল্লির মেয়ে বন্তিকা আগরওয়াল। ১১ রাউন্ডে ৯.৫ পয়েন্ট পেয়ে এই খেতাব জিতলেন তিনি। ৯ পয়েন্ট পেয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন পশ্চিমবঙ্গের মেয়ে অর্পিতা মুখার্জি ও ৮.৫ পয়েন্ট পেয়ে তৃতীয় স্থানে রয়েছেন তামিলনাড়ুর মেয়ে সৃজা শেষাদ্রি।

□ ২১ শতকে জন্মানো প্রথম খেলোয়াড় হিসাবে জাতীয় সিনিয়র ক্রিকেট দলে খেলার সুযোগ পাওয়ার কৃতিত্ব অর্জন করলেন দেবদত্ত পাডিক্কাল। এদিন শ্রীলঙ্কার বিরুদ্ধে খেলার সুযোগ তিনি। ২৩ বলে ২৯ রান করেন তিনি। ২০০০ সালের ৭ জুলাই কেরালার ইডাপালে জন্মগ্রহণ করেন তিনি।

৩০ জুলাই : সরকারি, বেসরকারি ও ডিজিটাল ক্ষেত্রে মহিলাদের সুরক্ষার জন্য 'পিঙ্ক প্রোটেকশন' নামে এক প্রকল্প চালু করল কেরালা সরকার। এই প্রকল্পটির লক্ষ্য, যৌতুক সংক্রান্ত সমস্যা, সাইবার বুলিং-সহ বিভিন্ন সমস্যা প্রতিরোধ করা।

□ রাষ্ট্রসঙ্ঘ সাধারণ পরিষদের ৭৬ তম অধিবেশনের প্রেসিডেন্ট পদে বিজয়ী হলেন মলদ্বীপের বিদেশমন্ত্রী আবদুল্লাহ শহীদ। রাষ্ট্রসঙ্ঘের ইতিহাসে এই প্রথম, ইউএনজিএ'র প্রেসিডেন্টের দায়িত্ব সামলাবে মলদ্বীপ। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৬৫ সালের ২১ সেপ্টেম্বর রাষ্ট্রসঙ্ঘে যোগ দেয় মলদ্বীপ।

□ এই প্রথমবার বিমানে করে গুয়াহাটির মাধ্যমে লন্ডনে রফতানি হল নাগাল্যান্ডের 'জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন' ট্যাগ পাওয়া (২০০৮ সালে) 'রাজা মির্চা' ('কিং চিলি', 'ভূত জোলোকিয়া' নামেও পরিচিত)। 'স্কোভিল হিট ইউনিটস' অনুসারে, বিশ্বের সবথেকে ঝাল লঙ্কার তালিকায় প্রথম পাঁচে আছে এই লঙ্কা।

৩১ জুলাই : ভারতীয় নৌবাহিনীর উপপ্রধান হিসাবে দায়িত্ব নিলেন ভাইস অ্যাডমিরাল সতীশ নামদেও ঘোরমাদে।

হৃদরোগে আক্রান্ত হয়ে ভারতীয় ট্র্যাক-অ্যান্ড-ফিল্ড অ্যাথলিট মান কাউর (১০৫ বছর) মারা গেলেন। ২০১৭ সালে অকল্যান্ডে অনুষ্ঠিত, 'ওয়ার্ল্ড মাস্টার্স গেমস'এ, ১০১ বছর বয়সে ১০০ মিটার স্প্রিন্টে প্রথম হন তিনি। ভারত সরকারের তরফ থেকে 'নারী শক্তি' সম্মানও দেওয়া হয় তাঁকে।

□ সম্মানীয় 'উইল এইসনার কমিক ইন্ডাস্ট্রি পুরস্কার' পেলেন মুম্বইয়ের গ্রাফিক শিল্পী আনন্দ রাধাকৃষ্ণণ, যা কমিক জগতের অস্কার হিসাবে পরিচিত। লেখক রাম ভি'র গ্রাফিক উপন্যাস 'Blue In Green'এ অসামান্য কাজের জন্য, 'সেরা চিত্রশিল্পী/মাল্টিমিডিয়া শিল্পী (ইন্টেরিওর আর্ট)' পুরস্কার পেয়েছেন তিনি। আনন্দ ছাড়াও এই পুরস্কার পেয়েছেন যুক্তরাজ্যের কালারিস্ট জন পিয়ারসন। প্রসঙ্গত উল্লেখ্য, মার্কিন কমিক্স এডিটর ডেভ ওলব্রিচ ১৯৮৮ সালে এই পুরস্কার চালু করেন।

□ 'ভারত বিল পেমেন্ট সিস্টেম'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন নুপুর চতুর্বেদী।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

১২৫ ফিল্ড অফিসার

১ পাতার পর

শাখার গ্র্যাজুয়েটরা পার্সোনেল / হিউম্যান রিসোর্সের এম.বি.এ. বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১০টি। চাকরি হবে হিউম্যান রিসোর্স শাখায়।

ফিল্ড অফিসার : চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি, কস্ট অ্যাকাউন্টান্সি কোর্স পাশরা যোগ্য। ফিনান্স স্পেশালাইজেশন হিসাবে এম.বি.এ. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ১০টি। চাকরি হবে ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস শাখায়।

জুনিয়র ফিল্ড অফিসার : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩০টি। চাকরি হবে সিভিল শাখায়।

জুনিয়র ফিল্ড অফিসার : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২৫টি। চাকরি হবে ইলেক্ট্রিক্যাল শাখায়।

জুনিয়র ফিল্ড অফিসার : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২০টি। চাকরি হবে মেকানিক্যাল শাখায়।

জুনিয়র ফিল্ড অফিসার : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা পার্সোনেল ম্যানেজমেন্ট, সোশ্যাল ওয়ার্ক, লেবার ওয়েলফেয়ার, বিজনেস ম্যানেজমেন্ট, অফিস ম্যানেজমেন্ট বা, পাব্লিক অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১৫টি। চাকরি হবে হিউম্যান রিসোর্স শাখায়।

জুনিয়র ফিল্ড অফিসার : চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, সি.এম.এ-র ইন্টার পাশ কিংবা এম.কম. কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৫টি। চাকরি হবে ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস শাখায়।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ২৪-৮-২০২১'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক ফিল্ড অফিসার পদের বেলায় ৬০,০০০ টাকা ও জুনিয়র ফিল্ড ইঞ্জিনিয়ার ও জুনিয়র ফিল্ড অফিসার পদের বেলায় ৪৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মধ্যে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। পরীক্ষা হবে নিউ দিল্লি, চণ্ডীগড়, দেরাদুন ও সিমলায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.sjvn.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ফিল্ড ইঞ্জিনিয়ার বা, অফিসার পদের বেলায় ৩০০ ও ফিল্ড অফিসার পদের বেলায় ৬০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

ভারত ইলেক্ট্রনিক্সে ৫১১

১ পাতার পর

প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য।

ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল বর্ষের প্রার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় জয়েনিংয়ের সময় প্রভিশনাল সার্টিফিকেট দিতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ আরো ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ২৫,০০০ টাকা, দ্বিতীয় বছর ২৮,০০০ টাকা ও তৃতীয় বছর ৩১,০০০ টাকা। শূন্যপদ : ৩০৮টি (জেনাঃ ১২৪, ই.ডব্লু.এস. ৩১, ও.বি.সি. ৮৩, তঃজাঃ ৪৭, তঃউঃজাঃ ২৩)।

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-। : ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক.) কোর্স পাশরা প্রথম শ্রেণির নম্বর (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। শুরুতে ২ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৩৫,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪০,০০০ টাকা, তৃতীয় বছর ৪৫,০০০ টাকা ও চতুর্থ বছর ৫০,০০০ টাকা। শূন্যপদ : ২০৩টি (জেনাঃ ৮৪, ই.ডব্লু.এস. ২১, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৪)।

সব পদের বেলায় বয়স হতে হবে ১-৮-২০২১'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে বেঙ্গালুরু কমপ্লেক্সে।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর, পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা আর ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.bel-india.in

এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ প্রোজেক্ট ইঞ্জিনিয়ার -। পদের বেলায় ৫০০ টাকা আর ট্রেনি ইঞ্জিনিয়ার-। পদের বেলায় ২০০ টাকা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

করোনার পর কী পড়লে পছন্দের মাইনের চাকরি পাবেই

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া : আজকের করোনা পরবর্তী পরিস্থিতিতে চাকরির বাজার খুবই অনিশ্চিত। কোন পথে এগোলে বা কোন বিষয় নিয়ে পড়লে সুনিশ্চিতভাবে চাকরি পাওয়া যাবে, তা নিয়ে নতুন প্রজন্মের মধ্যে তৈরি হয়েছে এক চরম অনিশ্চয়তা। তাই গতানুগতিক পথে না চলে এখন ছাত্রছাত্রীদের বেছে নিতে হবে এমন সব বিষয়, যেসব পড়লে পরিস্থিতি যাই হোক না কেন, তারা চাকরি পাবেই। এই বিষয়ে জানার জন্যই আমরা পূর্ব মেদিনীপুর তথা রাজ্যের স্বনামধন্য প্রতিষ্ঠান হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টের ক্যাম্পাসে সরাসরি চলে গেছিলাম। কথা বললাম ওই প্রতিষ্ঠানের ডিরেক্টর ড. সৌমেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে। তিনি জানালেন, 'দেখুন এখন মানুষের হাতে টাকাপয়সা খুবই কম। সঞ্চিত অর্থ প্রায় শেষ। আর যাঁদের হাতে কিছুটা হলেও টাকাপয়সা আছে, তাঁরাও তা খরচ করতে দু'বার ভাবছে। তাই আজকে দাঁড়িয়ে এটা বলা যায় যে, করোনার পর মানুষ কীভাবে টাকাপয়সা বিনিয়োগ করবে, তা জানার জন্য যদি কেউ গাইড করতে পারে, তাহলে তাঁর আর চাকরি পেতে কোনো অসুবিধাই হবে না। এরকমই Skilled ছেলেমেয়ে তৈরি করার কোর্সই হল 'ইন্সিওরেন্স অ্যান্ড রিস্ক ম্যানেজমেন্ট'। অর্থাৎ এই কোর্স করে চাকরির জন্য হা পিত্যেশ করে বসে থাকতে হবে না, বরং চাকরিই সরাসরি আপনার কাছে আসবে।' এই কোর্স সম্বন্ধে বলতে গিয়ে সৌমেন্দ্রবাবু আরও জানালেন, 'এটি শুধুমাত্র কোর্স নয়। এখনকার অন্যতম অ্যাপ্লিকেশন বেসড কারিকুলাম-যা করোনার পর বেকার ছেলেমেয়েদের জন্য ভবিষ্যতে নিজের পছন্দমতো চাকরি পাওয়ার চাবিকাঠি।' এ-তো গেল কোর্সের কথা। এখন জানতে হবে আমাদের রাজ্যে বেকার ছেলেমেয়েদের জন্য এই কোর্স পড়ানোর সঠিক প্রতিষ্ঠান আছে কিনা। এই ব্যাপারে নির্দ্বিধায় নাম নেওয়া যায় 'হলদিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি'র।

এই কোর্স পড়লে চাকরি কোথায় পাব ? 'ইন্সিওরেন্স অ্যান্ড রিস্ক ম্যানেজমেন্ট'এ বি.বি.এ পড়লে আপনি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে 'রিস্ক অ্যানালিস্ট' পদে খুব শীঘ্রই নিজের কেরিয়ার গড়তে পারবেন। মানুষকে বিনিয়োগের সঠিক পথ দেখানো, কোন খাতে বিনিয়োগ করলে বেশি রিটার্ন পাওয়া যাবে, সেসব বিষয়ে সঠিক দিকে চালনা করাই হবে 'রিস্ক অ্যানালিস্ট'এর কাজ। এখন এই পেশার কর্মীদের চাহিদা ব্যাপক হারে বেড়েছে। কিন্তু এর কারণ কী? উত্তরটা দিতে গিয়ে সৌমেন্দ্রবাবু বললেন - 'দেখুন এই পেশার চাহিদা আর কখনোই কমবে না, উল্টে প্রত্যেক বছর বাড়বে। বিগত কয়েক বছর ধরে সাধারণ মানুষ আর ব্যাঙ্ক বা পোস্ট অফিসে ফিক্সড ডিপোজিট রাখছে না। তারা এখন অনেক বেশি ইচ্ছুক মিউচুয়াল ফান্ড বা শেয়ার মার্কেটে বিনিয়োগ করতে। কিন্তু মানুষ জানেনা ওইসব ক্ষেত্রে কীভাবে বিনিয়োগ করবে? এই পেশায় কাজ জানা ভালো ছেলেমেয়ের তাই এখনও ব্যাপক অভাব রয়েছে। আর এখানেই লাগবে এই কোর্সে পড়া Skilled ছেলেমেয়ে-যাঁদের ভবিষ্যত ইন্ডাস্ট্রিতে অপরিহার্য।' আর এই বিষয়ের ওপর বি.বি.এ কোর্সে ভরতি চলছে 'হলদিয়া ইনস্টিটিউট অফ মেরিটাইম সায়েন্স অ্যান্ড রিসার্চ'এ। এই প্রতিষ্ঠানটি 'মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি' দ্বারা স্বীকৃত। এই প্রতিষ্ঠানে প্রথম দিন থেকেই প্রত্যেক ছাত্রছাত্রীকে হাতে-কলমে প্রশিক্ষণ দিয়ে যেকোনো আর্থিক প্রতিষ্ঠানে চাকরির উপযুক্ত করে তোলা হবে। এখানে অভিজ্ঞ শিক্ষক মণ্ডলী, সুসজ্জিত ল্যাবরেটরি ও অসাধারণ সুন্দর ক্যাম্পাসে পড়াশোনা করার সুযোগ তো রয়েইছে, এছাড়াও এই ইনস্টিটিউটটির বিভিন্ন নামি-দামি ইন্ডাস্ট্রির সঙ্গে গাঁটছড়া রয়েছে, যাতে ছাত্রছাত্রীরা এই কোর্স পড়ে ক্যাম্পাস থেকেই চাকরি হাতে নিয়ে বেরোবে।

রিস্ক অ্যানালিসিস পড়ে কী হবে? চাকরি আদৌ পাব কিনা? এই পেশায় গেলে মাইনে কত পাব — এইসব প্রশ্নের সহজ উত্তর পেতে যোগাযোগ করুন এই নম্বরে : ৭৭৯৭৯১৭৭৯৭।

সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

সাধারণ বিজ্ঞান

১। 'নাসা'র 'হাবল টেলিস্কোপ' সম্প্রতি বৃহস্পতির কোন উপগ্রহে জলের প্রমাণ পেল — গ্যানিমিড।

২। ক্ষুদ্রতম করোটি স্নায়ু কোনটি — অপটিক।

৩। কঙ্কালের কোন অংশ সুষুম্নাকাণ্ডকে বাঁচায় — মেরুদণ্ড।

৪। যন্ত্রের মাধ্যমে সুস্থ মানুষের দেহ থেকে রোগীর শরীরে রক্ত সঞ্চালন করার প্রক্রিয়া প্রথম কবে শুরু হয় — ১৮১৮ সালে।

৫। রেণুস্থলী প্রাচীরের স্থূল প্রাচীরযুক্ত কোশীয় অংশের নাম কী — অ্যানুলাস।

৬। রক্তচাপ মাপার মেশিন কবে আবিষ্কৃত হয় — ১৮৯৬ সালে।

৭। ফিতাকৃমির মুখ্য পোষক কী — মানুষ।

৮। 'বায়োটা' কী — কোনো নির্দিষ্ট স্থানের সব প্রজাতির জীবের একত্রীকরণ।

৯। কে প্রথম কেঁচোকে 'কৃষকের বন্ধু' বলেন — ডারউইন।

১০। কে প্রথম 'অণুবীক্ষণ যন্ত্র'এ কোশের

খোঁজ পান — রবার্ট হুক।

ইতিহাস

১১। ইংরেজ পর্যটক রালফ ফীচ কত খ্রিস্টাব্দে ভারতে এসেছিলেন — ১৫৭৯ খ্রিস্টাব্দে।

১২। প্রাচীন ভারতের একটি বিখ্যাত সামুদ্রিক বন্দরের নাম কী — তাম্রলিপ্ত (এখনকার তমলুক)।

১৩। চিনা পরিব্রাজক ফা হিয়েন কোন সময়ে ভারতে ছিলেন — ৩৯৯ খ্রিস্টাব্দ থেকে ৪১৪ খ্রিস্টাব্দ পর্যন্ত।

১৪। মোগল বাহিনী কত খ্রিস্টাব্দে হুগলি জেলা দখল করে — ১৬৩২ খ্রিস্টাব্দে।

১৫। আকবর বাদশাহের আমলে সপ্তগ্রামকে কী বলা হত — 'বালঘাকখানা' বা, 'বিদ্রোহস্থান'।

১৬। কত খ্রিস্টাব্দে পাঠানরা সপ্তগ্রাম লুঠ করে — ১৫৯২ খ্রিস্টাব্দে।

১৭। ১৬৮৬ খ্রিস্টাব্দে হুগলিতে নবাব সৈন্যের সঙ্গে সংঘর্ষে ইস্ট ইন্ডিয়া কোম্পানির বাণিজ্যকুঠি ধ্বংস হয়ে যায়। কোম্পানির ক্ষতিপূরণ কত ছিল — ৪৫ লাখ টাকা।

১৮। 'অস্টেন্ড ইস্ট ইন্ডিয়া কোম্পানি' কত খ্রিস্টাব্দে, কারা গঠন করেন — বেলজিয়মের কয়েকজন দুর্ধর্ষ বণিক, ১৭১২ খ্রিস্টাব্দে।

১৯। মুর্শিদকুলি খাঁ'র রাজ্যকালের পূর্ব পর্যন্ত প্রাদেশিক রাজস্ব সচিব কে ছিলেন — বাদশাহ নিয়োজিত বাঙ্গলার দেওয়ান।

ভূগোল

২০। 'ম্যাগমা' কী — ভূগর্ভস্থ গলিত উত্তপ্ত তরল পদার্থ।

২১। ব্রহ্মকুণ্ডে কোন ৩টি নদী মিলিত হয়েছে — ডিবং, লুহিত ও ডিহং।

২২। কৃষ্ণরাজসাগর হ্রদ কোন নদীতে অবস্থিত — কাবেরী।

২৩। দাক্ষিণাত্যের মালভূমির পর্বতময় অঞ্চল কী নামে পরিচিত — মালনাদ।

২৪। কার্ডামাম পাহাড়ের সবচেয়ে দক্ষিণের গিরিপথটির নাম কী — শেঙ্কোটা।

২৫। বিশ্বের বৃহত্তম তৈলখনির নাম কী — সৌদি আরবের ধাওয়ার।

২৬। আঁধি কোন সময় প্রবাহিত হয় — সন্ধ্যার সময়।

২৭। বায়ুর ক্ষয়কার্যের ফলে সৃষ্ট ব্যাঙের ছাতার মতো আকৃতিবিশিষ্ট ভূমিরূপকে কী বলে — গৌর।

২৮। সাতপুরা কী ধরণের পর্বত — স্তূপ পর্বত।

২৯। 'বানস' কার উপনদী — চম্বল নদীর।

রাষ্ট্রনীতি

৩০। সুপ্রিম কোর্ট কত নম্বর ধারা অনুসারে, লেখ জারির মাধ্যমে মৌলিক অধিকার বলবৎ করতে পারে — ৩২ নম্বর।

৩১। 'নিবর্তনমূলক আটক আইন' কত সালে প্রণীত হয় — ১৯৫০।

৩২। 'নিবর্তনমূলক আটক আইন'এর বলে কোনো ব্যক্তিকে সর্বোচ্চ কত দিন আটক রাখা যায় — ২ মাস।

৩৩। কততম সংবিধান সংশোধনের মাধ্যমে ভোটাধিকার অর্জনের বয়সসীমা ২১ বছর থেকে কমিয়ে ১৮ বছর করা হয় — ৬১তম (১৯৮৯)।

অর্থনীতি

৩৪। 'ভারত বিল পেমেন্ট সিস্টেম'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে

সম্প্রতি কে মনোনীত হলেন — নুপুর চতুর্বেদী।

৩৫। কোন সংস্থা সম্প্রতি 'Intrinsic' নামে একটি নতুন রোবোটিক্স কোম্পানি চালু করার কথা ঘোষণা করল — 'গুগল'এর মূল কোম্পানি 'অ্যালফাবেট'।

৩৬। 'মারুতি সুজুকি' কোম্পানি সম্প্রতি তরুণদের প্রশিক্ষণের জন্য কোন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অংশীদারিত্ব গড়ল — সাবিত্রীবাই ফুলে পুণে বিশ্ববিদ্যালয়।

৩৭। সম্প্রতি 'রাষ্ট্রপতি ভবন'এ কোন ব্যাঙ্কের শাখা খোলা হল — ভারতীয় স্টেট ব্যাঙ্ক।

৩৮। কোন দেশ সম্প্রতি 'e-naira' নামে দেশীয় ক্রিপ্টোকারেন্সি চালু করল — নাইজেরিয়া।

সাম্প্রতিক ঘটনা

৩৯। সম্প্রতি মহাকাশে স্বল্প ভ্রমণ করলেন 'আমাজন' কর্তা জেফ বেজোস। কোন রকেটে করে তিনি মহাকাশে গিয়েছিলেন — নিজেরই সংস্থা 'ব্লু অরিজিন'এর তৈরি 'নিউ শেপার্ড' রকেট।

৪০। কোথায় 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হেরিটেজ' স্থাপনের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার — নয়ডার গৌতম বুদ্ধ নগরে।

৪১। কোথায় দেশের প্রথম 'গ্রিন হাইড্রোজেন' প্ল্যান্ট তৈরি করতে চলেছে ভারতের বৃহত্তম তেল সংস্থা 'ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন' — উত্তর প্রদেশের মথুরা শোধনাগারে।

৪২। ভারতে প্রথম কোন রাজ্য ব্লকচেইন প্রযুক্তি ব্যবহার করে শিক্ষার্থীদের শিক্ষামূলক নথিপত্র দেওয়ার সিদ্ধান্ত নিল — মহারাষ্ট্র।

৪৩। ভারতের কোথায় সম্প্রতি সফলভাবে বালিকা পঞ্চায়েত গঠিত হল — গুজরাতের কচ্ছ জেলায় কুনারিয়া গ্রামে (টেলিভিশন সিরিজ 'বালিকা বধূ' থেকে অনুপ্রাণিত হয়ে, এই বালিকা পঞ্চায়েতের সফল নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। যার লক্ষ্য হল, ভবিষ্যতে পঞ্চায়েত নির্বাচনের জন্য মেয়েদের মধ্যে নেতৃত্ব দেওয়ার গুণের বিকাশ ঘটানো)।

৪৪। কোন ২টি ভারতীয় সংস্থা ২০২১ সালে ১২ তম 'ইউএনডিপি ইকুয়েটর পুরস্কার' পেল — 'আধিমালাই পাজহাঙ্গুড়িইনার প্রোডিউসার কোম্পানি লিমিটেড' ও 'স্নেহকুঞ্জ ট্রাস্ট' (সংরক্ষণ ও জীববৈচিত্র্যের ক্ষেত্রে অসামান্য কাজের জন্য এই পুরস্কার পেল তারা)।

৪৫। ভারতে কোথায় প্রথম 'মঙ্ক ফল' চাষের অনুশীলন শুরু হল — হিমাচল প্রদেশের কুলুতে।

৪৬। গ্রামীণ অঞ্চলে ক্ষুদ্র শিল্পকে উৎসাহিত করতে ও তার প্রচার করতে, ভারতের কোন রাজ্য সরকার 'ওয়ান ব্লক, ওয়ান প্রোডাক্ট' প্রকল্প চালু করতে চলেছে — হরিয়ানা।

৪৭। ভারতের প্রথম চালকবিহীন পড ট্যাক্সি কোন রুটে চলবে — নয়ডা আন্তর্জাতিক গ্রিনফিল্ড বিমানবন্দর (বা 'জেওয়ার বিমানবন্দর') ও গ্রেটার নয়ডার নয়ডা ফিল্ম সিটির মধ্যে।

৪৮। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি প্রাথমিক পদে ও চাকরিতে নিয়োগের ক্ষেত্রে, কাপু সম্প্রদায় ও অর্থনৈতিকভাবে দুর্বল সম্প্রদায়ের জন্য ১০% সংরক্ষণের ঘোষণা করল — অন্ধ্র প্রদেশ সরকার।

৪৯। সম্প্রতি প্রয়াত ভারতীয় চিত্রসাংবাদিক দানিশ সিদ্দিকি কোন সংবাদ সংস্থার চিত্রসাংবাদিক ছিলেন — আন্তর্জাতিক সংবাদ সংস্থা 'রয়টার্স'।

৫০। সম্প্রতি প্রয়াত সুরেখা সিক্রি (৭৫ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — টেলিভিশন ও চলচ্চিত্রাভিনেত্রী।

৫১। ভারতের কোথায় সম্প্রতি আন্তর্জাতিক সহযোগিতা ও সম্মেলন কেন্দ্র 'রুদ্রাক্ষ'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — উত্তর প্রদেশের বারাণসী।

৫২। বারাণসী শহরের 'মান্দুয়াডিহ রেলওয়ে স্টেশন'এর নতুন নাম কী — বেনারস রেলওয়ে স্টেশন।

৫৩। কোন ভারতীয় সম্প্রতি ৭৪ তম 'কান চলচ্চিত্র উৎসব'এ, 'সেরা ডকুমেন্টারি'র জন্য "ল'ওয়েল ডি'ওর" (গোল্ডেন আই) পুরস্কার জিতলেন —

মুম্বইয়ের চলচ্চিত্র পরিচালক পায়েল কাপাডিয়া ('এ নাইট অফ নোয়িং নাথিং' চলচ্চিত্রটির জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৫৪। ভারতের প্রথম 'শস্য বিতরণ এটিএম' কোথায় চালু হয়েছে — হরিয়ানার গুরুগ্রাম জেলার ফারুখনগরে।

৫৫। পরিবেশ রক্ষায় অসামান্য অবদানের জন্য, কে এবছরের 'অনিরুদ্ধ ভার্গব-ইনট্যাচ' পুরস্কার পাচ্ছেন — কলকাতার নগরপাল সৌমেন মিত্র।

৫৬। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'ইলেক্ট্রিক বাইক ট্যাক্সি প্রকল্প - ২০২১' চালু করল — কর্ণাটক (এই প্রকল্পটির উদ্দেশ্য, বাস, রেলপথ ও সব মেট্রো শহরে ভ্রমণের ক্ষেত্রে যাতায়াতের সময় কমানো)।

৫৭। কোন দেশ সম্প্রতি বিশ্বের বৃহত্তম ভাসমান সৌর প্যানেল ফার্ম তৈরি করল — সিঙ্গাপুর।

৫৮। বিশ্বের প্রথম বাণিজ্যিক মডুলার ছোট চুল্লী 'লিংলং ওয়ান' (ACP100 নামেও পরিচিত) কোন দেশে তৈরি হচ্ছে — চিন।

৫৯। কোন দেশ সম্প্রতি প্রথম উপসাগরীয় দেশ হিসাবে, ইজরায়েলে দূতাবাস চালু করল — সংযুক্ত আরব আমিরশাহী।

৬০। ভারতের একক বৃহত্তম সৌর ফটোভোলটাইক প্রকল্প কোথায় তৈরি হতে চলেছে — গুজরাতের কেভাডিয়ায়, কচ্ছের রণ অঞ্চলে।

৬১। নেপালের প্রধানমন্ত্রী এখন কে — শের বাহাদুর দেউবা।

৬২। কে সম্প্রতি যুক্তরাজ্য সরকারের তরফ থেকে 'কমনওয়েলথ পয়েন্টস অফ লাইট পুরস্কার' পেলেন —

হায়দরাবাদের ৪১ বছর বয়সি সৈয়দ ওসমান আজহার মাকসুসি (তাঁর খাদ্য কর্মসূচি 'ক্ষুধার কোনো ধর্ম নেই' এর মাধ্যমে প্রতিদিন ১,৫০০ ক্ষুধার্ত মানুষকে খাবার খাওয়ানোর জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৬৩। কাকে সম্প্রতি রাজ্যসভায় লিডার অফ দ্য হাউজ হিসাবে নিয়োগ করা হল — কেন্দ্রীয় মন্ত্রী পীযূস গোয়েল।

৬৪। ভারতের তথা এশিয়ার প্রথম জাতীয় ডলফিন গবেষণা কেন্দ্র কোথায় গড়ে উঠতে চলেছে — 'পটনা বিশ্ববিদ্যালয়' প্রাঙ্গণে গঙ্গার তীরে।

৬৫। ভারতের কোন রাজ্য সরকার দেশীয় বিশ্বাস ও সংস্কৃতি রক্ষার্থে একটি স্বাধীন বিভাগ গঠনের কথা ঘোষণা করল — অসম সরকার।

৬৬। বাংলাদেশের উন্নয়নের বিষয়ে আরও ভালো ধারণা দেওয়ার জন্য, ভারতের কোথায় 'বঙ্গবন্ধু চেয়ার' স্থাপন করা হবে — দিল্লি বিশ্ববিদ্যালয়ে।

৬৭। ভারতের প্রথম বেসরকারি লিক্যুইফায়েড ন্যাচারাল গ্যাস সুবিধা কেন্দ্র কোথায় চালু হয়েছে — মহারাষ্ট্রের নাগপুরে।

৬৮। দেশের মধ্যে এই প্রথমবার, কোন রাজ্যে হিমালয়ান চমরীগাইদের বিমা করার পদ্ধতি চালু হল — অরুণাচল প্রদেশ।

৬৯। পোল্যান্ডে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নাগমা মহম্মদ মল্লিক।

৭০। ইথিওপিয়ার প্রধানমন্ত্রী এখন কে — অ্যাবি আহমেদ।

৭১। কাকে সম্প্রতি ভারতের জন্য রেসিডেন্ট গ্রিভ্যান্স অফিসার হিসাবে নিয়োগ করল 'টুইটার' — বিনয় প্রকাশ।

৭২। ভারতের প্রথম ক্রিপ্টোগামিক বাগান কোথায় চালু হয়েছে — উত্তরাখণ্ডের দেরাদুনের দেওবান অঞ্চলে।

৭৩। ২০২১ সালে কে 'বাহরাইন কেরালিয়া সমাজম' সাহিত্য পুরস্কার পেলেন — সাংবাদিক ও নাট্যকার ওমচেরি এন.এন.পিল্লাই (মালয়লম ভাষা ও সাহিত্যে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি)।

৭৪। বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে সহায়তা করার জন্য, ভারতের কোন বিমানবন্দর সম্প্রতি 'অপারেশন প্রবাহ' চালু করল — কোচিন ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেড।

৭৫। ভারতে, মার্কিন যুক্তরাষ্ট্রের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — এরিক গারসেটি।

৭৬। প্রথম আফ্রিকান-মার্কিনি প্রতিযোগী হিসাবে, ৯৩ বছরের ইতিহাসে, ২০২১ সালে কে 'স্ক্রিপস ন্যাশনাল স্পেলিং বি' জিতলেন — লুইসিয়ানার নিউ অরলিন্সের ১৪ বছর বয়সি কিশোর জাইলা অভন্ত-গার্ড (সঠিকভাবে 'Murraya' বানানটি বলে এই প্রতিযোগিতাটি জেতেন অষ্টম শ্রেণির জাইলা)।

খেলাধূলা

৭৭। 'পোল্যান্ড ওপেন'এ ৫৩ কেজি বিভাগে কে সম্প্রতি সোনার পদক পেলেন — ভারতীয় কুস্তিগির বিনেশ ফোগত (ইউক্রেনের খ্রিস্টিয়ানা বেরেজাকে হারিয়ে)।

৭৮। 'ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশন'এর প্রথম মহিলা সভাপতি হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ডেবি হেউইট।

৭৯। কে সম্প্রতি 'ইংলিশ প্রিমিয়র লিগ'এর বর্ষসেরা ফুটবলারের সম্মান পেলেন — ম্যাঞ্চেস্টার সিটির ডিফেন্ডার রুবেন ডায়াস।

৮০। 'ইন্টারন্যাশনাল সুইমিং ফেডারেশন'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — হুসেইন আল-মুসালাম।

৮১। ২০২১ সালে কে 'ব্রিটিশ গ্রাঁ প্রি' জিতলেন — মার্সিডিজের লুইস হ্যামিল্টন।

৮২। 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল' সম্প্রতি কোন ৩টি দেশকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করল — মঙ্গোলিয়া, তাজিক-ই-স্তান ও সুইৎজারল্যান্ড।

৮৩। কে সম্প্রতি 'স্পার্কাসসেন ট্রফি' জিতলেন — প্রাক্তন বিশ্ব দাবা

চ্যাম্পিয়ন বিশ্বনাথন আনন্দ (জার্মানির ডর্টমুন্ডে, রাশিয়ার ভ্লাদিমির ক্রামনিককে হারিয়ে)।

৮৪। ক্রীড়া জগতে বিশেষ অবদানের জন্য, কে আসন্ন 'টোকিও অলিম্পিক গেমস'এ 'অলিম্পিক লরেল' পুরস্কার পেতে চলেছেন — বাংলাদেশের সামাজিক উদ্যোক্তা ও অর্থনীতিবিদ মহম্মদ ইউনুস।

সঙ্কলক : পলি দেওয়ান

৩ বাহিনীতে ৩৩৯ অফিসার

১ পাতার পর

'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-৭-৯৭ থেকে ১-৭-২০০৩'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৯ মাসের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (মেন) ১৬৯টি। ১১৬তম কোর্সে ট্রেনিং শুরু ২০২২ সালের অক্টোবরে। ৩০তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২২ সালের অক্টোবরে। শূন্যপদ : ১৬টি।

ন্যাভাল অ্যাকাডেমি : ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-৭-১৯৯৮ থেকে ১-৭-২০০৩'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২২ সালের জুলাইয়ে। শূন্যপদ : ২২টি। এর মধ্যে এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট প্রাপ্তদের জন্য ৩টি।

এয়ারফোর্স অ্যাকাডেমি : উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-৭-১৯৯৮ থেকে ১-৭-২০০২'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-৭-১৯৯৬থেকে ১-৭-২০০২'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ট্রেনিং শুরু ২০২২ সালের জুলাইয়ে। শূন্যপদ : ৩২টি। এর মধ্যে এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট প্রাপ্তদের জন্য ৩টি।

এই ৪ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে ২১,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে চাকরি পাবেন। তখন মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (II)-২০২১' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা হবে ১৪ নভেম্বর। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দুটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

স্কুলে ১০ হাজার গ্রুপ 'ডি'

১ পাতার পর

আছে। রাজ্যের সব স্কুল থেকে শূন্যপদ সংগ্রহ অনেক দিন আগেই হয়েছে। স্কুল সার্ভিস কমিশন বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেবে। স্কুল সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে, কবে বিজ্ঞপ্তি বেরোবে সে বিষয়ে শিক্ষা দফতর চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। তবে বিজ্ঞপ্তি বেরোনোর জন্য কাজ চলছে।

কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি ইত্যাদি দেওয়া হল :

গ্রুপ-ডি : ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

ক্লার্ক : মাধ্যমিক বা, স্কুল ফাইনাল কিংবা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের সময় কম্পিউটার টাইপিংয়ের স্কিল টেস্ট হবে। মিনিটে অন্তত ২০টি ইংরিজি শব্দ তোলার গতিতে টাইপিং দক্ষতা দেখা হবে। যাঁরা কম্পিউটার টাইপিং জানেন না, তাঁরাও দরখাস্ত করে ওই টাইপিং যোগ্যতা অর্জন করতে পারেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

লাইব্রেরিয়ান : আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। শুরুতে মাইনে পাবেন মাসে প্রায় ১৭,১০০ টাকা।

ওপরের সব পদের বেলায়ই তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর আর প্রাক্তন সমরকর্মীরা ৫ বছর আর সরকার পোষিত জুনিয়র হাই /হাই /হায়ার সেকেন্ডারি স্কুলের নন-টিচিং কর্মীরা ৫৫ বছর বয়স পর্যন্ত বয়সে ছাড় পাবেন। চাকরি হবে মূলত বাংলা মাধ্যমের স্কুলে।

প্রার্থী বাছাই পদ্ধতি : প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন'।

গ্রুপ-ডি পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ৫০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪৫ নম্বর ও পার্সোন্যালিটি টেস্টে থাকবে ৫ নম্বর। ৪৫ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের (এম.সি.কিউ. টাইপের) এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ - ১৫ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ১৫ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১৫ নম্বর। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, পার্সোন্যালিটি টেস্টে থাকবে ৫ নম্বর আর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। ৬০ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষার প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ - ১৫ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ১৫ নম্বর, (৩) জেনারেল ইংলিশ - ১৫ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ১৫ নম্বর। লিখিত পরীক্ষায় কোয়ালিফাইং করলে ৫ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে। তারপর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। মিনিটে ২০টি শব্দ তোলার গতিতে রানিং ম্যাটার দেখে ৫ মিনিটে ইংরিজিতে কম্পিউটারে টাইপিং স্কিল টেস্ট হবে।

লাইব্রেরিয়ান : এই পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৭০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে (পেশাগত যোগ্যতা-সহ) থাকবে ২০ নম্বর ও পার্সোন্যালিটি টেস্টে থাকবে ১০ নম্বর।

ওপরের এই ৩ পদের বেলায় প্রার্থী বাছাই পদ্ধতি শেষবার যেভাবে হয়েছিল, তা দেওয়া হল। নতুন বিজ্ঞপ্তি বেরোলে পরীক্ষা পদ্ধতি আরো বিস্তারিতভাবে জানানো হবে।

শিল্প উন্নয়ন ব্যাঙ্কে ৯২০

১ পাতার পর

শুরুতে চাকরি হবে ১ বছরের চুক্তিতে। এরপর চুক্তির মেয়াদ আরো ২ বছর বাড়তে পারে। মাইনে প্রথম বছর মাসে ২৯,০০০ টাকা, দ্বিতীয় বছর মাসে ৩১,০০০ টাকা, তৃতীয় বছর মাসে ৩৪,০০০ টাকা। শূন্যপদ : ৯২০টি (জেনাঃ ৩৭৩, ও.বি.সি. ২৪৮, তঃজাঃ ১৩৮, তঃউঃজাঃ ৬৯, ই.ডব্লু.এস. ৯২, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৯, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৯, বধির প্রতিবন্ধী ৯, অন্যান্য ৯)।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ৫ সেপ্টেম্বর। পূর্ব ভারতে গ্রেটার কলকাতা, ভুবনেশ্বর, রাঁচী, পটনা ও গুয়াহাটিতে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং, (২) টেস্ট অফ ওয়ার্কিং ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (৩) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে। সময় থাকবে ৯০ মিনিট। প্রশ্ন হবে ইংরিজিতে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। সফল হলে ইন্টারভিউ। লিখিত পরীক্ষার কল লেটার ডাউনলোড করতে পারবেন ডিসেম্বরে। তপশিলী প্রার্থীদের প্রি-রিক্রুটমেন্ট ট্রেনিং হবে কলকাতা, পটনা, রাঁচী, ভুবনেশ্বর ও গুয়াহাটিতে। বিজ্ঞপ্তি নং : 4/2021-22.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ আগস্টের মধ্যে। এই ওয়েবসাইটে : www.idbi.com / www.idbibank.com অনলাইনে দরখাস্ত করার সময় একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০-৫০ কে.বি.'র মধ্যে) ও সিগনেচার (১০ থেকে ২০ কে.বি.'র মধ্যে) স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের প্যারাগ্রাফ সাদা কাগজে লিখে স্ক্যান করতে হবে : 'I_______ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and whenrequired'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর অনলাইনে পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২০০) টাকা দিতে হবে। টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই.এম.পি.এস., ক্যাশ কার্ড বা, মোবাইল ওয়ালেটে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর ই-রিসিপ্ট প্রিন্ট করে নেবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের মূল ইত্যাদি নিজের কাছে রেখে দেবেন, ইন্টারভিউয়ের সময় এইসব প্রমাণপত্র দেখাতে হবে।

এম.বি.এ কোর্সে ভরতির

১ পাতার পর

আহমেদাবাদে পড়ানো হবে : পি.জি.পি. ও পি.জি.পি.-এফ.এ.বি.এম., ই.পি.জি.পি. (৩) আই.আই.এম. অমৃতসরে পড়ানো হবে পি.জি.পি.। (৪) আই.আই.এম. ব্যাঙ্গালোর -পি.জি.পি., পি.জি.পি.ই.এম., পি.জি.পি.পি.এম., (৫) আই.আই.এম. বুদ্ধগয়ায় পড়ানো হবে পি.জি.পি। (৬) আই.আই.এম. ইন্দোরে পড়ানো হবে পি.জি.পি., পি.জি.পি-এইচ.আর.এম., (৭) আই.আই.এম. জম্মুতে পড়ানো হবে পি.জি.পি.। (৮) আই.আই.এম. কাশীপুর পড়ানো হবে পি.জি.পি., ই.পি.জি.পি., (৯) আই.আই.এম. কোজিকোড় পি.জি.পি., ই.পি.জি.পি। (১০) আই.আই.এন. লক্ষ্মৌ পড়ানো হবে পি.জি.পি., পি.জি.পি-এ.বি.এম., পি.জি.পি -এস.এম, আই.আই.এম. (৯) আই.আই.এম. নাগপুরে পড়ানো হবে — পি.জি.পি., (১০) আই.আই.এন. রায়পুরে পড়ানো হবে পি.জি.পি। (১১) আই.আই.এন. রাঁচীতে পড়ানো হবে পি.জি.পি., পি.জি.পি.-এইচ.আর.এম., (১২) আই.আই.এন. রোহতকে পড়ানো হবে পি.জি.পি., ই.পি.জি.পি., ই.পি.জি.পি.এক্স, (১৩) আই.আই.এম. সম্বলপুরে পড়ানো হবে এম.বি.এ.। (১৪) আর.জি.আই.আই.এম. শিলংয়ে পড়ানো হবে পি.জি.পি., পি.জি.পি.ই.এক্স। (১৫) আই.আই.এন. শিরমাউরে পড়ানো হবে পি.জি.পি। (১৬) আই.আই.এম. তিরুচিরাপল্লীতে পড়ানো হবে পি.জি.পি.বি.এম., (১৭) আই.আই.এম. উদয়পুরে পড়ানো হবে পি.জি.পি। (১৮) আই.আই.এম. বিশাখাপত্তনমে পড়ানো হবে পি.জি.পি.।

যে কোনো শাখার ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে এই 'ক্যাট' পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এবছরের ফাইনাল পরীক্ষার্থীরা ওই একই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও আবেদনের যোগ্য। তপশিলী জাতির প্রার্থীদের জন্য ১৫%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৭.৫%, ও.বি.সি. প্রার্থীদের জন্য ২৭%, ই.ডব্লু.এস. প্রার্থীদের জন্য ১০%, প্রতিবন্ধীদের জন্য ৫% সীট সংরক্ষিত।

সব কোর্সের বেলায় প্রার্থী বাছাই হবে 'কমন অ্যাডমিশন টেস্ট (CAT)'এর মাধ্যমে। পরীক্ষা হবে ২৮ নভেম্বর। কলকাতা, দুর্গাপুর, শিলিগুড়ি, রাঁচী, পটনা, গুয়াহাটি, ভুবনেশ্বর ও জামশেদপুর-সহ সারা ভারতের ১৫৮টি কেন্দ্রে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২৭ অক্টোবর থেকে ২৮ নভেম্বর পর্যন্ত। ফল বেরোবে জানুয়ারির দ্বিতীয় সপ্তাহে। ক্যাট স্কোর বৈধ থাকবে ২০২২ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত। এই পরীক্ষায় সফল প্রার্থী-তালিকার ওপর দিকে স্থান থাকলে, তবেই ভরতির সুযোগ পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.iimcat.ac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার সময় পরীক্ষা ফী বাবদ ২,২০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১,১০০) টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোনো অসুবিধা হলে ফোন করতে পারবেন এই নম্বরে : ১৮০০২১০১০৮৮।

ডাকবিভাগে কমিশন এজেন্ট

১ পাতার পর

বিক্রির জন্য 'ডিরেক্ট এজেন্ট' হিসাবে কিছু লোক নিচ্ছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ১—৭-২০২১'এর হিসাবে ১৮ থেকে ৫০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। জীবনবিমার ডাক বিভাগের সঙ্গে যুক্ত সামগ্রীর পলিসি বিক্রি করাই হল মূল কাজ। এজন্য যথারীতি কমিশন পাবেন। প্রাক্তন সমরকর্মী, জীবনবিমার প্রাক্তন অ্যাডভাইজর, মহিলা মন্ডল কর্মী, বেকার ছেলেমেয়ে, স্বনির্ভর প্রার্থীরা ওপরের ওই যোগ্যতা থাকলেও আবেদনের যোগ্য। বিমা সংক্রান্ত কোনো সামগ্রী ও কম্পিউটার চালনায় জ্ঞান থাকলে অগ্রাধিকার পাবেন। মনোনিত প্রার্থীদের সিকিউরিটি বাবদ ৫,০০০ টাকা জমা রাখতে হবে।

প্রার্থী বাছাই হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। নদিয়া দক্ষিণ ডিভিশনের বেলায় ইন্টারভিউ হবে ২৪ থেকে ২৬ আগস্ট, বেলা ১২টা থেকে ৩টে পর্যন্ত। এই ঠিকানায় : Nadia South Division, B-16, Postal Quarter, Kalyani, Nadia, PIN - 741235

বারাসাত ডিভিশনের বেলায় ইন্টারভিউ হবে ২৩ থেকে ২৭ আগস্ট বেলা ১২টায় এই ঠিকানায় : Barasat Division, Barasat, Kolkata - 700 124. পূর্ব কলকাতা ডিভিশনের বেলায় ইন্টারভিউ হবে ১৭ আগস্ট বেলা ১২টায় এই ঠিকানায় : East Kolkata Division, Kolkata - 700 163. তখন সঙ্গে নিয়ে যাবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, প্যান কার্ড, আধার কার্ডের মূল ও প্রত্যয়িত নকল আর পাশপোর্ট মাপের ফটো ও পুরো বায়োডাটা।

1. নিউক্লিয়ার রিয়াক্টরে গ্রাফাইট ব্যবহৃত হয় _____ হিসাবে।
(A) লুব্রিকেন্ট (B) ফুয়েল রড (C) কন্ট্রোল রড (D) কোটিং
2. ছাম্বা টানেলটি কোন হাইওয়ের উপর উদ্বোধন করা হয়েছে?
(A) NH 94 (B) NH 10
(C) NH 47 (D) NH 44
3. গয়টার নীচের কোনটির অভাবে হয়?
(A) ভিটামিন A (B) ভিটামিন D
(C) আয়োডিন (D) কোনটিই নয়
4. কোন অঙ্গটি স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্র দিয়ে নিয়ন্ত্রিত হয় না?
(A) হৃদপিণ্ড (B) জরায়ু (C) গ্রন্থি (D) চোখ
5. কুইনাইন পাওয়া যায় কোন উদ্ভিদ থেকে?
(A) পোস্ত (B) সিঙ্কোনা (C) ধুতুরা (D) চন্দন
6. নীচের কোন যৌগটি দেশলাই প্রস্তুতিতে ব্যবহৃত হয়?
(A) P_4 (B) PCl_3 (C) P_2O_5 (D) P_4S_3
7. দৃশ্যমান আলোকের তরঙ্গ দৈর্ঘ্য হল —
(A) 400 - 800 nm (B) 500 - 1000 nm
(C) 300 - 600 nm (D) 200 - 400 nm
8. গ্যাসোলিনের কোয়ালিটি কোনটি দিয়ে নির্ধারিত হয়?
(A) অক্টেন নাম্বার (B) সিটেন নাম্বার
(C) গোল্ড নাম্বার (D) রেনাল্ড নাম্বার
9. রকেটের জ্বালানি হিসাবে ব্যবহৃত হয় —
(A) পলিবিউটেন (B) N_2H_4
(C) N_3H (D) A এবং B উভয়ই
10. যদি কোন রোধের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ দ্বিগুণ করা হয়, তাপ উৎপন্ন বৃদ্ধি পাবে —
(A) 2 গুন (B) 4 গুন (C) 6 গুন (D) 8 গুন
11. হীরের রাসায়নিক বন্ধন হল —
(A) কোভলেন্ট (B) আয়নিক
(C) কো অর্ডিনেট (D) মেটালিক
12. সিমেন্ট, জল ও বালির মিশ্রনকে বলে —
(A) কংক্রিট (B) আরসিসি (C) মরটার (D) মনোলিথ
13. ভারতে সিংহের সংখ্যা শতকরা কত বেড়েছে?
(A) 29 % (B) 30 % (C) 33 % (D) 34 %
14. PARAM এর বিকাশে সহায়ক করেছিল —
(A) আই আইটি কানপুর (B) C-DAC (C) আই আইটি খড়গপুর (D) কোনটিই নয়
15. নীচের কোন জ্বালানির তাপন মূল্য সবথেকে বেশি?
(A) চারকোল (B) কেরোসিন (C) কাঠ (D) এল পি জি
16. নীচের কোনটি পারঅক্সাইড নয় —
(A) BaO_2 (B) Na_2O_2 (C) H_2O_2 (D) MnO_2
17. তালিকা I এর সঙ্গে তালিকা II মিলিয়ে লেখ।
তালিকা I তালিকা II
a. ভিটামিন 1. পেপসিন
b. এনজাইম 2. বিটা ক্যারোটিন
c. হরমোন 3. কেরাটিন
d. প্রোটিন 4. প্রোজেস্টেরন

	a	b	c	d
(A)	1	2	3	4
(B)	2	1	4	3
(C)	3	2	1	4
(D)	1	2	4	3

18. ধানের পাতাখসা রোগ হয় _____ এর কারণে —
(A) ফাঙ্গি (B) ব্যাকটেরিয়া (C) ভাইরাস (D) ছত্রাক
19. প্রবাসীদের জন্য বিশ্বের সবথেকে ব্যয়বহুল শহর কোনটি?
(A) সিঙ্গাপুর (B) হংকং (C) মুম্বাই (D) ব্যাংকক
20. কলার আনুবীক্ষনিক গঠন কাঠামো সংক্রান্ত বিদ্যাকে বলে —
(A) ওরোলজি (B) অস্থিওলজি
(C) হিস্টোলজি (D) সেরোমোলজি
21. কোনো উদ্ভিদের আলোর দিকে যে বৃদ্ধিজনিত চলন হয় তাকে বলে —
(A) থিগমোট্রপিজম (B) ফোটোট্রপিজম (C) জিওট্রপিজম (D) হাইড্রোট্রপিজম
22. ক্রাউন গ্লাস হল —
(A) অপটিক্যাল গ্লাস (B) রেডিয়েশন শিল্ড গ্লাস
(C) সেফটি গ্লাস (D) টাফেনড্ গ্লাস
23. একটি আয়তক্ষেত্র ও একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের পার্থক্য হয় 35 cm². যদি আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য এবং প্রস্থ বর্গক্ষেত্রটির বাহুর তুলনায় যথাক্রমে 50% বেশি ও 10% কম হয়, তাহলে আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত? (in cm²)
(A) 105 (B) 135 (C) 145 (D) 100
24. একজন মানুষ গড়ে 24 কিমি/ঘন্টা গতিতে উপরে ওঠে এবং 30 কিমি/ঘন্টা গতিতে নীচে নামে, উভয় ক্ষেত্রের দূরত্ব একই ছিল। পুরো যাত্রাপথের গড় গতিবেগ হল —
(A) 30 কিমি/ঘন্টা (B) 32.6 কিমি/ঘন্টা
(C) 30.8 কিমি/ঘন্টা (D) 26.6 কিমি/ঘন্টা
25. নিম্নলিখিত নম্বর সিরিজের প্রশ্ন চিহ্নের (?) স্থানে কী বসবে?
1, 8, 9, 64, 25, ?, 49

W.B.C.S প্রিলিমিনারি

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের ২০২১ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পদের প্রিলিমিনারি পরীক্ষা হবে ২২ আগস্ট। প্রিলিমিনারি পরীক্ষায় মোট ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হয়। এইসব বিষয়ে : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল সায়েন্স, (৩) কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) ভারতের ইতিহাস, (৫) ভারতের ভূগোল, (৬) ভারতের রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি। প্রতিটি পার্টে থাকবে ২৫টি করে প্রশ্ন। সময় আড়াই ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হয়। এবছর প্রিলিমিনারি পরীক্ষায় ঠিক যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৭৫টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন রাজ্য সরকারের পণ্য ও শুল্ক দফতরের আধিকারিক **সামিম সরকার**।

(A) 40 (B) 99 (C) 216 (D) 36
26. নিম্নলিখিত নামগুলির মধ্যে অসম কোনটি?
(A) জাপান (B) নিউজিল্যান্ড (C) শ্রীলঙ্কা (D) ভারতবর্ষ
27. যদি 'A' এর অর্থ '+', 'B' এর অর্থ '−', 'C' এর অর্থ '×' এবং 'D' অর্থ '÷', তাহলে নিম্নলিখিত বর্ণনার মান কী হবে?
8 D 2 A 6 C 3 B 5
(A) 25 (B) 17 (C) 10 (D) 30
28. দুটি প্রার্থীর মধ্যে একটি নির্বাচনে, 75% ভোটাররা তাদের ভোট দিয়েছেন, যার মধ্যে 02% ভোট অবৈধ ঘোষণা করা হয়েছিল। একজন প্রার্থী 9261 টি ভোট পেয়েছেন যা মোট বৈধ ভোটের 75% ছিল। মোট ভোটার সংখ্যা নির্ণয় করুন —
(A) 15800 (B) 16700 (C) 16800 (D) 15700
29. একজন ব্যক্তি 9.50 টাকা কেজি দরে 35 কেজি চাল এবং 10.50 টাকা কেজি দরে 30 কেজি চাল কিনেছেন। তিনি দু প্রকার চাল মিশ্রিত করেছেন। এই মিশ্রিত চাল প্রতি কেজি প্রায় কত দামে (টাকায়) বিক্রি করলে তার মোটের উপর 35% লাভ হবে?
(A) 12.50 (B) 13 (C) 13.50 (D) 12
30. একটি আয়তাকার প্লটের দৈর্ঘ্য এবং প্রস্থের অনুপাত 6:5। যদি প্রস্থ দৈর্ঘ্যের তুলনায় 34 মিটার কম হয়, তবে আয়তাকার প্লটটির পরিসীমা কত?
(A) 408 মিটার (B) 784 মিটার (C) 814 মিটার (D) 374 মিটার
31. পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য সামগ্রিক নম্বরের 40% পাওয়া প্রয়োজন। একজন ছাত্র 265 নম্বর পেয়েও সে 55 নম্বর কম পাওয়ার জন্য অনুত্তীর্ণ হয়েছে। উক্ত পরীক্ষায় মোট নম্বর কত?
(A) 750 (B) 650 (C) 550 (D) 800
32. যদি কোন ভগ্নাংশের লব 200% বৃদ্ধি করা হয় এবং হর 150% বৃদ্ধি করা হয়, তাহলে নতুন ভগ্নাংশটি হয় $\frac{9}{35}$। প্রকৃত ভগ্নাংশটি কত?
(A) 3/14 (B) 3/10 (C) 2/15 (D) 3/16
33. নিম্নলিখিত সিরিজটি সম্পূর্ণ করুন —
a__ab_baa_bb_
(A) aabb (B) bbaa (C) baba (D) abab
34. বিবেক এবং অশোক একটি নির্দিষ্ট বিন্দু থেকে যাত্রা শুরু করে। বিবেক 3 কিমি উত্তরে যাওয়ার পর ডানদিকে ঘুরে আরও 4 কিমি যান। অশোক পশ্চিম দিকে 5 কিমি যাওয়ার পর ডানদিকে ঘুরে আরও 3 কিমি যান। এখন তারা কতটা দূরে?
(A) 9 কিমি (B) 8 কিমি (C) 6 কিমি (D) 10 কিমি
35. একটি নির্দিষ্ট কোড ভাষায় 'T' কে 20 হিসাবে লেখা হয়, 'TAX' কে 20124 এবং 'XERO' 2451815 হিসাবে লেখা হয় তাহলে 'BABY' শব্দটি কোন কোডে লেখা হবে?
(A) 21224 (B) 21220 (C) অনির্ণেয় (D) 21225
(36 - 38) নিম্নের তথ্য অনুধাবন করে প্রশ্নগুলির উত্তর দাও।
অরুণ, হিতেশ, জগন, সূর্য, বিবেক, দিলীপ এবং রামনীক কাজ করেন একই সংস্থার চারটি আলাদা বিভাগে, বিভাগগুলি যথাক্রমে মার্কেটিং, এইচ আর, আইটি এবং ফাইন্যান্স।
● দুজনের বেশীজন একই বিভাগে চাকুরী করে না।
● প্রত্যেকে বিভিন্ন রং এর শার্ট পরিহিত। যেমন সাদা, নীল, ক্রিম, লাল, কালো, হলুদ এবং গোলাপী।
● অরুণ কাজ করে জগনের সাথে মার্কেটিং বিভাগে এবং অরুণ সাদা জামা পরিহিত নয়।
● বিবেক হলুদ শার্ট পরেছেন কিন্তু ফাইনান্স বিভাগে তিনি কাজ করেন না।
● হিতেশ, সূর্যের সঙ্গে একসাথে একই বিভাগে কর্মরত এবং হিতেশ কালো রং এর শার্ট পরিহিত।
● কেবলমাত্র দিলীপ 'এইচ আর' বিভাগে কাজ করেন
● রমনীক বিবেকের সাথে একই বিভাগে কর্মরত
● মার্কেটিং বিভাগ এবং আইটি বিভাগে কর্মরত কর্মীরা কেউই ক্রিম রং এর শার্ট পরেননি।
● জগন লাল শার্ট পড়েছেন; ফাইনান্স বিভাগে কাজ করেন যিনি তিনি গোলাপি শার্ট পরিধান করেছেন।
36. কারা ফাইনান্স বিভাগে কর্মরত?
(A) অরুন ও হিতেশ (B) বিবেক ও রামনীক
(C) সূর্য ও হিতেশ (D) সূর্য ও দিলীপ
37. রামনীক কি রং এর শার্ট পরিধান করেছেন?
(A) সাদা (B) ক্রিম (C) নীল (D) লাল
38. সূর্য কোন রং এর শার্ট পরিধান করেছেন?
(A) ক্রিম (B) কালো (C) গোলাপি (D) লাল
39. CBDA, GFHE, KJLI, ?
(A) NOPM (B) MNOP (C) PMNO (D) ONPM
40. প্রশ্নবোধক চিহ্নটির স্থানে কি বসবে?
4A, 12D, 28G, 60J, 124M, ?
(A) 248Q (B) 252P (C) 256T (D) 246S
41. বেমানান শব্দ, বর্ণ / গুচ্ছ চিহ্নিত করো :
(A) Hypothesis (B) Assumption (C) Observation (D) Experiment
42. বেমানান শব্দ, বর্ণ, সংখ্যা চিহ্নিত করো :
10, 13, 234, 681, 997
(A) 681 (B) 10 (C) 234 (D) 13
43. কিছু টাকা ব্যাঙ্কে সরল সুদে রাখা হল যা 4 বছরের সুদে-আসলে 1240 টাকা হল এবং 10 বছরে সুদে-আসলে 1600 টাকা হল। আসল নির্ণয় কর।
(A) 1000 টাকা (B) 800 টাকা (C) 1050 টাকা (D) 1100 টাকা
44. একটি কাজ A 10 দিনে করতে পারে, B ঐ কাজটি 20 দিনে করতে পারে, উহারা C -কে সাথে নিয়ে ঐ কাজটি 5 দিনে শেষ করে। ঐ কাজটি C -এর একা করতে কতদিন লাগবে?
(A) 10 দিন (B) 15 দিন (C) 20 দিন (D) 5 দিন
45. চার অঙ্কের একটি সংখ্যা a381 যদি 11 দ্বারা বিভাজ্য হয় তবে a-এর মান কত?
(A) 5 (B) 6 (C) 7 (D) 8
46. যদি 3 টি আমকে 4 টির ক্রয়মূল্যে বিক্রয় করা হয়, তবে লাভ হয়
(A) $16\frac{1}{3}$ % (B) $33\frac{1}{4}$ % (C) $33\frac{1}{3}$ % (D) $40\frac{1}{2}$ %
47. একটি প্রশ্নপত্রে 100 টি 2 নম্বরে প্রশ্ন আছে। প্রতিটি সঠিক উত্তরের জন্য 2 নম্বর দেওয়া হবে আর ভুল উত্তরের জন্য 1 নম্বর কাটা হবে। একজন ছাত্র সবকটি প্রশ্নের উত্তর করে 80 নম্বর পেল। ছাত্রটি কটি প্রশ্ন সঠিক উত্তর করেছিল?
(A) 70 (B) 60 (C) 80 (D) 75
48. সম্প্রতি কেন্দ্রীয় সরকার ন্যাশনাল রিক্রুটমেন্ট এজেন্সি গঠন করছে। এটি কোন্ আইনের অধীনে?
(A) কোম্পানি অ্যাক্ট, 2013 (B) পাবলিক ট্রাস্ট অ্যাক্ট, 1950
(C) সোসাইটিস রেজিস্ট্রেশন অ্যাক্ট, 1860 (D) কোনওটি নয়
49. ডিজিটাল কোয়ালিটি অফ লাইফ 2020 ইনডেক্সে ভারতের স্থান কত তম?
(A) 96 (B) 57 (C) 60 (D) 62
50. টোকিও অলিম্পিকে ভারতীয় দলের স্পনসর কে?
(A) স্টার (B) আইনক্স (C) হিরো (D) ভিবো
51. নীচের কোন আইআইটি ই-ক্লাসরুম সফটওয়্যার 'DEEKSHAK' প্রস্তুত করেছে?
(A) আই আই টি খড়গপুর (B) আই আই টি দিল্লী
(C) আই আই টি কানপুর (D) আই আই টি আহমেদাবাদ
52. হোলকার বংশের শাসক কে ছিলেন?
(A) প্রথম বাজীরাও (B) অহল্যাবাঈ (C) চাঁদ বিবি (D) শিবাজি
53. শ্রীনগরে শালিমার ও নিসাদবাগান কোন মোঘল সম্রাটের আমলে তৈরি হয়?

W.B.C.S Prelims

(A) জাহাঙ্গীর (B) বাবর (C) আকবর (D) শাহজাহান

54. কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্যের নাম কী?
(A) শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় (B) জেমস উইলিয়াম কোলভিন (C) লর্ড ক্যানিং (D) আশুতোষ মুখোপাধ্যায়

55. নীচের কে ফকির বিদ্রোহের সঙ্গে যুক্ত?
(A) ভবানী পাঠক (B) তিতুমির (C) করম শাহ (D) টিপুপাগল

56. চন্দ্রগ্রহণ হয় —
(A) যখন পৃথিবী, সূর্য ও চাঁদের মাঝে আসে (B) যখন সূর্য, চাঁদ ও পৃথিবীর মাঝে আসে (C) যখন চাঁদ, সূর্য ও পৃথিবীর মাঝে আসে (D) কোনওটিই নয়।

57. নীচের ব্যক্তিদের মধ্যে কে চরমপন্থী নেতা ছিলেন?
(A) ফিরোজশাহ মেহতা (B) গোপাল কৃষ্ণ গোখলে (C) বিপিন চন্দ্র পাল (D) সবাই

58. 'Abraham Accord' শান্তি চুক্তিটি কোন দু'টি দেশের মধ্যে হয়েছে?
(A) লেবানন ও সিরিয়া (B) ইউ এস এ ও রাশিয়া (C) ইসরায়েল ও ইউএই (D) ইরাক ও ইরান

59. কোন ফাউন্ডেশনের সঙ্গে 'মুক্তি ক্যারাভান' (Mukti Caravan) ক্যাম্পেনটি যুক্ত?
(A) স্মাইল ফাউন্ডেশন (B) কৈলাশ সত্যার্থী চিলড্রেন'স ফাউন্ডেশন (C) সেভ দ্য চাইল্ড ফাউন্ডেশন (D) পানি ফাউন্ডেশন

60. ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রনমিক্যাল ইউনিয়ন' এর সদর দফতরটি কোথায় অবস্থিত?
(A) ওয়াশিংটন (B) প্যারিস (C) জেনেভা (D) ব্রাসেলস

61. সারদা আইন কী সম্পর্কিত?
(A) বাল্য বিবাহ প্রতিরোধ (B) আন্তর্জাতি বিবাহ প্রতিরোধ (C) বহুবিবাহ প্রতিরোধ (D) বিধবা বিবাহের পক্ষে

62. 'বহিষ্কৃত ভারত' পত্রিকাটি কে চালু করেন?
(A) স্বামী বিবেকানন্দ (B) বি.আর.আম্বেদকর (C) গোপাল কৃষ্ণ গোখলে (D) সরোজিনী নাইডু

63. চরমপন্থী ও নরমপন্থীদের মধ্যে মুখ্য সমন্বয়কারী কে ছিলেন?
(A) অ্যানি বেসান্ত (B) বাল গঙ্গাধর তিলক (C) অম্বিকাচরণ মজুমদার (D) রাসবিহারী ঘোষ

64. 'eBikeGo' এর প্রচারদূত এখন কে?
(A) এম এস ধোনি (B) বিরাট কোহলি (C) হরভজন সিং (D) সুরেশ রায়না

65. নতুন জাতীয় শিক্ষানীতি 2020'তে বর্তমানে প্রচলিত 10 + 2 ব্যবস্থার বদলে কোনটি প্রস্তাব করা হয়েছে?
(A) 3+4+4+5 (B) 5+3+3+4 (C) 4+3+3+5 (D) 5+4+3+3

66. 2023 সালে মহিলাদের ফিফা বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হবে?
(A) অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড (B) স্পেন ও পর্তুগাল (C) ইংল্যান্ড ও আয়ারল্যান্ড (D) ব্রাজিল ও আর্জেন্টিনা

67. সম্প্রতি প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতিতে 'মানব সম্পদ উন্নয়ন' মন্ত্রকের নাম বদল করে 'শিক্ষা মন্ত্রক' করার কথা বলা হয়েছে। এর আগে কোন সালে 'শিক্ষা মন্ত্রক' নাম বদল করে 'মানব সম্পদ উন্নয়ন' নামটি দেওয়া হয়েছিল?
(A) 1981 (B) 1985 (C) 1989 (D) 1992

68. এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার কোন্ এয়ারপোর্টটি প্রথম এয়ারপোর্ট, যেটি সম্পূর্ণরূপে সৌর শক্তির মাধ্যমে চালিত?
(A) পুদুচেরি (B) তিরুপতি (C) গোয়া (D) আহমেদাবাদ

69. চলচ্চিত্র জগতের সঙ্গে যুক্ত বিখ্যাত ব্যক্তি সরোজ খান সম্প্রতি মারা গিয়েছেন। উনি ছিলেন একজন বিখ্যাত —
(A) পরিচালক (B) ক্যামেরাম্যান (C) কোরিওগ্রাফার (D) ড্রেস ডিজাইনার

70. ইলেক্ট্রনিক বর্জ্য পদার্থ উৎপাদনে বর্তমানে ভারতের স্থান কত তম?
(A) প্রথম (B) দ্বিতীয় (C) তৃতীয় (D) চতুর্থ

71. SERB Power / সাব পাওয়ার স্কীমটি কেন্দ্রীয় সরকার কোন বিভাগের জন্য চালু করেছে?
(A) সেল্ফ হেল্প গ্রুপ (স্বনির্ভর গোষ্ঠী) (B) ফুটপাত ব্যবসায়ী (C) কৃষক (D) মহিলা বৈজ্ঞানিক

72. টাইগারসার্কস স্কোয়াড্রন, ব্রাহ্মস সুপারসনিক ক্রুজ মিসাইল বর্তমানে খবরে আছে, এটি কোন রাজ্যে অবস্থিত?
(A) কেরল (B) তামিলনাডু (C) কর্ণাটক (D) অন্ধ্র প্রদেশ

73. কোন দেশ সম্প্রতি ইউথানাসিয়া বা, স্বেচ্ছামৃত্যুকে নিজেদের দেশে চালু করার পক্ষে গণভোট পরিচালিত করেছে?
(A) চিন (B) জাপান (C) অস্ট্রেলিয়া (D) নিউজিল্যান্ড

74. কোন শহরে ভারতের প্রথম সৌরশক্তি দ্বারা পরিচালিত তিন কামরার রেলগাড়ি চালু করা হয়েছে?
(A) মুম্বাই (B) আহমেদাবাদ (C) বারাণসী (D) তিরুবনন্তপুরম

75. 'চড়-চপোড়ি' কোন রাজ্যের সঙ্গে সম্পর্কিত?
(A) পশ্চিমবঙ্গ (B) ওড়িশা (C) অসম (D) উত্তর প্রদেশ

চটপট উত্তরের বিশ্লেষণ

1(C). 2(A). 3(C). 4(D). 5(B). 6(D). 7(A). 8(A). 9(D). 10(B). 11(A). 12(C). 13(A). 14(B). 15(D). 16(D). 17(B). 18(A). 19(B). 20(C). 21(B). 22(A).

23(B). ধরি, বর্গক্ষেত্রের বাহু = x সেমি। তাহলে আয়তক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য = $\frac{150x}{100}$ সেমি এবং প্রস্থ = $\frac{90x}{100}$ সেমি

প্রশ্নানুযায়ী, $\frac{150x}{100} \times \frac{90x}{100} - x^2 = 35$

বা, $13500x - 10000x^2 = 350000$

বা, $3500x^2 = 350000$ বা, $x^2 = 100$

তাহলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $\frac{150x \times 90x}{100 \times 100}$ সেমি²

= $\frac{150 \times 90 \times 100}{100 \times 100}$ সেমি² = 135 সেমি²

24(D). যাত্রাপথের গড় গতিবেগ

= $\frac{2 \times 24 \times 30}{24 + 30}$ কিমি/ঘন্টা = 26.6 কিমি/ঘন্টা

25(C). $1^2 = 1$; $2^3 = 8$; $(3)^2 = 9$; $(4)^3 = 64$, $5^2 = 25$; $6^3 = 216$; $7^2 = 49$.

26(B). নিউজিল্যান্ড বাদ দিয়ে সবকটি এশিয়ার দেশ।

27(B). $(8 \div 2 + 6 \times 3 - 5)$
$= 4 + 18 - 5 = 22 - 5 = 17$.

28(C). ধরি, ভোটার সংখ্যা = x তাহলে ভোট দিয়েছেন = $\frac{75x}{100}$

তাহলে বৈধ ভোট = $\frac{75x}{100} \times \frac{98}{100}$

প্রশ্নানুযায়ী, $\frac{75x \times 98}{100 \times 100} \times \frac{75}{100} = 9261$

বা, $x = \frac{9261 \times 100 \times 100 \times 100}{75 \times 98 \times 75} = 16800$

29(C). প্রতি কেজি চালের বিক্রয় মূল্য

= $\frac{(35 \times 9.50) + (30 \times 10.50)}{(35 + 30)} \times \frac{135}{100}$ টাকা = 13.50 টাকা

30(B). আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য 6x মিটার এবং প্রস্থ 5x মিটার

প্রশ্নানুসারে, $6x - 5x = 34$ বা, $x = 34$

তাহলে দৈর্ঘ্য = (34×6) মিটার = 204 মিটার

প্রস্থ = (34×5) মিটার = 170 মিটার

তাহলে আয়তাকার ক্ষেত্রটির পরিসীমা = 2 (204+170)মিটার

= 2 × 374 মিটার = 784 মিটার

31(D). 40% নম্বর = (265 + 55) বা, 40% নম্বর = 320

বা, 100% নম্বর = $\frac{320 \times 100}{40} = 800$

32(A). ধরি, ভগ্নাংশটি $\frac{x}{y}$

প্রশ্নানুযায়ী, $\frac{x + \frac{200x}{100}}{y + \frac{150y}{100}} = \frac{9}{35}$ বা,

$\frac{300x}{250y} = \frac{9}{35}$

বা, $\frac{x}{y} = \frac{9}{35} \times \frac{250}{300}$ বা, $\frac{x}{y} = \frac{3}{14}$

তাহলে নির্ণেয় ভগ্নাংশটি $\frac{3}{14}$

33(D).

a a̲ a b b̲ b a a a̲ b b b̲

34(A).

O হল বিবেকের এবং P হল অশোকের অন্তিম বিন্দু।

তাহলে তাদের মধ্যে দূরত্ব (PO) = (5 + 4) কিমি = 9 কিমি

35(D). T A X এবং X E R O [ইংরেজি বর্ণমালার 20 1 24 24 5 18 15 স্থানীয় মান]

'B ABY' কে লেখা হবে 2 1 2 25.

36(C). সূর্য ও হিতেশ। 37(A). সাদা 38(C). গোলাপি

39(D).

C B D A G F H E K J L I O N P M (+1)

40(B).

$4 \xrightarrow{\times 2+4} 12 \xrightarrow{\times 2+4} 28 \xrightarrow{\times 2+4} 60 \xrightarrow{\times 2+4} 124 \xrightarrow{\times 2+4} 252$

$A \xrightarrow{+3} D \xrightarrow{+3} G \xrightarrow{+3} J \xrightarrow{+3} M \xrightarrow{+3} P$

41(D). A, B ও C বিকল্প তিনটি হল Experiment এর অংশ।

42(A). 681 ছাড়া বাকি সংখ্যা গুলির প্রতিটির অঙ্ক (Digit) গুলির সমষ্টি একটি পূর্ণবর্গ সংখ্যা।

43(A). 4 বছরে সুদে আসলে হয় 1240 টাকা

10 বছরে সুদে আসলে হয় 1600 টাকা

তাহলে 6 বছরে সুদে আসলে হয় 360 টাকা

তাহলে 1 বছরের সুদ হয় = $\frac{360}{6}$ টাকা = 60 টাকা

4 বছরে সুদ = (60 × 4) টাকা = 240 টাকা

তাহলে আসল = (1240 − 240) টাকা = 1000 টাকা

44(C). A 10 দিনে কাজ করে 1 অংশ

তাহলে A 1 দিনে কাজ করে $\frac{1}{10}$ অংশ

B 20 দিনে কাজ করে 1 অংশ

তাহলে B 1 দিনে কাজ করে $\frac{1}{20}$ অংশ

A ও B একত্রে 1 দিনে করে = $\left(\frac{1}{10} + \frac{1}{20}\right)$ অংশ।

= $\frac{3}{20}$ অংশ। A, B ও C 1 দিনে একত্রে করে $\frac{1}{5}$ অংশ। তাহলে C 1 দিনে করে = $\left(\frac{1}{5} - \frac{3}{20}\right)$ অংশ = $\left(\frac{4-3}{20}\right)$ অংশ = $\frac{1}{20}$ অংশ

তাহলে C $\frac{1}{20}$ অংশ করে 1 দিনে

তাহলে C 1 অংশ করে 20 দিনে

45(C). 11 দ্বারা বিভাজ্যতার নিয়ম :— কোনো সংখ্যার বিজোড় স্থানের সংখ্যাগুলির সমষ্টি এবং জোড় স্থানের সংখ্যাগুলির সংখ্যাগুলির সমষ্টি যদি সমান হয় অথবা তাদের বিয়োগফল যদি 11 দ্বারা বিভাজ্য হয়, তবে সেই সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হবে।

a 381

বা, (8 + a) − (3 + 1) = 11

বা, a + 4 = 11 বা, a = 7

a এর মান হবে 7.

46(C). ধরি, 1টি আমের ক্রয়মূল্য = x টাকা

4টি আমের ক্রয়মূল্য = 4x টাকা

প্রশ্নানুসারে, 3টি আমের বিক্রয়মূল্য = 4xটাকা

1টি আমের বিক্রয়মূল্য = $\frac{4x}{3}$ টাকা

তাহলে লাভ = $\left(\frac{4x}{3} - x\right)$ টাকা = $\frac{x}{3}$ টাকা

তাহলে লাভের হার = $\frac{x \times 100\%}{3 \times x} = 33\frac{1}{3}\%$

বিকল্প পদ্ধতি :—

= $\frac{(4-3)}{3} \times 100 = \frac{1}{3} \times 100 = 33\frac{1}{3}\%$

47(B). ধরি, ঠিক হয়েছে = x টি প্রশ্ন ভুল হয়েছে = y টি প্রশ্ন

প্রশ্নানুসারে,

বা, x + y = 100 .... (i)

বা, 2x − y = 80 .... (ii)

2x + 2y = 200 .... (i)

2x − y = 80 ....(ii)

(−) (+)

বা, 3y = 120 বা, y = 40

তাহলে x = 100 - 40 = 60

তাহলে 60 টি উত্তর সঠিক করে ছিল

48(C). 49(B). 50(B). 51(A). 52(B) 53(A). 54(B). 55(A). 56(A). 57(C). 58(C). 59(B). 60(B). 61(A). 62(B). 63(C). 64(C). 65(B). 66(A). 67(B). 68(A). 69(C). 70(C). 71(D). 72 (B). 73(D). 74(D). 75(C).

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশের ওয়্যারলেস অপারেটর পদের পরীক্ষা কবে হবে? — রেজাউল হোসেন, ৩২, হরিদাস রয় রোড, শান্তিপুর, নদিয়া।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ পশ্চিমবঙ্গ পুলিশের লেডি কনস্টেবল পদের অ্যাডমিট কার্ড কবে দেওয়া হবে? — সাবিনা ইয়াসমিন।

■■ সম্ভবত পরীক্ষা হবে ২৬ সেপ্টেম্বর। তাই অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহ থেকে।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের প্রিলিমিনারি পরীক্ষায় কী কী বিষয় থাকে? নেগেটিভ মার্কিং আছে কি? প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য কত নম্বর কাটা হবে? এই পদের পরীক্ষা কবে হবে? অনলাইনে না, অফলাইনে পরীক্ষা হবে? অ্যাডমিট কার্ড ছাড়া শুরু হয়েছে কি? — পার্থ ঘোষ, ছোটো জাগুলিয়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা। বিকাশ মুর্মু, খড়গপুর, মেদিনীপুর।

■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে অফলাইনে। এখনো পর্যন্ত ঠিক আছে পরীক্ষা হবে ২৬ সেপ্টেম্বর। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৫০ নম্বর, (খ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) -৩০ নম্বর, (গ) রিজনিং-২০ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। অ্যাডমিট কার্ড দেওয়া হবে সেপ্টেম্বরের প্রথমে।

স্কুল সার্ভিসের

■ বি.এড. কোর্সের পরীক্ষার্থীরা কি প্রাইমারি ও আপার প্রাইমারির পরীক্ষা দিতে পারবে? — খুসনুদা জাহান, খেজুরডাঙ্গা, রামনাথপুর, উত্তর ২৪ পরগনা।

■■ না, পারবেনা।

■ ২০২০-'২২ সেশনে বি.এড. কোর্সে ভরতি হয়েছি। প্রথম সেমেস্টারের পরীক্ষা খুব তাড়াতাড়ি হবে শোনা যাচ্ছে। এবার স্কুল সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি বেরোবে বলে শোনা যাচ্ছে। তখন দরখাস্ত করতে পারব কি? — পূর্ণিমা সরকার শী, বেলানগর, অভয়নগর, হাওড়া। দীপাঞ্জন দে, দেগঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ না, পারবেনা।

■ পোস্ট অফিসে জি.ডি.এস. পদে কর্মরত। পরে স্কুল সার্ভিসের 'টেট' দিয়ে স্কুলে চাকরি পেতে পারি কি? — সুরঞ্জনা সরকার, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, পারবেন।

■ স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক, গ্রুপ-ডি ও লাইব্রেরিয়ান পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকতে হবে? — জয়ন্তী চক্রবর্তী, রানাঘাট, নদিয়া। পার্থ চক্রবর্তী, খড়িবাড়ি, উত্তর ২৪ পরগনা। রাহুল মন্ডল, রাওতাড়া, ভবানীপুর, বীরভূম।

■■ গ্রুপ-ডি : কোনো স্বীকৃত স্কুল, পর্ষদ বা, সংসদ কিংবা সমতুল প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা 'গ্রুপ-ডি (পিওন, হেল্পার ও ল্যাব অ্যাটেন্ড্যান্ট)' পদের জন্য আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত স্কুল, পর্ষদ বা, সংসদ কিংবা সমতুল প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা শুধুমাত্র 'গ্রুপ-ডি (নাইট গার্ড)' পদের জন্য আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত স্কুল, পর্ষদ বা, সংসদ কিংবা সমতুল প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ মেয়েরা শুধুমাত্র 'গ্রুপ-ডি (ম্যাট্রন)' পদের জন্য আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই মাধ্যমিক পাশরাও আবেদনের যোগ্য।

ক্লার্ক : মাধ্যমিক বা, স্কুল ফাইনাল কিংবা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটার টাইপিংয়ে দক্ষতা থাকতে হবে।

লাইব্রেরিয়ান : আর্টস, সায়েন্স বা, কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্স ও লাইব্রেরি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশ হতে হবে স্বীকৃত কোনো প্রতিষ্ঠানের রেগুলার / এক্সটার্নাল / প্রাইভেট /ডাকযোগে /করেসপন্ডেন্স কোর্সের মাধ্যমে। সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর আর প্রাক্তন সমরকর্মীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। স্কুল শিক্ষা দফতর সূত্রে খবর, পুজোর আগেই গ্রুপ-ডি, ক্লার্ক, লাইব্রেরিয়ান পদে কয়েক হাজার শূন্যপদের জন্য বিজ্ঞপ্তি বেরোবে।

সেনাবাহিনীর

■ ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক নিয়ে ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কি আর্মিতে যোগ দিতে পারে? — বিশাল ব্যানার্জী, দধিমুখা, বাঁকুড়া।

■■ হ্যাঁ, পারবেন।

■ ব্যারাকপুরে আর্মির র‍্যালি কি ২১ আগস্ট থেকে হবে? — সৌপ্তিম মুখার্জী, মগরা, হুগলি।

■■ ব্যারাকপুরে আর্মির র‍্যালির জন্য ২১ আগস্ট পর্যন্ত নাম রেজিস্ট্রেশন চলছে। এখনো র‍্যালি হওয়ার তারিখ ঠিক হয়নি।

■ বহরমপুরে সেনাবাহিনীর র‍্যালি কবে হবে? — অর্ঘ ঘোষ, খেনিয়াবান্দা, কুলাই, পূর্ব বর্ধমান।

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

প্রাইমারি টেট'এর

■ বি.এড. পাশ করে থাকলে প্রাইমারি টিচারের জন্য যোগ্য কি? — সঞ্চারী নাগ, বাণীপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা। ভাস্কর দে, দমদম, কলকাতা -২৮। প্রদীপ সরকার, শ্রীকৃষ্ণপুর, ধুবুলিয়া, নদিয়া।

■■ হ্যাঁ, যোগ্য।

কোর্স ও ট্রেনিং

■ বি.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোবে? — রাখী ঘোষ, কাঁকুড়গাছি, কলকাতা - ৭০০ ০৫৪।

■■ সরকারি দু'-একটি বি.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি বেরিয়েছে। পশ্চিমবঙ্গের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের অধীন বেসরকারি কলেজে বি.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি এখনো বেরোয়নি। তবে শিগগিরই বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয়া হবে।

■ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ করেছি। ডি.এল.এড. কোর্স করতে পারব কি? — শুভেন্দু দাস, মহেশতলা, বাড়োদুয়ারী, হুগলি।

■■ ডি.এল.এড. কোর্সে ভরতির জন্য উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। বিস্তারিত তথ্য গত সংখ্যার কর্মসংস্থানে দেওয়া হয়েছে। এছাড়াও বিস্তারিত তথ্য জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org, http://wbbprimaryeducation.org দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৪ আগস্ট।'

অন্যান্য চাকরির

■ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের নতুন বিজ্ঞপ্তি বেরোবে কি? — শৌভিক মাইতি, ২৭/৩, তর্ক সিদ্ধান্ত লেন, বালি, হাওড়া।

■■ আপাতত নতুন বিজ্ঞপ্তি এই মাসে বেরোনোর কোনো খবর নেই।

রেলে চাকরির

■ রেলের এন.টি.পি.সি.'র যে পরীক্ষা হল, তার ফল কবে বেরোবে? — সুরজ মুর্মু।

■■ ফল বেরোতে দেরি আছে।

■ রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? — বিশু ওঁরাও।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ রেলের স্টেশন মাস্টার পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স থাকা দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? —অমিত কুমার, হাতিয়া, বীরভূম। বিপ্লব মাঝি, পূর্ব মেদিনীপুর।

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার A-2. প্রার্থী বাছাই পরীক্ষায় থাকবে — প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক- ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। কলকাতা, শিলিগুড়ি, মালদা, রাঁচী ও গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় সফল হলে কম্পিউটার বেসড স্কিল টেস্ট হবে। তারপর সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা।

পি.এস.সি.'র

■ ২০২১ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা ২২ আগস্ট হবে কি? অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে না, কী করব? — অতনু দাস, সাউথ হাবড়া, সুভাষ রোড, উত্তর ২৪ পরগনা। শামিস সেখ।

■■ ২০২১ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা ২২ আগস্ট হবে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে : www.wbpsc.gov.in কোনো কোনো ক্ষেত্রে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে অসুবিধা হচ্ছে, তবে বারবার ক্লিক করলে ডাউনলোড করা যাচ্ছে।

■ ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. মেন পরীক্ষা কবে হবে? — প্রতিম দত্ত, বিরাটি, উত্তর ২৪ পরগনা।

■■ ২০২০ সালের ডব্লু.বি.সি.এস. মেন পরীক্ষা হবে হবে ২৭, ২৮, ২৯ ও ৩১ আগস্ট।

■ ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষা হবে ২২ আগস্ট ও মেন পরীক্ষা শুরু হবে ২৭ আগস্ট থেকে। এই দুই পরীক্ষার শেষ মুহূর্তের সাজেশন কোথায় পাব? — পার্থ বাড়ুই, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা। নরেন্দ্র হালদার, ঘোলা, সোদপুর, উত্তর ২৪ পরগনা।

■■ ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার শেষ মুহূর্তের সাজেশন-সহ প্রশ্নোত্তর ধারাবাহিকভাবে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা ও 'Appointment & Career News' পত্রিকায় আর ডব্লু.বি.সি.এস. মেন পরীক্ষার প্রতিটি বিষয়ের শেষ মুহূর্তের সাজেশন-সহ প্রশ্নোত্তর ধারাবাহিকভাবে 'সাফল্য' পত্রিকায় প্রকাশিত হচ্ছে।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

পদ	যোগ্যতা	শূন্যপদ	শেষ তারিখ	ওয়েবসাইট
কেন্দ্রীয় স্বাস্থ্য দফতরে অ্যাসিস্ট্যান্ট, অ্যাকাউন্ট্যান্ট	উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট	৪২	১৪-৮-২১	www.natboard.edu.in
৬ কেন্দ্রীয়বাহিনীর কনস্টেবল	মাধ্যমিক	২৫,২৭১	৩১-৮-২১	www.ssconline.nic.in
সি.এস.আই.আর-এ স্টেনো, অ্যাসিস্ট্যান্ট	উচ্চমাধ্যমিক	১৮	১৫-৮-২১	www.cgcri.res.in
ব্যারাকপুরে আর্মির র‍্যালি	মাধ্যমিক ও গ্র্যাজুয়েট	-	২১-৮-২১	www.joinindianarmy.nic.in
সশস্ত্র সীমা বলে হেড কনস্টেবল	উচ্চমাধ্যমিক,	১১৫	২২-৮-২১	www.ssbrectt.gov.in
টেরিটোরিয়াল আর্মিতে অফিসার	গ্র্যাজুয়েট	-	১৯-৮-২১	www.jointerritorialarmy.gov.in
কলকাতা পুলিশে সার্জেন্ট, সাব-ইন্সপেক্টর, লেডি সাব-ইন্সপেক্টর	গ্র্যাজুয়েট	৩৩০	১৯-৮-২১	www.wbpolice.gov.in
সশস্ত্র সীমা বলে সাব-ইন্সপেক্টর	আই.টি.আই. গ্র্যাজুয়েট, নার্সিং যোগ্যতা	১১৫	শেষ তারিখ ওয়েবসাইট -এ পাবেন	www.ssbrectt.gov.in
পাওয়ার গ্রিড কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস	ডিপ্লোমা ও গ্র্যাজুয়েট	১,১১০	২০-৮-২১	https://portal.mhrdnats.gov.in
ইন্ডিয়ান কাউন্সিল অফ অ্যাগ্রিকালচার রিসার্চে অফিসার	গ্র্যাজুয়েট	৬৫	২০-৮-২১	www.asrb.org.in
খানবাদের ইন্ডিয়ান ইনস্টিঃ অফ টেকনোলজিতে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট	গ্র্যাজুয়েট	৭০	৩১-৮-২১	https://nfr.iitism.ac.in
ন্যাশনাল বোর্ড অফ এক্সামিনেশনে জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট, সিনিয়র অ্যাসিস্ট্যান্ট	গ্র্যাজুয়েট	৪২	১৪-৮-২১	https://natboard.edu.in
পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে গ্রামীণ ডাক সেবক	মাধ্যমিক	২,৩৫৭	১৯-৮-২১	www.indiapost.gov.in
রাইটসে ইঞ্জিনিয়ার	গ্র্যাজুয়েট	৪৮	২৫-৮-২১	www.rites.com
উত্তর-মধ্য রেলে অ্যাপ্রেন্টিস	মাধ্যমিক, আই.টি.আই.	১৬৬৪	১-৯-২১	www.rrcprvi.org
এলাহাবাদ হাইকোর্টে [illegible] ক্লার্ক	আইনের গ্র্যাজুয়েট	১০২	২৮-৮-২১	www.allahabadhighcourt.in

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কোথায় কী সরকারি চাকরি

৭ পাতার পর

সুমন বৈইলিফ : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৩০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

দফতরি (বুক বাইন্ডার) : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৮০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

বৈইলিফ /সিল বৈইলিফ : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

নাইট গার্ড : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। ভালো স্বাস্থ্য, শারীরিকভাবে সক্ষম ও রোগমুক্ত থাকতে হয়। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

ফরাশ : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

সুইপার : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানা দরকার। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

ইংরিজি স্টেনোগ্রাফার পদের বেলায় বয়স হতে হয় ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে। বেঙ্গলী স্টেনোগ্রাফার পদের বেলায় বয়স হতে হয় ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। আর অন্যান্য সব পদের বেলায় বয়স হতে হয় ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর বয়সে ছাড় পান।

'লোয়ার ডিভিশন ক্লার্ক' ও 'ক্লার্ক কাম টাইপিস্ট' পদের বেলায় প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষা হয় ২টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, জেনারেল স্টাডিজ, অ্যারিথমেটিক। সময় থাকে দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পার্টে থাকে দু'টি গ্রুপ : গ্রুপ-এ - ইংলিশ, গ্রুপ-বি - বাংলা। প্রশ্ন হয় ডেসক্রিপ্টিভ টাইপের। প্রতিটি গ্রুপে থাকে ৫০ নম্বর। সময় থাকে মোট ১ ঘণ্টা। দ্বিতীয় পার্টে ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের কয়েক গুণ প্রার্থীকে ১০ নম্বরের পার্সোন্যালিটি টেস্টে ডাকা হয়। চূড়ান্ত তালিকা তৈরির সময় দ্বিতীয় পার্টে পাওয়া নম্বর ও পার্সোন্যালিটি টেস্টে পাওয়া নম্বর দেখা হয়।

ইংলিশ টাইপিস্ট, টাইপিস্ট, টাইপিস্ট-কাম কপিয়িস্ট, টাইপিস্ট /কপিয়িস্ট /ম্যাপিস্ট

এইসব পদের বেলায় পরীক্ষা হয় এই দু'টি পর্যায়ে : (১) প্রিলিমিনারি পরীক্ষা (অবজেক্টিভ টাইপ), (২) মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে এই ২টি বিষয় : (১) জেনারেল ইংলিশ -৩০ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় ১ ঘণ্টা। সফল হলে মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। এই টেস্টে হাতে লেখা ইংরিজি প্যাসেজ দেখে ১৫ মিনিটে ৪৫০ টি শব্দ টাইপ করতে হয়। ৫% ভুল বিবেচনা করা হয়। প্রিলি. ও মেন পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেতে হয়। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০ নম্বরের পার্সোন্যালিটি টেস্টে ডাকা হয়। তখন টাইপ রাইটিং ও কম্পিউটার চালনার দক্ষতা দেখা হয়।

গ্রুপ-ডি (সুইপার /মালি ছাড়া) পদের বেলায় প্রার্থী বাছাই হয় লিখিত পরীক্ষার মাধ্যমে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। 'সুইপার' ও 'মালি' পদের বেলায় প্রার্থী বাছাই হয় ইন্টারভিউয়ের মাধ্যমে।

'বেঙ্গলী স্টেনোগ্রাফার' পদের বেলায় প্রথম পেপারে বাংলা বিষয়ে ১০০ নম্বরের দেড় ঘণ্টার পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকে ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, প্রোজ প্যাসেজ ও ব্যাকরণ। দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের বাংলা টাইপিংয়ের পরীক্ষা। তৃতীয় পেপারে বাংলা প্যাসেজ দেখে ৪০০ নম্বরের শর্টহ্যান্ড ও ট্রান্সক্রিপশন (বাংলা) টেস্ট। এরপর হয় পার্সোন্যালিটি টেস্ট। এই টেস্টে কম্পিউটার চালনায় দক্ষতা দেখা হয়।

'ইংলিশ স্টেনোগ্রাফার' পদের বেলায় প্রথম পেপারে ৪০০ নম্বরের ডিকটেশন ও ট্রান্সক্রিপশন টেস্ট হয়। দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের পরীক্ষা হয় জেনারেল ইংলিশ বিষয়ে। এই পার্টে বানান, শব্দের সঠিক ব্যবহার, বাক্য সংশোধন, কমন ফ্রেজের ব্যবহার, সমার্থক শব্দ, বিপরীতার্থক শব্দ, পাংচুয়েশন। সময় দেড় ঘণ্টা। তৃতীয় পেপারে টাইপ রাইটার মেশিনে ১০০ নম্বরের পরীক্ষা হয়। হাতে লেখা ম্যাটার দেখে ১০ মিনিটের এই টেস্ট হয়। এরপর হয় পার্সোন্যালিটি টেস্ট। এই টেস্টে কম্পিউটার চালনায় দক্ষতা দেখা হয়।

ড্রাইভার পদের বেলায় লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট ও পার্সোন্যালিটি টেস্ট হয়।

বেঙ্গলী টাইপিস্ট পদের বেলায় পরীক্ষা হয় দু'টি পর্যায়ে : (১) প্রিলিমিনারি পরীক্ষা (অবজেক্টিভ টাইপ), (২) মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। প্রিলিমিনারি পরীক্ষায় থাকে এই ২টি বিষয় : (১) জেনারেল ইংলিশ - ৩০ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় ১ ঘণ্টা। সফল হলে মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। এই টেস্টে হাতে লেখা বাংলা প্যাসেজ দেখে ১৫ মিনিটে ৩০০টি শব্দ টাইপ করতে হয়। ৫% ভুল বিবেচনা করা হয়। প্রিলি. ও মেন পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেতে হয়। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০ নম্বরের পার্সোন্যালিটি টেস্টে ডাকা হয়। তখন কম্পিউটার চালনার দক্ষতা দেখা হয়। কলকাতা হাই কোর্টে ও জেলা জাজেস কোর্টের ওইসব পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.nic.in

কলকাতা পুর নিগমে চাকরি

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে ভালো হয়। বয়স দরকার ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা (৪০%'এর বেশি হলে) যথারীতি বয়সে ছাড় পান।

টিচার (বাংলা মাধ্যম) : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে অগ্রাধিকার পান। বয়স দরকার ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা (৪০% থেকে ৫০% প্রতিবন্ধকতা থাকলে) ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান।

দুই পদের বেলায়ই প্রার্থী বাছাই করে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। 'টিচার (বাংলা মাধ্যম)' পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, মেন পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্ট হয়। প্রিলি. পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ১০০টি প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের), (২) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স। প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় ২ ঘণ্টা। প্রশ্ন হয় ইংরিজিতে। নেগেটিভ মার্কিং নেই। সাধারণ আর ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৬০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৫০) নম্বর পেয়ে কোয়ালিফাই করলে 'মেন' পরীক্ষা দেওয়ার সুযোগ পান। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে অর্থাৎ, অন্তত ১৪০০ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হয়। মেন পরীক্ষায় থাকে ২টি পেপার। প্রথম পেপারে থাকে ২টি বিষয় : (১) এলিমেন্টারি ম্যাথমেটিক্স -৫০ নম্বর, (২) বাংলা -৫০ নম্বর। দ্বিতীয় পেপারে থাকে ২টি বিষয় : (১) জেনারেল সায়েন্স, ইতিহাস ও ভূগোল - ৫০ নম্বর, (২) ইংরিজি - ৫০ নম্বর। দু'টি পেপারে সময় থাকে আড়াই ঘণ্টা। অঙ্কে থাকে : পাটিগণিত, বীজগণিত ও জ্যামিতি। প্রশ্ন হয় মাধ্যমিক মানের। বাংলা বিষয়ে থাকে : ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা। ইংরিজি বিষয়ে থাকে : ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা। প্রশ্ন হয় মাধ্যমিক মানের। সাধারণ আর ও.বি.সি. হলে ৪৫% (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪০%) নম্বর পেলে সফল হন ও মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে পার্সোন্যালিটি টেস্টের জন্য ডাকা হয়। মেন পরীক্ষা ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হয়। মেধা তালিকা তৈরির সময় প্রিলি. পরীক্ষায় পাওয়া নম্বর যোগ হয় না।

'জুনিয়র অ্যাসিস্ট্যান্ট' পদের বেলায় প্রথমে হয় প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, মেন পরীক্ষা ও ইন্টারভিউ। প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় দেড় ঘণ্টার ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এইসব বিষয়ে : জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল সায়েন্স ও অঙ্ক। প্রশ্ন হয় ইংরিজিতে। প্রিলি. পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৬০%, তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা ৫০% নম্বর পেলে সফল হন ও মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে মেন পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হয়। মেন পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের ১৫০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হয় এই ৩টি বিষয়ে : (১) ইংরিজি - ৫০ নম্বর, (২) বাংলা ৫০ নম্বর, (৩) অঙ্ক ৫০ নম্বর। সময় থাকে ৩ ঘণ্টা। ইংরিজি ও বাংলা বিষয়ের প্রশ্ন হয় উচ্চমাধ্যমিক মানের আর অঙ্কের প্রশ্ন হয় মাধ্যমিক মানের। প্রতিটি বিষয়ে কোয়ালিফাইং নম্বর পেতে হয় অর্থাৎ, সাধারণ প্রার্থীরা ৪৫%, তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা ৪০% নম্বর পেলে সফল হন। মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীর নাম ধরে ২৫ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়। চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষায় পাওয়া নম্বর যোগ হয় না। মেন পরীক্ষায় ইংরিজি বিষয়ে প্রশ্ন থাকে ইংরিজি ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা। বাংলা বিষয়ে প্রশ্ন থাকে বাংলা ব্যাকরণ, প্রেসি লেখা, চিঠি লেখা ও প্রবন্ধ লেখা। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

সশস্ত্র সীমা বলে চাকরি

হেড কনস্টেবল (টেলিকমিউনিকেশন) : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেকট্রনিক্স ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। বয়স দরকার ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, সরকারি কর্মীরা ৫ বছর, বিভাগীয় প্রার্থীরা ৩৫ বছর বয়স পর্যন্ত আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। শরীরের মাপজোখ দরকার লম্বায় অন্তত ১৭০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন। আদিবাসি ও উপজাতিরা উচ্চতায় ৭.৫ সেমি ও বুকের ছাতিতে ৪ সেমি ছাড় পান। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯ অর্থাৎ চশমা ছাড়া বাঁ হাতিদের বাঁ চোখে ৬/৬ ও ডান হাতিদের বেলায় ডান চোখে ৬/৬ আর কাছের বেলায় ভালো চোখে J.I ও খারাপ চোখে J.II. ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা কিংবা শরীরের কোনো ত্রুটি থাকলে আবেদনের যোগ্য নন।

অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (টেলিকম) : ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশের পর কোনো স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে টেলিকমিউনিকেশন বা, ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরাও আবেদনের যোগ্য। বয়স দরকার ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

সাব-ইন্সপেক্টর (পায়োনিয়র) : বিজ্ঞান নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা, বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বয়স দরকার ২০ থেকে ২৫ বছরের মধ্যে।

অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনো) : উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশের পর কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা পর্ষদ থেকে সেক্রেটারিয়েল প্র্যাক্টিস, কমার্শিয়াল প্র্যাক্টিস বা, মডার্ণ অফিস প্র্যাক্টিসের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরাও আবেদনের যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হয়। ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৪০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকতে হয়। বয়স দরকার ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শরীরের মাপজোখ দেখা হয়। তারপর শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় থাকে এইসব বিষয় : (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, (২) ৩ সুযোগে ১১ ফুট লং জাম্প, (৩) ৩ সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প, (৪) ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। ওপরের প্রতিটি ইভেন্টে সফল হলে লিখিত পরীক্ষা দিতে হয়।

অন্যান্য পদের বেলায় এই পরীক্ষায় থাকে এইসব বিষয় : (১) ১৬ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, (২) ৩ সুযোগে ১১ ফুট লং জাম্প, (৩) ৩ সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প, (৪) ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়। ওপরের প্রতিটি ইভেন্টে সফল হলে লিখিত পরীক্ষা দিতে হয়। এই পরীক্ষায় থাকে জেনারেল নলেজ, ইংরিজি ও পদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতার ওপর অবজেক্টিভ ও ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন।

'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (টেলিকম)' পদের বেলায় ১০০ নম্বরের ২ ঘণ্টার লিখিত পরীক্ষায় থাকে এইসব বিষয় : (১) জেনারেল ইংলিশ-২০ নম্বর, (২) জেনারেল নলেজ-২০ নম্বর, (৩) ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও টেলিকমিউনিকেশন-৬০ নম্বর।

'সাব-ইন্সপেক্টর (পায়োনিয়র)' পদের লিখিত পরীক্ষায় থাকে ২টি পেপার। প্রথম পেপারে ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষায় থাকে এই ২টি বিষয় : (১) জেনারেল ইংলিশ-৫০ নম্বর, (২) জেনারেল নলেজ -৫০ নম্বর। দ্বিতীয় পার্টে ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষায় প্রশ্ন থাকে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে।

'অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনো)' পদের বেলায় লিখিত পরীক্ষায় থাকে ২টি পার্ট। প্রথম পার্টে ৩ ঘণ্টার পরীক্ষায় থাকে : (১) জেনারেল ইংলিশ -১০০ নম্বর, (২) জেনারেল নলেজ -১০০ নম্বর। দ্বিতীয় পার্টে ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষায় থাকে প্রবন্ধ (এসে) লেখা। সফল হলে শর্টহ্যান্ড ও টাইপিং টেস্ট।

এরপর সব পদের বেলায় ইন্টারভিউ হয়। সাব-ইন্সপেক্টর (পায়োনিয়ার) পদের বেলায় ১০০ নম্বর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর (স্টেনো) পদের বেলায় ২৫ নম্বরের ইন্টারভিউ। 'হেড কনস্টেবল (টেলিকমিউনিকেশন)' পদের বেলায় ১০০ নম্বরের ২ ঘণ্টার লিখিত পরীক্ষায় থাকে এই ৩টি পার্ট : (১) জেনারেল ইংলিশ-৩০ নম্বর, (২) জেনারেল নলেজ-৩০ নম্বর, (৩) ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক -৪০ নম্বর। এই পরীক্ষায় সাধারণ/প্রাক্তন সমরকর্মীরা ৫০%, তপশিলী, ও.বি.সি.'রা ৪০% নম্বর পেলে সফল হন। এরপর ৫০ নম্বরের ইন্টারভিউ হয়। ইন্টারভিউয়ের মধ্যে ১০ নম্বর দেওয়া হয় খেলাধুলা, এন.সি.সি., স্কাউট অ্যান্ড গাইড ও অন্যান্য যোগ্যতার ওপর। মেধা তালিকা তৈরির সময় সাধারণ ও প্রাক্তন সমরকর্মীদের বেলায় ৫০% (তপশিলী, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেলে চূড়ান্তভাবে সফল হন। সব শেষে ডাক্তারি পরীক্ষা। কবে কোথায় পরীক্ষা হবে তা 'কল লেটার' পাঠিয়ে জানানো হয়।

ওপরের ওইসব পদের বিজ্ঞপ্তি সরকারিভাবে বেরোলে কর্মসংস্থানে যথাসময়ে দেওয়া হবে